# Daily Monitoring Report

**Directorate of Monitoring**
**Bangladesh Betar, Dhaka**
e-mail: dmr.dm@betar.gov.bd

Srabon 07, 1433 Bangla, July 22, 2026, Wednesday, No. 197, 56th year

# H I G H L I G H T S

PM Tarique Rahman has congratulated newly appointed PM of UK Andy Burnham & expressed confidence that Bangladesh & UK will continue to strengthen their longstanding partnership under his leadership. [R. Today: 19]

Law, Justice and Parliamentary Affairs Minister has said that Mandatory pre-litigation mediation has reduced new case filings by average 62% on pilot basis program. [Jago FM: 13]

Religious Affairs Minister has announced 2027 Hajj packages setting the lowest cost at Tk 505,648 under government management and Tk 513,648 under private management. [BBC: 06]

Bangladesh Inter-Education Board Examination Regulatory Committee said information circulated on social media regarding exam schedule of Chittagong Education Board is completely false, baseless & motivated. [Jago FM: 13]

EC has decided to propose expanding disqualification criteria for candidates in local government elections by making loan guarantors who become defaulters, bill defaulters, MPO-listed teachers & dual citizens. [Jago FM: 17]

Bangladesh CNG Filling Station and Conversion Workshop Owners Association has threatened to shut down CNG filling stations across country from August 23 demanding increase in commission. [Jago FM: 17]

TIB has expressed deep concern over ruling party's unilateral use to introduce bills, violations of Rules of Procedure, laws and formation of parliamentary standing committees in Jatiya Sangsad. [Jago FM: 18]

Members of BGB has prevented India's BSF from installing cement boundary posts near the Patgram border in Lalmonirhat. [Jago FM: 13]

Student protests in New Delhi have turned violent after more than 100 people injured in police action against thousands of demonstrators during march on parliament. [R. Tehran: 09]

Qatar formally notified UN Security Council, condemning recent Iranian attacks, accusing Tehran of violating international law, and demanding full financial compensation. [BBC: 07]

**দৈনিক মনিটরিং রিপোর্ট**
**মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা**
**শ্রাবণ ০৭, বাংলা ১৪৩৩, জুলাই ২২, ২০২৬, বুধবার, নং- ১৯৭, ৫৬তম বছর**

# শিরোনাম

প্রধানমন্ত্রী তারেক রহমান যুক্তরাজ্যের নবনিযুক্ত প্রধানমন্ত্রী অ্যান্ডি বার্নহামকে অভিনন্দন জানিয়েছেন এবং আস্থা প্রকাশ করেছেন যে, তাঁর নেতৃত্বে বাংলাদেশ ও যুক্তরাজ্য তাদের দীর্ঘদিনের অংশীদারিত্বকে আরও শক্তিশালী করবে। [রে. টুডে: ১৯]

মামলাপূর্ব বাধ্যতামূলক মধ্যস্থতা কার্যক্রমের ফলে পাইলট প্রকল্পের ২০ জেলায় মামলার গড় হার ৬২ শতাংশ কমার কথা জানালেন আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রী। [জাগো এফএম: ১৩]

২০২৭ সালের হজে সরকারি ব্যবস্থাপনায় সর্বনিম্ন ব্যয় ৫ লাখ ৫ হাজার ৬৪৮ টাকা এবং বেসরকারি ব্যবস্থাপনায় ৫ লাখ ১৩ হাজার ৬৪৮ টাকা নির্ধারণের কথা জানিয়েছেন ধর্মমন্ত্রী। [বিবিসি: ০৬]

সামাজিক যোগাযোগ মাধ্যমে এইচএসসি ও সমমান পরীক্ষার সময়সূচি পরিবর্তনের বিজ্ঞপ্তিকে সম্পূর্ণ ভুয়া, ভিত্তিহীন ও উদ্দেশ্যপ্রণোদিত বলে জানিয়েছে বাংলাদেশ আন্তঃশিক্ষা বোর্ড পরীক্ষা নিয়ন্ত্রক কমিটি। [জাগো এফএম: ১৩]

এমপিওভুক্ত শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক, দ্বৈত নাগরিক, ঋণখেলাপি এবং খেলাপি ঋণের জামিনদাররা স্থানীয় সরকার নির্বাচনে প্রার্থী হতে পারবেন না বলে জানিয়েছে নির্বাচন কমিশন। [জাগো এফএম: ১৭]

কমিশন বাড়ানোর দাবিতে ২৩ আগস্ট থেকে অনির্দিষ্টকালের জন্য সব সিএনজি ফিলিং স্টেশন বন্ধ রাখার ঘোষণা দিয়েছে বাংলাদেশ সিএনজি ফিলিং স্টেশন অ্যান্ড কনভার্শন ওয়ার্কশপ ওনার্স অ্যাসোসিয়েশন। [জাগো এফএম: ১৭]

জাতীয় সংসদে আইন প্রণয়ন এবং সংসদীয় স্থায়ী কমিটি গঠনের ক্ষেত্রে কার্যপ্রণালী বিধি ও প্রচলিত সংসদীয় চর্চা লঙ্ঘন করে সরকারি দল সংখ্যাগরিষ্ঠতার একচ্ছত্র ক্ষমতার অপব্যবহারের দৃষ্টান্ত স্থাপনের অভিযোগ করেছে টিআইবি। [জাগো এফএম: ১৮]

লালমনিরহাট সীমান্তে বিএসএফ ও ভারতীয় নাগরিকদের অবৈধভাবে খুঁটি স্থাপনের চেষ্টা ব্যর্থ করে দিয়েছে বিজিবি। [জাগো এফএম: ১৩]

সংসদ অভিমুখে মিছিল চলাকালে হাজার হাজার বিক্ষোভকারীর ওপর পুলিশি অভিযানে ১০০ জনেরও বেশি আহত হওয়ার পর নয়াদিল্লিতে ছাত্র বিক্ষোভ সহিংস রূপ নিয়েছে। [রেডিও তেহরান: ০৯]

জাতিসংঘ নিরাপত্তা পরিষদে পাঠানো চিঠিতে কাতারের ভূখণ্ডে হামলার জন্য ইরানকে দায়ী করে ক্ষতিপূরণ দাবি কাতারের। [বিবিসি: ০৭]

# বিবিসি

## 'ঘুমের মধ্যে স্বপ্নে দেখি- কেউ মনে হয় আমাকে আগুনে ফেলে দিচ্ছে'

"এখনো স্কুলে গেলে প্লেন দেখলে ভয় লাগে। রাতে ঘুম হয় না। ঘুমের মধ্যে স্বপ্নে দেখি কেউ মনে হয় আমাকে আগুনে ফেলে দিচ্ছে," কথাগুলো বিবিসি বাংলাকে বলছিলেন মাইলস্টোনের বিমান দুর্ঘটনায় আহত ষষ্ঠ শ্রেণির ছাত্র নুরে জান্নাত ইউশা। গত বছর ২১ জুলাই ওই স্কুলে যুদ্ধবিমান বিধ্বস্তের ঘটনায় গুরুত্বর আহত হয়ে ঢাকার জাতীয় বার্ন ইন্সটিটিউটে দীর্ঘদিন ভর্তি ছিলেন ইউশা। ওই দুর্ঘটনার এক বছর পর, একই দিনে এই হাসপাতালে স্মরণ সভার আয়োজন করে হাসপাতাল কর্তৃপক্ষ। যেখানে ওই দুর্ঘটনায় আহত ও নিহতদের পরিবারের সদস্যরাও উপস্থিত ছিলেন। আহতদের অনেকে সেই দুর্ঘটনায় তাদের ভয়াবহ অভিজ্ঞতার কথা যেমন বলছিলেন, পরিবারগুলোও এই এক বছরের তাদের জীবনের সেই অভিজ্ঞতার কথাও জানাচ্ছিলেন। পঞ্চম শ্রেণির ছাত্রী মেহেরীন বিবিসি বাংলাকে জানান, ওই দুর্ঘটনার পর সে এখনো স্বাভাবিক জীবনে ফিরতে পারেনি। ক্ষত শরীর নিয়ে আর যাওয়া হচ্ছে না স্কুলে। সেখানেই মাইলস্টোনের বিমান দুর্ঘটনা নিয়ে সোমবার বিবিসি বাংলার বিশেষ প্রতিবেদনটির প্রসঙ্গ টানেন বক্তাদের কেউ কেউ। মাইলস্টোনে বিমান দুর্ঘটনায় নিহত স্কুল শিক্ষিকা মাহেরীন চৌধুরীর স্বামী মনসুর হেলাল বলেন, "আমরা দেখেছি, এই ঘটনাটি নিয়ে বিবিসি একটি বিশেষ ডকুমেন্টারি করেছে- ঘটনার দায় কার? এখন পর্যন্ত কোনো তদন্ত রিপোর্টও আনুষ্ঠানিকভাবে প্রকাশ হয়নি। ওই রিপোর্টে কী আছে, সেগুলোর যথাযথ বাস্তবায়ন চাই আমরা।" অনুষ্ঠানে আহত নিহতদের পরিবারগুলো সরকার ঘোষিত তদন্ত কমিশনের সুপারিশ অনুযায়ী আহত নিহতদের পরিবারগুলোকে ক্ষতিপূরণ ও আহতদের চিকিৎসা সেবা প্রদানসহ বিভিন্ন দাবির কথা তুলে ধরেন সরকারের কাছে। এই অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন প্রধানমন্ত্রী তারেক রহমানের স্ত্রী ও জিয়াউর রহমান ফাউন্ডেশনের ভাইস প্রেসিডেন্ট জুবাইদা রহমান। এসময় তিনি বলেন, "মাইলস্টোন ট্র্যাজেডির ভয়াবহতা সামলে এগিয়ে যাওয়ার ক্ষেত্রে শিক্ষক-শিক্ষার্থীসহ ভুক্তভোগী পরিবারগুলোর সদস্যরা যে সাহস, দৃঢ়তা দেখিয়েছেন, তা জাতির জন্য অনুপ্রেরণার উৎস।"

### বিবিসি বাংলার বিশেষ প্রতিবেদন প্রসঙ্গ

গত বছরের ২১ জুলাই ঢাকার উত্তরায় মাইলস্টোন স্কুল ও কলেজে বাংলাদেশ বিমান বাহিনীর যুদ্ধ বিমান বিধ্বস্তের ঘটনায় স্কুলটির ২৮ শিশুসহ মারা যায় অন্তত ৩৬ জন। এই বিমান দুর্ঘটনার পরপরই তৎকালীন অন্তর্বর্তী সরকার একটি তদন্ত কমিশন গঠন করেছিল। সেই কমিশন রিপোর্ট জমা দেওয়ার পরও, সেটি গোপন রাখা হয়েছিল এতদিন। মঙ্গলবার দুর্ঘটনার এক বছর পূর্তির দিনের এই অনুষ্ঠানে উপস্থিত আহত নিহতদের পরিবারের পক্ষ থেকে কয়েকজন বক্তব্য দেন। সেখানে উঠে আসে মাইলস্টোনের বিমান দুর্ঘটনা নিয়ে বিবিসি বাংলার বিশেষ প্রতিবেদন প্রসঙ্গ। মাইলস্টোনের বিমান দুর্ঘটনায় নিহত স্কুল শিক্ষক মাহেরীন চৌধুরী স্বামী মনসুর হেলাল বলেন, "আমরা দেখেছি, গতকাল (সোমবার) বিবিসি বাংলা এই ঘটনা নিয়ে একটি বিশেষ ডকুমেন্টারি প্রকাশ করেছে। সেখানে অনেক কিছুই আমরা দেখতে পেয়েছি।" "এই ঘটনার দায় কার, সেই বিষয়টি এসেছে। কিন্তু এখনো পর্যন্ত সরকার তদন্ত রিপোর্ট প্রকাশ করেনি। এই তদন্ত রিপোর্ট সরকারিভাবে প্রকাশ হওয়া উচিত। এটি নিয়ে আরো গভীর তদন্ত হওয়া দরকার," যোগ করেন তিনি। তদন্ত প্রতিবেদনের বরাত দিয়ে বিবিসি বাংলার বিশেষ প্রতিবেদনে মাইলস্টোন বিমান দুর্ঘটনায় মাইলস্টোন স্কুল ও কলেজের বিল্ডিং কোড না মানা, অনুমোদনহীন ভবনে ক্লাস করাসহ বিভিন্ন বিষয়গুলো উঠে এসেছিল। সেই প্রসঙ্গ টেনে মি. হেলাল তার বক্তব্যে বলেন, "স্কুলের যে বিল্ডিংটাতে এই এক্সিডেন্টটা হয়েছে, সেটায় মাত্র একটা দরজা ছিল। সেখানে ৮০০/৯০০ শিক্ষার্থীর জন্য একটা মাত্র দরজা কীভাবে থাকে। ওইদিন যদি আরো কয়েকটা দরজা থাকতো, তাহলে আরো কিছু প্রাণ আমরা বাঁচাতে পারতাম।" তদন্ত প্রতিবেদনের বরাত দিয়ে বিবিসি বাংলার বিশেষ প্রতিবেদনে বলা হয়েছিল, ঢাকার হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর এলাকায় উচ্চতার সীমা লঙ্ঘন করে ৬৩০টি স্কুল, কলেজ, হাসপাতালসহ উচ্চ ভবন গড়ে উঠেছে। ওই প্রসঙ্গ টেনে মি. হেলাল বলেন, "ভবিষ্যতে এই স্কুলের ওপর যে আরেকটা বিমান পড়বে না, এই নিশ্চয়তা কেউ দিতে পারে না। কারণ স্কুলটার অবস্থান আর এয়ারপোর্টের অবস্থান প্রায় একই। এটি আসলেই একটা বিভীষিকাময় অবস্থা। প্রতিদিন প্রায় আড়াই তিন হাজার স্টুডেন্ট ওই স্কুলটাতে যায়।" "আমার একটা আবেদন থাকবে রাষ্ট্রের কাছে, সরকারের কাছে, যাতে তারা যথাযথভাবে এই জিনিসটাকে আমলে নিয়ে তারা একটা আশু সমাধান করে। ভবিষ্যতে যেন বার্ন ইউনিটে যেন আর কোনো পোড়া রোগী আসতে না হয়," যোগ করেন তিনি।

### 'দুই ঘণ্টা পড়েও একটা লাইন মুখস্থ করতে পারি না'

মাইলস্টোনের বিমান দুর্ঘটনায় আহতদের মধ্যে ৫৭ জনকে ভর্তি করা হয়েছিল ঢাকার জাতীয় বার্ন ইন্সটিটিউটে। সেখানে থেকে অনেকে কিছুটা সুস্থ হয়ে ফিরলেও, তাদের বেশিরভাগই স্বাভাবিক জীবনে ফিরতে পারেনি এখনো। হাসপাতালের আয়োজনে এই স্মরণ অনুষ্ঠানে আসা পঞ্চম শ্রেণির ছাত্রী মেহেরীন এসেছিল তার মায়ের সাথে। ওই ঘটনার পর শারীরিকভাবে কিছুটা সুস্থ হলেও, ফিরতে পারেনি স্বাভাবিক জীবনে। গত বছর চতুর্থ শ্রেণিতে পড়তো মেহরীন। এবার ফাইভে উঠেছে। কিন্তু আগুনের ক্ষত কাটিয়ে উঠে এখনো স্কুলে যেতে পারছে না সে। মেহেরীন বিবিসি বাংলাকে বলছিলেন, "আগে একটা জিনিস পড়লে দুই মিনিটে মুখস্থ হয়ে যেতো। এখন একটা লাইন দুই ঘণ্টায় মুখস্থ করতে পারছি না। একটু রোদ লাগলে পুরো শরীর জ্বলে যায়। যে কারণে আর স্কুলে যাই না।" তিনি বলেন, "রাতে

আমি ঘুমাতে পারি না। ঘুমালে বেশিরভাগ সময় ঘুমের মধ্যে অদ্ভুত স্বপ্ন দেখি। সেই ঘটনার কথা এখনো ভুলতে পারি না।" ষষ্ঠ শ্রেণির নুরে জান্নাত ইউশার মা ইয়াসিন আক্তার জানান, তার মেয়ে বড়ো হয়ে নৃত্যশিল্পী হওয়ার শখ ছিল। কিন্তু এই দুর্ঘটনার পর তার মেয়ে কোনো কাজেই স্বাভাবিক হতে পারছে না। মিজ আক্তার বলেন, "সারাদিন চিৎকার করে, ভয় পায় আমার মেয়েটা। হঠাৎ বলে ওঠে, মা আবার মনে হয় প্লেন পড়বে। আগে পড়াশোনার প্রতি ঝোঁক ছিল। এখন আর পড়তে চায় না। বাচ্চাটাকে নিয়ে আমাদের খুব কষ্ট হচ্ছে।" হাসপাতাল আয়োজিত অনুষ্ঠানে এসেছিল আবিদ, নিলয়, দীপ্ত, মেহেরীনসহ আহতদের অনেকেই। দুই হাতে ব্যান্ডেজ, বেশিরভাগ শিশু শিক্ষার্থীই বয়ে বেড়াচ্ছে সেই ক্ষত চিহ্ন। এমন অবস্থায় তারা এসেছিলেন এই অনুষ্ঠানে। এখনো পুরোপুরি সুস্থ হয়নি ক্লাস সেভেনের ছাত্র নিলয়। সে জানাচ্ছিল, পুরোপুরি সুস্থ না হওয়ায় এখনো সে স্কুলে যেতে পারছে না। একটি অস্ত্রোপচার আগে পর্যন্ত সে আর স্কুলে যেতে পারছে না।

**পরিবারগুলোর জন্য কী করবে সরকার?**

এই অনুষ্ঠানে স্কুলটির আহত নিহতদের পরিবারের সদস্যরা যেমন ছিলেন। তেমনি স্কুলটির শিক্ষকদের কেউ কেউও উপস্থিত ছিলেন। ওই ঘটনায় আহত নিহতদের পরিবারে পক্ষ থেকে বক্তব্য রাখেন নিহত স্কুল ছাত্রী তাসনিয়ার বাবা নাজমুল হক। মি. হক এসময়, আহতদের উন্নত চিকিৎসা ও পুনর্বাসনের জন্য বর্তমান সরকারের যথাযথ সহযোগিতা কামনা করেন। একই সাথে আহত, নিহতদের পরিবারের জন্য ক্ষতিপূরণের সুপারিশ করা হয়েছিল, সেই বিষয়ে পদক্ষেপ নিতে সরকারের কাছে আহ্বানও জানান। সেখানে উপস্থিত ছিলেন স্বাস্থ্যমন্ত্রী সরদার মো. সাখাওয়াত হোসেন। তিনি এসময় বলেন, "মাইলস্টোন স্কুল অ্যান্ড কলেজে যুদ্ধবিমান দুর্ঘটনার ফলে আহতদের যদি অতিরিক্ত উন্নত চিকিৎসার প্রয়োজন হয়, তাহলে সেটি সরকারই প্রদান করবে।" যদিও আহত, নিহতদের পরিবারের জন্য ক্ষতিপূরণ নিয়ে তদন্ত কমিশন যে সুপারিশ করেছিল, সেটি বর্তমান সরকার বাস্তবায়ন কবে করবে, সে বিষয়ে কোনো খোলামেলা বক্তব্য আসেনি স্বাস্থ্যমন্ত্রীর পক্ষ থেকে। এই অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন জিয়াউর রহমান ফাউন্ডেশনের ভাইস প্রেসিডেন্ট ও প্রধানমন্ত্রী তারেক রহমানের স্ত্রী জুবাইদা রহমান। জুবাইদা রহমান বলেন, "মাইলস্টোনে আহতরা ভয়াবহ অভিজ্ঞতার পরও তারা যে সাহস ও সংকল্প নিয়ে ভবিষ্যতের দিকে এগিয়ে যাচ্ছেন, জাতি তা কোনো দিন ভুলবে না। এই কষ্টের মধ্যেও তারা যে দৃঢ়তার পরিচয় দিয়েছেন, তার জন্য তাদের ধন্যবাদ জানান তিনি।

(বিবিসি ওয়েব পেজ : ২১.০৭.২০২৬ আলী আহমেদ)

## দেশে হাম উপসর্গে মৃত্যুর সংখ্যা আটশোর কাছাকাছি

বাংলাদেশে হাম ও হামের উপসর্গে মৃত্যুর সংখ্যা চার মাসের ব্যবধানে আটশোর কাছাকাছি পৌঁছেছে। স্বাস্থ্য অধিদপ্তরের সবশেষ তথ্য অনুযায়ী, মঙ্গলবার সকাল পর্যন্ত গত ২৪ ঘণ্টায় নতুন করে চারজনের মৃত্যুর পর এই রোগের উপসর্গ নিয়ে এখন পর্যন্ত মোট মৃত্যুর সংখ্যা ৭৯৭ জনে দাঁড়িয়েছে। চলতি বছরের ১৫ মার্চ থেকে ২১ জুলাই সকাল ৮টা পর্যন্ত সন্দেহজনক হাম রোগে ৭০২ জন এবং নিশ্চিত হাম আক্রান্ত হয়ে ৯৫ জনের মৃত্যু হয়েছে। এছাড়া হামের উপসর্গ নিয়ে মঙ্গলবার সকাল পর্যন্ত গত ২৪ ঘণ্টায় নতুন করে এক হাজারের বেশি রোগী হাসপাতালে ভর্তি হয়েছে বলেও জানিয়েছে স্বাস্থ্য অধিদপ্তর।(বিবিসি ওয়েব পেজ : ২১.০৭.২০২৬ আলী আহমেদ)

## শাপলা চত্বর হত্যাকাণ্ড; দুই-একদিনের মধ্যে অভিযোগপত্র জমা

রাজধানীর মতিঝিল শাপলা চত্বরে হেফাজতের সমাবেশে হত্যাকাণ্ডের ঘটনায় আনুষ্ঠানিক অভিযোগপত্র দুই একদিনের মধ্যে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালে জমা দেওয়া হবে বলে জানিয়েছেন চিফ প্রসিকিউটর আমিনুল ইসলাম। মঙ্গলবার দুপুরে নিজ কার্যালয়ে আয়োজিত সংবাদ সম্মেলনে একথা জানান তিনি। এর আগে চিফ প্রসিকিউটর জানিয়েছিলেন যে, শাপলা চত্বরে হেফাজতে ইসলামের সমাবেশে ৬১ জনকে হত্যার তথ্য পাওয়া গেছে, যাদের মধ্যে ৫৮ জনের পরিচয় শনাক্ত করা সম্ভব হয়েছে। এছাড়া সাবেক রাষ্ট্রপতি জিয়াউর রহমান হত্যাকাণ্ডে জড়িত থাকার অভিযোগে সম্প্রতি গ্রেফতার হওয়া সেনাবাহিনীর সাবেক কর্মকর্তা মোজাফফর হোসেনকে নিয়েও কথা বলেন চিফ প্রসিকিউটর। তিনি জানান, "আগামী ২৩ তারিখ ১০টার মধ্যে তাকে আদালতে হাজির করার জন্য সেনাবাহিনীর এডজুটেন্ট জেনারেলের বরাবর একটি প্রডাকশন ওয়ারেন্ট ইস্যু হয়েছে। তাকে ট্রাইবুনালে আনা হলে আমরা তাকে শ্যোন অ্যারেস্টের আবেদন করবো।" (বিবিসি ওয়েব পেজ : ২১.০৭.২০২৬ আলী আহমেদ)

## সংসদ সদস্যের ভিডিও ভাইরালের ঘটনায় জামায়াতের বিবৃতি

সংসদ সদস্য ও বাংলাদেশ জামায়াতে ইসলামীর নেতা গাজী নজরুল ইসলামের একটি ভিডিও সামাজিক মাধ্যমে ভাইরাল হওয়ার পর এ নিয়ে নানা আলোচনা-সমালোচনা চলছে। বিভিন্ন গণমাধ্যম ও সামাজিক মাধ্যমে খবর প্রচারের প্রেক্ষিতে মঙ্গলবার এ নিয়ে বিবৃতি দিয়েছে বাংলাদেশ জামায়াতে ইসলামী। দলটির সহকারী সেক্রেটারি জেনারেল এবং কেন্দ্রীয় প্রচার ও মিডিয়া বিভাগের সেক্রেটারি, অ্যাডভোকেট এহসানুল মাহবুব জুবায়েরের দেওয়া ওই বিবৃতিতে, প্রকৃত ঘটনার তথ্য-উপাত্ত সংগ্রহ করে সাংগঠনিক নিয়ম অনুযায়ী প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়ার কথা জানানো হয়েছে। গাজী নজরুল ইসলামকে জড়িয়ে বিভিন্ন গণমাধ্যম ও সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রকাশিত খবরের দিকে বাংলাদেশ জামায়াতে ইসলামী নজর রাখছে বলেও বিবৃতিতে উল্লেখ করা হয়। সম্প্রতি সাতক্ষীরা-৪ আসনে জামায়াতে ইসলামীর

সংসদ সদস্য গাজী নজরুল ইসলামের ব্যক্তিগত মুহূর্তের একটি ভিডিও সামাজিক মাধ্যমে ছড়িয়ে পড়ে। ছড়িয়ে পড়া ভিডিওতে এক তরুণীর সঙ্গে সাতক্ষীরার শ্যামনগরের সংসদ সদস্য গাজী নজরুল ইসলামকে ঘনিষ্ঠভাবে দেখা যায়।
(বিবিসি ওয়েব পেজ : ২১.০৭.২০২৬ আলী আহমেদ)

## ভিডিওতে ভাইরাল এমপি গাজী নজরুল, জামায়াত এখন কী করবে

এক তরুণীর সাথে নিজের 'ব্যক্তিগত ঘনিষ্ঠ মুহূর্তের একটি ভিডিও' সামাজিক মাধ্যমে ভাইরাল হওয়ার পর বাংলাদেশের জামায়াতে ইসলামীর সংসদ সদস্য গাজী নজরুল ইসলাম বলছেন, ওই তরুণী তার দ্বিতীয় স্ত্রী। তার দাবি, তিনি তার প্রথম স্ত্রীর সম্মতিতে গত ১৭ জুন ওই তরুণীকে বিয়ে করেছেন। যদিও সামাজিক মাধ্যমে ওই তরুণীর একটি জীবন বৃত্তান্ত ছড়িয়ে পড়েছে। এতে সবুজ কালির কলমে 'জোর সুপারিশ করছি' লিখে স্বাক্ষর করেছেন মি. ইসলাম, যাতে তারিখ উল্লেখ আছে ২২ জুন ২০২৬। ওই জীবন বৃত্তান্তে তরুণীটির বৈবাহিক অবস্থা 'অবিবাহিত' উল্লেখ রয়েছে। ভাইরাল হয়ে পড়া ওই জীবন বৃত্তান্ত অনুযায়ী তরুণীটি ২০০৮ সালের ২২ মে জন্মগ্রহণ করেছেন। অর্থাৎ ৭৭ বছর বয়সি মি. ইসলামের দাবি অনুযায়ী ১৭ জুন বিয়ে হলে ওই দিন তরুণীটির বয়স ছিল ১৮ বছর ২৬দিন। গাজী নজরুল ইসলাম এর আগে পঞ্চম ও অষ্টম জাতীয় সংসদে জামায়াত দলীয় সদস্য হিসেবে নির্বাচিত হয়েছিলেন। সম্প্রতি জাতীয় সংসদের স্পিকার হাফিজ উদ্দিন আহমদ সংসদে জানিয়েছিলেন যে, মি ইসলাম একজন মুক্তিযোদ্ধা।
এদিকে, তরুণীর সাথে ঘনিষ্ঠতার ভিডিও ভাইরাল হওয়ার পর 'মেয়েদের শালীনভাবে চলাফেরা ও মাথায় পর্দা রাখার পরামর্শ' দেওয়া নিয়ে মি. ইসলামের একটি বক্তব্যের পুরোনো ভিডিও নতুন করে সামাজিক মাধ্যমে ভাইরাল হয়েছে। বিবিসিকে দেওয়া একটি সাক্ষাৎকারের সময় তিনি ওই মন্তব্য করেছিলেন। জামায়াতে ইসলামীর নায়েবে আমির সৈয়দ আব্দুল্লাহ মোহাম্মদ তাহের বিবিসি বাংলাকে জানিয়েছেন যে, ঘটনাটির দিকে তারা দলীয়ভাবে নজর রাখছেন এবং বেআইনি বা অবৈধ কিছুর প্রমাণ পেলে, সে অনুযায়ী দল ব্যবস্থা নেবে বলে জানিয়েছেন তিনি। তার দল জামায়াতে ইসলামীর দিক থেকেও একই বক্তব্য দিয়ে বিবৃতি দেওয়া হয়েছে।

### আলোচনায় ভাইরাল ভিডিও

সামাজিক মাধ্যমে ছড়িয়ে পড়া ভিডিওতে পাঞ্জাবি পরিহিত অবস্থায় গাজী নজরুল ইসলামকে সালোয়ার কামিজ পরিহিত এক তরুণীর সাথে ঘনিষ্ঠ অবস্থায় দেখা গেছে। তার এই ব্যক্তিগত মুহূর্তের ভিডিও ধারণ ও ছড়িয়ে দেওয়ার জন্য মি. ইসলাম ওই তরুণীর এক মামাকে দায়ী করেছেন। কিন্তু ওই তরুণী তার বিবাহিত স্ত্রী হয়ে থাকলে তার মামা কেন এটি করবে, সেই প্রশ্নের কোনো জবাব আসেনি কোনো পক্ষ থেকে। সোমবার বিকেল থেকেই ভিডিওটি সামাজিক মাধ্যমে ছড়াতে শুরু করলে প্রথম দিকে ফেসবুকে তার সমর্থকরা এটি 'এআই ব্যবহার করে করা হয়েছে' উল্লেখ করে পাল্টা প্রচারণা শুরু করে। কিন্তু আজ মঙ্গলবার সকাল নাগাদ কয়েকটি ফ্যাক্ট চেকিং প্রতিষ্ঠান দাবি করে যে, ভিডিও এআই দিয়ে বানানো নয়। এসব নিয়ে বিতর্কের মধ্যেই আজ বেলা ১২টা ০১ মিনিটে নিজের ফেসবুক পাতায় একটি বিবৃতি দিয়েছেন গাজী নজরুল ইসলাম। এতে তিনি দাবি করেন, গত ১৭ জুন পারিবারিকভাবে তার প্রথম স্ত্রীর সম্মতিতে দ্বিতীয় স্ত্রীর পিতার বাসভবনে তাদের বিয়ে সম্পন্ন হয়। ফলে তার বিরুদ্ধে 'প্রচারিত অপপ্রচার ও বিভ্রান্তিকর তথ্যের কোনো সত্যতা নেই' বলে দাবি করেন তিনি। বিবৃতিতে তিনি দাবি করেন যে, গত ১৩ জুলাই, ২০২৬ ইং তারিখে তিনি তার প্রথমা ও দ্বিতীয় স্ত্রীকে সঙ্গে নিয়ে রাজধানীর মগবাজারে তার দ্বিতীয় স্ত্রীর পিতার ব্যবসায়িক অফিসে যান। "সেখানে আমরা আনুমানিক সোয়া এক ঘণ্টা অবস্থান করি। আমরা উক্ত অফিসে অবস্থানকালে যোহরের নামাজ আদায়ের পূর্বে আমার গাড়িচালক ও আমার দ্বিতীয় স্ত্রীর মামা ওবায়দুল্লাহ গাড়ি দেখার কথা বলে বাইরে যায়। পরবর্তীতে সে ৫/৭ জন অপরিচিত ব্যক্তিকে নিয়ে আমাদের কক্ষে প্রবেশ করে এবং আমাদের জিম্মি করে ১ লক্ষ টাকা আদায় করে।" তিনি ওই বিবৃতিতে আরও বলেন, "আমি চলাচলের জন্য যে ভাড়াকৃত গাড়িটি ব্যবহার করি, ওবায়দুল্লাহর যোগসাজশে পরবর্তীতে সেটিও আটকে রেখে দফায় দফায় আমাদের কাছে কয়েক লক্ষ টাকা দাবি করা হয়। আমরা টাকা দিতে অস্বীকৃতি জানালে আমাদের বিভিন্ন ধরনের হুমকি দেওয়া হয়। আমি এসময় জানতে পারি, আমার দ্বিতীয় স্ত্রীর পিতা মো. মাসুম বিল্লাহর সঙ্গে ওবায়দুল্লাহর পূর্বশত্রুতা ও পারিবারিক বিরোধের জের ধরেই এই ষড়যন্ত্রের ঘটনা ঘটানো হয়েছে। "পরবর্তীতে, হিংসা ও ব্যক্তিস্বার্থ চরিতার্থ করার উদ্দেশ্যে ওবায়দুল্লাহ আমাদের স্বামী-স্ত্রীর ব্যক্তিগত ও ঘনিষ্ঠ মুহূর্তের ভিডিও ধারণ করে ও ফেসবুকসহ বিভিন্ন সামাজিক মাধ্যমে ছড়িয়ে দেয়। এ ঘটনাকে কেন্দ্র করে কতিপয় অসাধু ব্যক্তি রাজনৈতিক উদ্দেশ্যপ্রণোদিতভাবে ভিডিওটিকে বিবাহ-বহির্ভূত সম্পর্কের ঘটনা হিসেবে প্রচার করছে, যা সম্পূর্ণ মিথ্যা, ভিত্তিহীন ও উদ্দেশ্যপ্রণোদিত।" কিন্তু বর্তমান রাজনৈতিক প্রেক্ষাপটে জামায়াতের একজন এমপিকে তার বৈধ দ্বিতীয় স্ত্রীর মামা বা তার লোকেরা জিম্মি করে টাকা আদায় করবেন- এ দাবি কতটা যৌক্তিক, তাও ব্যাপক আলোচনার জন্ম দিয়েছে।
নজরুল ইসলামের দাবি অনুযায়ী ঘটনাটি ঘটেছে মগবাজারে, যেটি কেন্দ্রীয় কার্যালয়ের কাছেই। সাধারণত ওই এলাকায় জামায়াতের বহু কর্মী সমর্থকের উপস্থিতি থাকে। সাতক্ষীরা জেলা জামায়াতের সেক্রেটারি আজিজুর রহমান বিবিসি বাংলাকে বলছেন, "কথাটা হয়ত যৌক্তিক মনে হচ্ছে না কিন্তু এমপি সাহেব আমাদের জানিয়েছেন যে, তিনি তার স্ত্রীদের নিয়েই সেখানে গিয়েছিলেন। তার স্ত্রীরাও সামাজিক মাধ্যমে বলেছেন। তারপরেও আমরা সাংগঠনিকভাবে দেখবো যে, তাকে হেয় করার চেষ্টা হয়েছে, নাকি অন্য কিছু হয়েছে। সেটি দেখে, সে অনুযায়ী পদক্ষেপ নেব আমরা।"

**প্রথম স্ত্রী ও তরুণীর বক্তব্য**

আজ দুপুরের পর পর গাজী নজরুল ইসলামের প্রথম স্ত্রী পরিচয় দিয়ে মাকসুদা ইসলাম একটি ভিডিও বার্তা দিয়েছেন সামাজিক মাধ্যমে। সেখানে তাকে লিখিত বিবৃতি পড়তে দেখা গেছে। এতে তিনি বলেছেন, "আমার স্বামী গাজী নজরুল ইসলামের সহিত মরিয়মের (দ্বিতীয় স্ত্রী) সাথে বিবাহ হয়েছে। যারা এটা নিয়ে কুৎসা রটাচ্ছে, তীব্র প্রতিবাদ জানাই। এ থেকে বিরত না থাকলে, আমি আইনগত ব্যবস্থা নিতে বাধ্য হবো।" এরপর নিজেকে গাজী নজরুল ইসলামের স্ত্রী পরিচয় দিয়েও আরেকটি বক্তব্য দেন গাজী নজরুল ইসলামের সাথে দেখা যাওয়া তরুণী। এই ভিডিওতে তাকে মুখে মাস্ক পরা দেখা গেছে। সেখানে ওই তরুণী বলেছেন, "আমার স্বামী সাতক্ষীরা-৪ আসনের সংসদ সদস্য গাজী নজরুল ইসলামকে নিয়ে সামাজিক মাধ্যমে যে ভিডিও বিভ্রান্তিকর প্রচারণা চালানো হচ্ছে, সে বিষয়ে আমি দেশবাসীর সামনে প্রকৃত ঘটনা সংক্ষেপে তুলে ধরতে চাই।" তিনি বলেন, "প্রথমত আমাদের বিয়ে কোনো গোপন বা অনৈতিক বিষয় নয়। ২০২৬ সালের ১৭ জুন সাতক্ষীরার শ্যামনগর আমার বাবার বাসায় উভয় পরিবারের সম্মতিতে বিয়ে সম্পন্ন হয়েছে। এ সময় আমার স্বামীর প্রথম স্ত্রীও উপস্থিত ছিলেন। ১৩ জুলাই গাজী নজরুল ইসলাম তার দুই স্ত্রীকে নিয়ে মগবাজারে আমার বাবার অফিসে যান।"

**জামায়াত কী করবে**

জামায়াতের নায়েবে আমির ও সংসদীয় দলের উপনেতা সৈয়দ আব্দুল্লাহ মোহাম্মদ তাহের বিবিসি বাংলাকে বলছেন, বিষয়টি তাদের দৃষ্টিতে এসেছে এবং তারা এ বিষয়ে নজর রাখছেন। "সামাজিক মাধ্যমে বিষয়টি নানাভাবে এসেছে। ওনার ও তার স্ত্রীদের বক্তব্যও এসেছে। তিনি যদি বেআইনি ও অবৈধ কিছু না করেন, তাহলে সেটি তার ব্যক্তিগত বিষয়। কিন্তু তিনি যদি বেআইনি ও অবৈধ কিছু করে থাকেন, তাহলে অবশ্যই জামায়াত দল হিসেবে ব্যবস্থা নেবে," বিবিসি বাংলাকে বলেছেন তিনি। সাতক্ষীরা জেলা জামায়াতের সেক্রেটারি আজিজুর রহমান বিবিসি বাংলাকে বলছেন, "এমপি সাহেব বলেছেন, সাথে তার স্ত্রী ছিল। এখন সেই ভিডিও কীভাবে ভাইরাল হলো, সেই তথ্য উদ্‌ঘাটন করতে হবে। এটি কী তাকে হেয় করার চেষ্টা, নাকি অন্য কোনো বিষয়, সেটি সাংগঠনিকভাবে দেখে, শুনে ও বুঝে আমরা পদক্ষেপ নেব।" গাজী নজরুল ইসলামকে নিয়ে সামাজিক মাধ্যমে তুমুল শোরগোলের মধ্যেই জামায়াতে ইসলামী বিবৃতি দিয়ে বলেছে যে, "গাজী নজরুল ইসলামকে জড়িয়ে বিভিন্ন গণমাধ্যম ও সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রকাশিত খবরের দিকে বাংলাদেশ জামায়াতে ইসলামী নজর রাখছে।" বিবৃতিতে বলা হয়, বাংলাদেশ জামায়াতে ইসলামীর সহকারী সেক্রেটারি জেনারেল এবং কেন্দ্রীয় প্রচার ও মিডিয়া বিভাগের সেক্রেটারি অ্যাডভোকেট এহসানুল মাহবুব জুবায়ের সাতক্ষীরা-৪ আসনের জাতীয় সংসদ সদস্য জনাব গাজী নজরুল ইসলামকে জড়িয়ে বিভিন্ন গণমাধ্যম ও সামাজিক যোগাযোগ মাধ্যমে যে-সব খবরাখবর প্রচারিত হয়েছে, তার প্রেক্ষিতে আজ ২১ জুলাই (মঙ্গলবার) এক বিবৃতি প্রদান করেছেন। তিনি বলেন, "অতি সম্প্রতি সাতক্ষীরা-৪ আসনের জাতীয় সংসদ সদস্য গাজী নজরুল ইসলামকে জড়িয়ে বিভিন্ন গণমাধ্যম ও সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রকাশিত খবরের দিকে বাংলাদেশ জামায়াতে ইসলামী নজর রাখছে।" "ইতোমধ্যেই বিষয়টি নিয়ে জনাব গাজী নজরুল ইসলামের নিজের বিবৃতি, তার প্রথম ও দ্বিতীয় স্ত্রী এবং দ্বিতীয় স্ত্রীর পিতার ভিডিও বক্তব্য মিডিয়াতে প্রকাশিত হয়েছে। এ বিষয়ে আরও খোঁজ-খবর নিয়ে এবং প্রকৃত ঘটনার তথ্য-উপাত্ত সংগ্রহ করে বাংলাদেশ জামায়াতে ইসলামী সাংগঠনিক নিয়ম অনুযায়ী প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে," বিবৃতিতে দলটি বলেছে। (বিবিসি ওয়েব পেজ : ২১.০৭.২০২৬ নারগীস)

## হজে যেতে কমল বিমান ভাড়া, নতুন প্যাকেজে আরও যা থাকছে

২০২৭ সালের জন্য নতুন হজ প্যাকেজ ঘোষণা করেছে সরকার। যেখানে সরকারি ব্যবস্থাপনায় সর্বনিম্ন ব্যয় নির্ধারণ করা হয়েছে ৫ লাখ ৫ হাজার ৬৪৮ টাকা। আর বেসরকারি ব্যবস্থাপনায় হজ পালন করতে ৫ লাখ ১৩ হাজার ৬৪৮ টাকা খরচ করতে হবে। মঙ্গলবার সচিবালয়ে আয়োজিত সংবাদ সম্মেলনে ২০২৭ সালের হজ প্যাকেজ ঘোষণা করেন ধর্মমন্ত্রী কাজী শাহ মোফাজ্জাল হোসাইন। ধর্মমন্ত্রী জানান, এ বছরের জন্য সরকারি ব্যবস্থাপনায় দুটি হজ প্যাকেজ নির্ধারণ করা হয়েছে। যেখানে সাশ্রয়ী প্যাকেজে সর্বনিম্ন খরচ ধরা হয়েছে ৫ লাখ ৫ হাজার ৬৪৮ টাকা। আর উন্নত সুবিধার প্যাকেজে ৬ লাখ ১৫ হাজার ২৬৩ টাকা খরচ নির্ধারণ করা হয়েছে। সরকারি দুই প্যাকেজেই বাংলাদেশ-সৌদি আরব-বাংলাদেশ রুটে যাওয়া-আসার বিমানভাড়া ১ লাখ ৩০ হাজার টাকা ধরা হয়েছে। এছাড়া প্রশাসনিক ব্যয়, প্রশিক্ষণ, কল্যাণ তহবিল, স্বাস্থ্য সংশ্লিষ্ট ব্যয়সহ অন্যান্য নির্ধারিত খরচ প্যাকেজের অন্তর্ভুক্ত রয়েছে। মন্ত্রী জানান, সরকারি হজ প্যাকেজ-১ এর খরচ ৬ লাখ ১৫ হাজার ২৬৩ টাকা। এ প্যাকেজের হজযাত্রীরা মক্কায় হারাম শরিফ থেকে এক হাজার থেকে এক হাজার ৪০০ মিটারের মধ্যে এবং মদিনায় মারকাজিয়া এলাকায় আবাসনের সুবিধা পাবেন। বেসরকারি ব্যবস্থাপনায় অনুমোদিত হজ এজেন্সিগুলো সরকার নির্ধারিত সাধারণ প্যাকেজ অনুসরণ করবে। এছাড়া অতিরিক্ত সুবিধা সংযোজন করে সর্বোচ্চ তিনটি বিশেষ প্যাকেজ ঘোষণা করতে পারবে বলেও জানান মন্ত্রী। ২০২৭ সালের হজের নিবন্ধন ২৪ সেপ্টেম্বর ২০২৬ তারিখে শেষ হবে। হজে যাওয়ার জন্য ২০২৭ সালের ৩১ ডিসেম্বর পর্যন্ত পাসপোর্টের মেয়াদ থাকতে হবে বলেও জানান মন্ত্রী।(বিবিসি ওয়েব পেজ : ২১.০৭.২০২৬ আলী আহমেদ)

## রাহুল গান্ধী ও প্রিয়াঙ্কা গান্ধীকে ছেড়ে দিয়েছে পুলিশ

ভারতীয় গণমাধ্যম জানাচ্ছে, দেশটির প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর বাসভবনের সামনে বিক্ষোভ করার সময় আটক করার পর রাহুল গান্ধী ও প্রিয়াঙ্কা গান্ধীকে ছেড়ে দিয়েছে পুলিশ। ভারতীয় সংবাদ সংস্থা এএনআই জানিয়েছে, প্রধানমন্ত্রীর বাসভবনের সামনে থেকে জোর করে ধরে আনার পর রাহুল গান্ধীকে ছত্রাশাল স্টেডিয়ামে নিয়ে আসা হয়েছিল। একটি গাড়িতে করে তাকে সেখান থেকে চলে যেতে দেখা গেছে। অন্যদিকে প্রিয়াঙ্কা গান্ধীকে আটকের পর মন্দির মার্গ পুলিশ স্টেশনে নিয়ে আসা হয়। এর কিছুক্ষণ পরেই সেখানে হাজির হন কংগ্রেসের পার্লামেন্টারি পার্টির চেয়ারপার্সন সোনিয়া গান্ধী। কিছুক্ষণ পরে প্রিয়াঙ্গা গান্ধীকে সেই পুলিশ স্টেশন থেকে চলে যেতে দেখা যায়। সেই সাথে সমাজবাদী পার্টির নেতা অখিলেশ ইয়াদবকেও আটকের পর ছেড়ে দিয়েছে পুলিশ। তিনি সাংবাদিকদের বলেন, "সরকারের উচিত, শিক্ষার্থীদের দাবি মেনে নেওয়া। যেভাবে তাদের মারধর করা হয়েছে, জামাকাপড় ছেড়েছে, সেটা গণতান্ত্রিক সরকারের আচরণ নয়। আমরা বিষয়টি হাউজে তুলবো।" (বিবিসি ওয়েব পেজ : ২১.০৭.২০২৬ আলী আহমেদ)

## ইরানের কাছে ক্ষতিপূরণ দাবি করেছে কাতার

জাতিসংঘ ও নিরাপত্তা পরিষদের কাছে পাঠানো এক চিঠিতে কাতারের ভূখণ্ডে হামলার জন্য ইরানকে দায়ী করেছে কাতার সরকার। একইসঙ্গে এতে সব ধরনের ক্ষয়ক্ষতির জন্য ক্ষতিপূরণ করেছে। চিঠিতে উল্লেখ করা হয়েছে যে, গত ৭ জুলাই হরমুজ প্রণালির কাছে একটি কাতার ট্যাংকারকে লক্ষ্যবস্তু করে ইরান। এরপর ১২ এবং ১৭ জুলাই দেশটির বিরুদ্ধে ক্ষেপণাস্ত্র হামলা চালায় তারা। কাতারের কর্মকর্তাদের তথ্য অনুযায়ী, ১২ জুলাইয়ের হামলায় ক্ষেপণাস্ত্র প্রতিহত করার পর তার ধ্বংসাবশেষ আবাসিক এলাকায় গিয়ে পড়ে। এতে এক শিশুসহ তিনজন আহত হন। বিবৃতিতে কাতার ভূখণ্ডে "ইরানের আগ্রাসনকে" দেশটির জাতীয় সার্বভৌমত্বের স্পষ্ট লঙ্ঘন এবং নিরাপত্তা ও আঞ্চলিক অখণ্ডতার জন্য প্রত্যক্ষ হুমকি হিসেবে বর্ণনা করা হয়েছে। কাতার জানিয়েছে যে, "নিজেদের সার্বভৌমত্ব, নিরাপত্তা এবং নাগরিকদের জীবন রক্ষায় প্রয়োজনীয় যে-কোনো পদক্ষেপ নিতে তারা দ্বিধা করবে না।" অন্যদিকে ইরান জানিয়েছে, আঞ্চলিক দেশগুলোতে তাদের হামলা মূলত সেখানে অবস্থানরত মার্কিন সামরিক ঘাঁটি ও বাহিনীকে লক্ষ্য করে পরিচালিত হচ্ছে।
(বিবিসি ওয়েব পেজ : ২১.০৭.২০২৬ আলী আহমেদ)

## ভারতের উত্তরাখণ্ডে পুলিশের মুখোমুখি চাকরির দাবিতে আন্দোলনকারীরা

ভারতের উত্তরাখণ্ডে সরকারি চাকরির নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ এবং স্থগিত থাকা নিয়োগ পরীক্ষাগুলোর ফলাফল ঘোষণার দাবিতে বিক্ষোভ হয়েছে। মঙ্গলবার উত্তরাখণ্ড বেকার সংঘের ব্যানারে আয়োজিত এই কর্মসূচিতে বিপুলসংখ্যক তরুণ প্যারেড গ্রাউন্ডে জড়ো হন এবং সরকারের বিরুদ্ধে স্লোগান দেন। বিক্ষোভকারীদের বাধা দিতে সচিবালয়ের আগে ব্যারিকেড তৈরি করে পুলিশ। এ সময় বিক্ষোভকারী ও পুলিশের মধ্যে হাতাহাতি ও ধস্তাধস্তির ঘটনা ঘটে। বিক্ষোভকারীদের বক্তব্য, উত্তরাখণ্ড পাবলিক সার্ভিস কমিশন এবং উত্তরাখণ্ড সাবঅর্ডিনেট সার্ভিস সিলেকশন কমিশনের অনেক পদের নিয়োগ বিজ্ঞপ্তি দীর্ঘদিন ধরে প্রকাশ করা হয়নি। তাদের অভিযোগ, কিছু নিয়োগ পরীক্ষার ফলাফলও আটকে আছে, যার ফলে প্রতিযোগিতামূলক পরীক্ষার প্রস্তুতি নেওয়া তরুণদের মধ্যে অনিশ্চয়তা তৈরি হয়েছে। উত্তরাখণ্ড বেকার অ্যাসোসিয়েশনের সহ-সভাপতি সুরজ পওয়ার অভিযোগ করেন যে, সরকার কর্মসংস্থান দেওয়ার নানা দাবি করলেও সেগুলো মাসের পর মাস ঝুলে আছে এবং নতুন নিয়োগ প্রক্রিয়া শুরু হচ্ছে না। নিয়োগ প্রক্রিয়ায় গতি আনা এবং আটকে থাকা ফলাফল দ্রুত প্রকাশের দাবিতে রাজ্যের যুবসমাজ এখন রাজপথে নামতে বাধ্য হয়েছে বলেও মন্তব্য করেন তিনি।(বিবিসি ওয়েব পেজ : ২১.০৭.২০২৬ আলী আহমেদ)

## 'ইরান আলোচনার জন্য আকুতি জানাচ্ছে' : দাবি ট্রাম্পের

আলোচনায় বসতে ইরান মরিয়া হয়ে উঠেছে বলে দাবি করেছেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। যুক্তরাষ্ট্র সফররত লেবাননের প্রেসিডেন্ট জোসেফ আউনের সাথে বৈঠক শেষে এক সংবাদ সম্মেলনে সাংবাদিকদের প্রশ্নের জবাবে ট্রাম্প বলেন, "তারা (ইরান) যুদ্ধ শেষ করার জন্য মরিয়া হয়ে সংলাপ চাচ্ছে, নতুবা তারা ধ্বংস হয়ে যাবে।" "তারা আমাদের সাথে দেখা করার জন্য মরিয়া, কিন্তু অর্থপূর্ণ কোনো বৈঠক না চাইলে আমরা এতে আগ্রহী নই," বলেন ট্রাম্প। সৌদি আরবের বিরুদ্ধে ইয়েমেনের হুথিদের নৌ অবরোধের বিষয়ে মার্কিন প্রেসিডেন্ট বলেন, হুথিরা যদি সৌদি বন্দরগুলো বন্ধ করে দেয়, তবে যুক্তরাষ্ট্র এই সমস্যার সমাধান করবে। এর আগে, লেবাননের প্রেসিডেন্ট জোসেফ আউন এর সঙ্গে বৈঠকে লেবাননকে সহযোগিতার প্রতিশ্রুতি দেন মার্কিন প্রেসিডেন্ট।
(বিবিসি ওয়েব পেজ : ২১.০৭.২০২৬ আলী আহমেদ)

## বাহরাইনে অ্যামাজনের অবকাঠামোয় হামলার দাবি আইআরজিসির

বাহরাইনে মার্কিন কোম্পানি অ্যামাজনের অবকাঠামো লক্ষ্য করে হামলা চালিয়েছে বলে দাবি করেছে ইরানের ইসলামিক রেভল্যুশনারি গার্ড কোর বা আইআরজিসি। তাদের বিবৃতিতে বলা হয়, বেশ কয়েকটি ক্রুজ ক্ষেপণাস্ত্র ব্যবহার করে বাহরাইনে মার্কিন কোম্পানি অ্যামাজনের 'কেন্দ্রীয় ডেটা অবকাঠামো' লক্ষ্য করে হামলা চালিয়েছে আইরআরজিসি এবং সেটি 'ধ্বংস' করেছে। আইআরজিসি বলছে, যুক্তরাষ্ট্রের দারখুয়েন পারমাণবিক স্থাপনায় হামলার জবাবে তারা এই হামলা চালিয়েছে। বাহরাইনের কর্তৃপক্ষ এখনো এ খবর নিশ্চিত করেনি।
(বিবিসি ওয়েব পেজ : ২১.০৭.২০২৬ আলী আহমেদ)

## কুয়েত, বাহরাইন ও জর্ডানে মার্কিন রাডার, প্রতিরক্ষা ব্যবস্থা ও এফ-১৫ বিমান ধ্বংসের দাবি ইরানের

ইরানের ইসলামিক রেভল্যুশনারি গার্ড কোর (আইআরজিসি) দাবি করেছে, তারা বাহরাইনের আল-মুহাররাক ও আল-রিফা অঞ্চলে মার্কিন রাডার ও আকাশ প্রতিরক্ষা ব্যবস্থার ওপর হামলা চালিয়েছে। এছাড়া কুয়েতে অন্তত তিনটি মার্কিন সামরিক ঘাঁটি লক্ষ্য করে হামলাও দাবি করেছে তারা। আইআরজিসির জনসংযোগ বিভাগ বলেছে, ওই অঞ্চলে মার্কিন রাডার ও প্রতিরক্ষা ব্যবস্থার ওপর ক্ষেপণাস্ত্র ও ড্রোন হামলার ধারাবাহিকতায় তারা জর্ডানে একটি মার্কিন এফ-১৫ যুদ্ধবিমান তার হ্যাঙ্গারের ভেতরেই ধ্বংস করেছে। গতকাল নিউ ইয়র্ক টাইমস এক মার্কিন সামরিক কর্মকর্তার বরাত দিয়ে জানিয়েছিল, গত সপ্তাহে জর্ডানে একটি মার্কিন সামরিক ঘাঁটিতে ইরানের হামলায় কয়েক ডজন সেনা আহত হয়েছেন এবং কয়েকটি হেলিকপ্টার ক্ষতিগ্রস্ত হয়েছে। কয়েক ঘণ্টা আগে পেন্টাগন নিশ্চিত করেছে যে, গত দুই সপ্তাহে অঞ্চলে মার্কিন ঘাঁটিগুলোর ওপর হামলায় ইরান প্রায় ১০০ জন মার্কিন সামরিক সদস্যকে আহত করেছে। ১৭ জুলাই জর্ডানে ইরানের হামলায় দুই জন মার্কিন সেনাসদস্যের মৃত্যুও হয়েছে।

(বিবিসি ওয়েব পেজ : ২১.০৭.২০২৬ আলী আহমেদ)

## বৈষম্যের অভিযোগে কানাডার পণ্যে ৫০ শতাংশ শুল্ক বসালেন ট্রাম্প

কানাডা থেকে আমদানি করা বিভিন্ন পণ্যের ওপর ৫০ শতাংশ শুল্ক আরোপ করেছেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। তিনি দাবি করেছেন, যুক্তরাষ্ট্রের গাড়ি, দুগ্ধজাত পণ্য ও অ্যালকোহলের প্রতি কানাডা "অসম আচরণ" করায় এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে। ওয়াইন, হকি স্টিক, সিমেন্টসহ বিভিন্ন ভোগ্য ও শিল্পপণ্যের ওপর এই শুল্ক আরোপ করা হয়েছে। তবে জ্বালানি, পটাশ, গুরুত্বপূর্ণ খনিজ ও মাছসহ কয়েকটি প্রধান রপ্তানি পণ্য এ শুল্কের বাইরে রাখা হয়েছে। এর জবাবে কানাডার প্রধানমন্ত্রী মার্ক কার্নি বলেছেন, আগামী কয়েক সপ্তাহে যুক্তরাষ্ট্রের সঙ্গে বাণিজ্য আলোচনা "আরও জোরদার" করতে কানাডা প্রস্তুত। হোয়াইট হাউজ জানিয়েছে, আগামী ৩০ দিনের মাঝে নতুন শুল্ক কার্যকর হবে। যে-সব পণ্য নতুন শুল্কের আওতায় আনা হয়েছে, সেগুলো যুক্তরাষ্ট্র, কানাডা ও মেক্সিকোর মধ্যে বিদ্যমান মুক্ত বাণিজ্য চুক্তি ইউএসএমসিএ'র আওতায় থাকুক বা না থাকুক, নতুন শুল্কের তালিকায় থাকা সকল পণ্যের ওপরই এই শুল্ক কার্যকর হবে। এর ফলে উত্তর আমেরিকার এই দুই প্রতিবেশী দেশের মধ্যে চলমান বাণিজ্য উত্তেজনা আরও বেড়ে যাবে। সামাজিক যোগাযোগ মাধ্যম এক্সে দেওয়া এক বিবৃতিতে কার্নি বলেন, "কানাডা-যুক্তরাষ্ট্র-মেক্সিকো চুক্তি লঙ্ঘন করে যুক্তরাষ্ট্র একের পর এক শুল্ক আরোপের যে একতরফা বাণিজ্য পদক্ষেপ শুরু করেছিল, শুল্ক আরোপের নতুন এই সিদ্ধান্ত তারই ধারাবাহিকতা।" মার্ক কার্নি আরও বলেন, "কানাডার সার্বভৌমত্বের প্রতিও হুমকি" দেওয়া হচ্ছে। এর মাধ্যমে তিনি সম্ভবত ট্রাম্পের সেই বক্তব্যের দিকে ইঙ্গিত করেছেন, যেখানে ট্রাম্প প্রকাশ্যে কানাডাকে যুক্তরাষ্ট্রের ৫১তম অঙ্গরাজ্য করার কথা বলেছিলেন। দুই দেশের মধ্যে আগে থেকেই বিভিন্ন পণ্যের ওপর শুল্কসহ বেশ কিছু বাণিজ্যিক বাধা ছিল। সোমবার ঘোষিত নতুন আমদানি শুল্ক সেই বাধা আরও বাড়িয়ে দিল। বর্তমানে কানাডার স্টিল (ইস্পাত), অ্যালুমিনিয়াম ও কপারের (তামা) ওপর ১৫ থেকে ৫০ শতাংশ পর্যন্ত শুল্ক আরোপ করে রেখেছে যুক্তরাষ্ট্র।

(বিবিসি ওয়েব পেজ : ২১.০৭.২০২৬ নারগীস)

## পাঞ্জাবের প্রতিবাদী কৃষকরাও দিল্লি অভিমুখে

ভারত-আমেরিকা বাণিজ্য চুক্তির প্রতিবাদে দিল্লির কিষাণ ঘাটে পাঞ্জাব, হরিয়ানা এবং কয়েকটি অন্যান্য রাজ্যের কৃষকদের যে বিক্ষোভ সমাবেশ হওয়ার কথা ছিল, তাতে যোগ দিতে হাজার হাজার কৃষক ভারতের রাজধানীর দিকে রওনা দিয়েছিলেন। ট্রাক্টরে চেপে তারা দিল্লির দিকে রওনা দেন দুই/তিনদিন আগে থেকেই, যা কয়েক বছর আগে দিল্লি সীমান্ত অচল করে দেওয়া কৃষক বিক্ষোভের কথা মনে করিয়ে দিয়েছিল। 'দেশ বাঁচাও মোর্চা' ব্যানারে কৃষকেরা এই কর্মসূচির ডাক দিয়েছিলেন। তবে পাঞ্জাব থেকে আসা কৃষকদের দিল্লির কাছে শমভু সীমান্তেই আটকে দেওয়া হয়। পরে হরিয়ানার কৃষিমন্ত্রীর সঙ্গে বৈঠকের পর সরকারের তরফে আশ্বাস পেয়ে কৃষকেরা আপাতত ফিরে যাওয়ার সিদ্ধান্ত নেন, তাদের অনেকে ইতিমধ্যেই ফিরতে শুরু করেছেন বলেও জানা যাচ্ছে। এই বিক্ষুব্ধ কৃষকদের আশঙ্কা, ভারত-মার্কিন বাণিজ্য চুক্তির বিরূপ প্রভাব কৃষি, দুগ্ধশিল্পসহ কৃষিভিত্তিক বিভিন্ন ক্ষেত্রেও পড়বে, যা কৃষকদের স্বার্থের পরিপন্থী হতে পারে। তবে ভারত সরকার দাবি করছে, অন্তর্বর্তীকালীন এই চুক্তির ফলে কৃষকরা তো বটেই, কোনও শ্রেণি-পেশার ভারতীয়দেরই স্বার্থ ক্ষুণ্ণ হবে না। 'দেশ বাঁচাও মোর্চা' কেন্দ্রীয় সরকারের কাছে দাবি জানিয়েছে, ভারত-আমেরিকা বাণিজ্য চুক্তি-সংক্রান্ত সমস্ত নথি জনসমক্ষে প্রকাশ করতে হবে। পাশাপাশি কৃষক, শ্রমিক, দুগ্ধ উৎপাদক, ক্ষুদ্র ব্যবসায়ী এবং অন্যান্য অংশীজনের সঙ্গে বিস্তারিত আলোচনা না করে কোনও চুক্তি স্বাক্ষর করা যাবে না।

(বিবিসি ওয়েব পেজ : ২১.০৭.২০২৬ নারগীস)

## নরেন্দ্র মোদীর বাসভবনের বাইরে থেকে রাহুল গান্ধী, প্রিয়াঙ্কা গান্ধী ও অখিলেশ ইয়াদব আটক

ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর বাসভবনের বাইরে বিক্ষোভরত বিরোধীদলীয় নেতা রাহুল গান্ধী, কংগ্রেস নেত্রী প্রিয়াঙ্কা গান্ধী এবং সমাজবাদী পার্টির সভাপতি অখিলেশ ইয়াদবকে দিল্লি পুলিশ আটক করেছে বলে জানিয়েছেন বিবিসির সংবাদদাতা সুমেধা পাল। মঙ্গলবার বিকেলে ভারতের লোকসভার বিরোধীদলীয় নেতা রাহুল গান্ধীর নেতৃত্বে কংগ্রেস সংসদ সদস্যরা প্রধানমন্ত্রীর বাসভবনের বাইরে বিক্ষোভ শুরু করেন। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ও শিক্ষামন্ত্রী

ধর্মেন্দ্র প্রধানের পদত্যাগের দাবিতে এই কর্মসূচি পালন করছিলেন তারা। কংগ্রেসের মুখপাত্র পবন খেড়া জানিয়েছেন, রাহুল ও প্রিয়াঙ্কা গান্ধীর সঙ্গে পুলিশ দুর্ব্যবহার করেছে এবং তাদেরকে কোথায় নিয়ে যাওয়া হয়েছে, তা তিনি জানেন না। এর আগে, কেন্দ্রীয় মন্ত্রী জিতেন্দ্র সিং প্রধানমন্ত্রীর বাসভবনের কাছে বিক্ষোভরত রাহুল গান্ধীসহ অন্যান্য কংগ্রেস নেতাদের সঙ্গে দেখা করেন। এদিকে, শিক্ষামন্ত্রী ধর্মেন্দ্র প্রধানের পদত্যাগের দাবিতে 'কাকরোচ জনতা পার্টি' বা সিজেপি-র প্রতিবাদ কর্মসূচি যন্তর মন্তরে অব্যাহত রয়েছে।(বিবিসি ওয়েব পেজ : ২১.০৭.২০২৬ নারগীস)

## কুয়েতের বিদ্যুৎ কেন্দ্রে ইরানের হামলা

নিজেদের পানি শোধনাগার এবং বিদ্যুৎ কেন্দ্রে ইরান হামলা চালিয়েছে বলে নিশ্চিত করেছে কুয়েত। গত চারদিনের মধ্যে চতুর্থবারের মতো এই ধরনের হামলার ঘটনা ঘটলো। কুয়েতের বিদ্যুৎ, পানি ও নবায়নযোগ্য জ্বালানি মন্ত্রণালয় সামাজিক মাধ্যম এক্স-এ দেওয়া এক বিবৃতিতে জানিয়েছে, "কুয়েত সরকারের ওপর ইরানের ধারাবাহিক জঘন্য আগ্রাসনের প্রেক্ষিতে, টানা চতুর্থ দিনের মতো বেশ কিছু বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র ও পানি শোধন কেন্দ্রে হামলা চালানো হয়েছে, যার ফলে সেগুলোর বেশ কয়েকটিতে অগ্নিকাণ্ডের ঘটনা ঘটেছে।" এর আগে, ইরানের সেনাবাহিনী এবং আইআরজিসি জানিয়েছিল যে, তারা কুয়েতে অবস্থিত তিনটি মার্কিন সামরিক ঘাঁটিতে আবারও হামলা চালিয়েছে। ইরানের ওপর যুক্তরাষ্ট্রের দশম দফার হামলার পরপরই এই হামলাগুলো চালানো হয়।
(বিবিসি ওয়েব পেজ : ২১.০৭.২০২৬ নারগীস)

# রেডিও তেহরান

## দিল্লিতে নজিরবিহীন ছাত্র বিক্ষোভঃ ব্যারিকেড ভেঙে সংসদের দোরগোড়ায় জনস্রোত

ভারতের রাজধানী নয়াদিল্লি গত কয়েক দশকের মধ্যে শিক্ষার্থীদের নেতৃত্বাধীন অন্যতম বৃহত্তম ও নজিরবিহীন বিক্ষোভের সাক্ষী হয়েছে। সম্প্রতি অনুষ্ঠিত নিট (NEET) পরীক্ষার প্রশ্নপত্র ফাঁসের প্রতিবাদ এবং শিক্ষা ব্যবস্থার সামগ্রিক সংস্কারের দাবিতে হাজার হাজার শিক্ষার্থী ও তরুণ গতকাল (সোমবার) সংসদের দিকে পদযাত্রা করেন। বিক্ষোভের একপর্যায়ে শিক্ষার্থী ও জনতার বিশাল স্রোত কয়েক স্তরের নিরাপত্তা ব্যারিকেড ভেঙে সংসদ ভবনের দোরগোড়ায় পৌঁছে যায়। পরিস্থিতি নিয়ন্ত্রণে পুলিশ কাঁদানে গ্যাসের শেল ছোড়ে এবং লাঠিচার্জ করে, যার ফলে বেশ কয়েকজন বিক্ষোভকারী ও পুলিশ সদস্য আহত হন। অনলাইনভিত্তিক যুব সংগঠন 'ককরোচ জনতা পার্টি' (সিজেপি)-র ডাকে কেন্দ্রীয় শিক্ষামন্ত্রী ধর্মেন্দ্র প্রধানের পদত্যাগের দাবিতে এই সংসদ ভবন ঘেরাও কর্মসূচির আয়োজন করা হয়। পাশাপাশি সম্প্রতি অধিকারকর্মী সোনম ওয়াংচুককে ২০ দিন ধরে চলা অনশন থেকে ১৮ জুলাই ভোরে পুলিশ জোরপূর্বক তুলে নিয়ে গেলে সাধারণ মানুষের মাঝে চরম ক্ষোভের সৃষ্টি হয়, যা এই বিক্ষোভে নতুন মাত্রা যোগ করে। রাজস্থান ও উত্তর প্রদেশসহ দিল্লির বাইর থেকেও বিপুলসংখ্যক শিক্ষার্থী এই আন্দোলনে যোগ দেন। এছাড়া আজাদ সমাজ পার্টি, আম আদমি পার্টি ও সমাজবাদী পার্টির মতো রাজনৈতিক দলগুলোর সমর্থনে যন্তর মন্তর ও রাইসিনা মার্গ এলাকায় নজিরবিহীন জনসমুদ্রের সৃষ্টি হয়।

### আন্দোলনকারীদের ওপর পুলিশের বলপ্রয়োগ

গতকাল সংসদে বর্ষাকালীন অধিবেশনের প্রথম দিন থাকা সত্ত্বেও হাজার হাজার বিক্ষোভকারী ব্যারিকেড ভেঙে সংসদের মাত্র ১০০ মিটার দূর পর্যন্ত পৌঁছে যান। প্রায় তিন হাজার নিরাপত্তাকর্মী মোতায়েন এবং ইন্টারনেট সেবা বন্ধ রেখেও পুলিশ প্রাথমিক অবস্থায় এই নেতৃত্বহীন বিপুল জনস্রোতকে থামাতে ব্যর্থ হয়। পরবর্তীতে সংসদ ভবনের কাছে আড়াআড়ি বাস রেখে তাদের আটকানোর চেষ্টা করা হয় এবং একপর্যায়ে তা সহিংস রূপ নিলে পুলিশ কাঁদানে গ্যাস ও লাঠিচার্জ চালিয়ে ভিড় ছত্রভঙ্গ করে। বিক্ষোভের তীব্রতা দেখে মোদী সরকার নমনীয় অবস্থান গ্রহণ করতে বাধ্য হয়। রোববার রাতে ও সোমবার সকালে সরকারের প্রাথমিক আলোচনার প্রস্তাব আন্দোলনকারীরা প্রত্যাখ্যান করার পর, কেন্দ্রীয় সরকার স্বাস্থ্যমন্ত্রী জে পি নাড্ডাকে শিক্ষার্থীদের প্রতিনিধিদলের সাথে বৈঠকের দায়িত্ব দেয়। বেলা ১১টা ৫০ মিনিট থেকে শুরু হওয়া এই বৈঠকে শিক্ষার্থীরা একটি লিখিত আবেদন জমা দেন। স্বাস্থ্যমন্ত্রী বৈঠকটিকে 'সৌহার্দ্যপূর্ণ' উল্লেখ করে পরিস্থিতি স্বাভাবিক করতে বিক্ষোভকারীদের অবস্থান কর্মসূচি প্রত্যাহারের আহ্বান জানান। একই সময়ে সংসদ ভবনের ভেতরেও এনডিএ সরকারের জ্যেষ্ঠ মন্ত্রীরা দফায় দফায় রুদ্ধদ্বার বৈঠক করেন। কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ ও শিক্ষামন্ত্রী ধর্মেন্দ্র প্রধানের মধ্যে প্রায় সাড়ে তিন ঘণ্টাব্যাপী বৈঠক অনুষ্ঠিত হয়।
(রেডিও তেহরান ওয়েব পেজ : ২১.০৭.২০২৬ আলী আহমেদ)

## গাজার হাসপাতালে সাম্প্রতিক ইসরায়েলি হামলাকে পরিকল্পিত গণহত্যা বলে নিন্দা জানাল হামাস

সংবাদ সূত্র জানিয়েছে, ইহুদিবাদী ইসরায়েলি বাহিনী গাজার উত্তরাঞ্চলে অবস্থিত আল-ইয়ামান আস-সাঈদ হাসপাতালে ক্ষেপণাস্ত্র হামলা চালিয়েছে। গতকাল সোমবার রাতে ইসরায়েলি যুদ্ধবিমান উত্তর গাজা উপত্যকার জাবালিয়ায় অবস্থিত আল-ইয়ামান আস-সাঈদ হাসপাতালে চালিয়েছে। এ হামলায় অন্তত চারজন ফিলিস্তিনি শহিদ এবং আরও কয়েকজন আহত হয়েছেন। হতাহতরা বাস্তুচ্যুত ফিলিস্তিনি হিসেবে সেখানে আশ্রয় নিয়েছিলেন। জাওয়াইদা এলাকায় সালাহউদ্দিন সড়কে ইসরায়েলি বাহিনীর আরেকটি হামলায় দু-জন নিহত এবং কয়েকজন আহত হয়েছেন। এছাড়া আল-জাজিরা জানিয়েছে, গত ২৪ ঘণ্টায় গাজা উপত্যকায় ইসরায়েলি হামলায় নারী ও শিশুসহ ১৩

জন ফিলিস্তিনি শহিদ হয়েছেন। গাজা শহরের দক্ষিণে আস-সাবরা এলাকায় একটি বাড়িতে বিমান হামলায় তিন শিশুসহ পাঁচজন ফিলিস্তিনি শহিদ হয়েছেন। এ ঘটনার প্রতিক্রিয়ায় ফিলিস্তিনি ইসলামি প্রতিরোধ আন্দোলন (হামাস) এক বিবৃতিতে বলেছে, ইসরায়েলি যুদ্ধবিমান গাজার বিভিন্ন এলাকায় বাস্তুচ্যুত ফিলিস্তিনি, নিরস্ত্র বেসামরিক নাগরিক এবং সাধারণ মানুষের বাড়িঘরে যে নৃশংস হামলা চালিয়েছে, তা ফিলিস্তিনি জনগণের বিরুদ্ধে ইসরায়েলের প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহু পরিচালিত গণহত্যার যুদ্ধের অংশ হিসেবে একটি পরিকল্পিত আগ্রাসন। হামাসের ভাষায়, এসব হামলা আন্তর্জাতিক আইন ও মানবিক নীতিমালার সুস্পষ্ট লঙ্ঘন। বিবৃতিতে আরও বলা হয়েছে, দখলদার ইসরায়েলি বাহিনীর এসব ভয়াবহ অপরাধ ও ধারাবাহিক হত্যাকাণ্ড ফিলিস্তিনি জনগণের নিজ ভূমি ও ন্যায্য অধিকারের প্রতি অঙ্গীকারকে আরও দৃঢ় করবে এবং স্বাধীনতা, মর্যাদা ও বেঁচে থাকার অধিকারের জন্য তাদের সংগ্রামকে আরও শক্তিশালী করবে। হামাস জোর দিয়ে বলেছে, এসব অপরাধ কখনোই ফিলিস্তিনি জনগণকে তাদের প্রতিরোধ ও অবিচল অবস্থান থেকে বিরত রাখতে পারবে না। একইসঙ্গে, ফিলিস্তিনিদের নিজ ভূমি থেকে উচ্ছেদের লক্ষ্যে পরিচালিত ইহুদিকরণ, অবৈধ বসতি স্থাপন এবং সম্প্রসারণবাদী পরিকল্পনার বিরুদ্ধেও তাদের প্রতিরোধ অব্যাহত থাকবে। (রেডিও তেহরান ওয়েব পেজ : ২১.০৭.২০২৬ আলী আহমেদ)

## এনএইচকে

### মার্কিন সেনাদের মৃত্যুর জন্য তেহরানকে 'মূল্য দিতে হবে' : ট্রাম্পের হুঁশিয়ারি

সাম্প্রতিক দিনগুলোতে চলমান হামলায় মার্কিন সেনা সদস্য নিহত হওয়ার পর মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ইরানের তীব্র সমালোচনা করেছেন। তিনি সতর্ক করে বলেছেন, যতবার কোনো মার্কিন সেনাকে হত্যা করা হবে, তেহরানকে ততবার তার চেয়ে "বহুগুণ" মূল্য দিতে হবে। ট্রাম্প সোমবার সামাজিক যোগাযোগ মাধ্যমে এই হুমকি দিয়েছেন। তিনি বলেন, তিনি এই 'নির্দেশনা' প্রতিরক্ষামন্ত্রী পিট হেগসেথসহ সামরিক নেতৃবৃন্দের কাছে পাঠিয়েছেন। মার্কিন সেন্ট্রাল কমান্ড জানিয়েছে, তারা ইরানের উপর 'আরও এক দফা' হামলা সম্পন্ন করেছে। টানা দশ দিন ধরে এই হামলা চলছে। ইরানের তাসনিম নিউজ এজেন্সি সোমবার ইসলামিক রেভল্যুশনারি গার্ড কর্পস বা আইআরজিসির একটি বিবৃতি প্রকাশ করেছে। আইআরজিসি দাবি করেছে যে, তারা এই অঞ্চলে মার্কিন বাহিনীর বিরুদ্ধে ধারাবাহিক হামলা চালিয়েছে। এতে বলা হয়েছে, আইআরজিসি বাহরাইনে একটি ড্রোন হ্যাংগার এবং কুয়েতের একটি সামরিক ঘাঁটিতে মার্কিন বিশেষ অভিযান বাহিনীর সাথে যুক্ত একটি স্থাপনা ধ্বংস করেছে। এদিকে, ওয়াল স্ট্রিট জার্নাল বিভিন্ন সূত্রের বরাত দিয়ে জানিয়েছে যে, উত্তেজনা প্রশমনের জন্য কাতারের মধ্যস্থতাকারীরা ১০ দিনের যুদ্ধবিরতির প্রস্তাব দিয়েছেন। তবে পত্রিকাটি বলেছে, কোনো পক্ষই তা গ্রহণ করতে প্রস্তুত কি না, তা স্পষ্ট নয়।

(এনএইচকে ওয়েব পেজ: ২১.০৭.২০২৬ রুবাইয়া)

## ডয়চে ভেলে

### মাইলস্টোন ট্র্যাজেডি; বেদনার ও বিচারের অপেক্ষার এক বছর

আজ ২১ জুলাই। গত বছর এই দিনে বাংলাদেশের রাজধানী ঢাকার উত্তরার মাইলস্টোন স্কুল অ্যান্ড কলেজে বিমানবাহিনীর একটি যুদ্ধবিমান বিধ্বস্ত হওয়ায় ৩৬ জন প্রাণ হারায়। বিভিন্ন হাসপাতালে চিকিৎসা নেন অন্তত ৮০ জন। অনেক পরিবারে এখনো চলছে স্বজন হারানোর আহাজারি। চলছে স্বাভাবিক জীবনে ফেরার লড়াই এবং সুষ্ঠু বিচার পাওয়ার অপেক্ষা। ডয়চে ভেলের কন্টেন্ট পার্টনার প্রথম আলোর এক প্রতিবেদনে মানসুরা হোসাইন বিশদে তুলে ধরেছেন তাদের কথা। "সকালে সুস্থ সন্তানকে হাতে ধরে স্কুলে দিয়ে এলাম। দুপুরে ডিমভুনা আর ভাত দিয়ে টিফিন দিয়ে আসি। টিফিনটা খাইছিল কি না, তা-ও জানি না। একদিন পরে হাসপাতাল থেকে এই সন্তানের লাশ নিয়ে বাড়ি ফিরি। এমনভাবে পুড়ছিল যে, চেহারাটাও চেনা যাচ্ছিল না। কত বলছি, আম্মুর দিকে তাকাও, আম্মুকে একবার ডাকো। কিন্তু তাকায়নি, ডাকেনি।" ছেলে বোরহান উদ্দিন বাপ্পিকে নিয়ে এভাবেই কথাগুলো বলছিলেন বীথি আক্তার। বোরহান রাজধানীর উত্তরার দিয়াবাড়ির মাইলস্টোন স্কুল অ্যান্ড কলেজে তৃতীয় শ্রেণিতে পড়ত। গত বছরের ২১ জুলাই শিক্ষাপ্রতিষ্ঠানটির এই ক্যাম্পাসে বিমানবাহিনীর একটি যুদ্ধবিমান বিধ্বস্ত হয়। এ ঘটনায় দগ্ধ হয়েছিল বোরহান। পরের দিন ভোরে রাজধানীর জাতীয় বার্ন ও প্লাস্টিক সার্জারি ইনস্টিটিউটে সে মারা যায়। মাইলস্টোন ট্র্যাজেডির এক বছর পূর্তির আগে নিহত ও আহত একাধিক শিক্ষার্থীর পরিবারের সদস্যদের সঙ্গে কথা বলে দেখা গেছে, তারা সবাই এ ঘটনার সুষ্ঠু বিচার চান। আহত ব্যক্তিদের চিকিৎসার পাশাপাশি পুনর্বাসন চান। তারা চান, আইনিপ্রক্রিয়া অনুসরণ করে রাষ্ট্র তাদের যথাযথ ক্ষতিপূরণ দিক। তবে তারা ক্ষোভ-আক্ষেপ নিয়ে বললেন, এক বছরে এসবের কোনো নজির দেখতে পাননি। যুদ্ধবিমান বিধ্বস্তের ঘটনায় শিক্ষাপ্রতিষ্ঠানটির ২৮ শিক্ষার্থী, ৩ জন শিক্ষক, ৩ জন অভিভাবক, ১ জন আয়াসহ মোট ৩৫ জন নিহত হন। এ ছাড়া যুদ্ধবিমানটির পাইলট ফ্লাইট লেফটেন্যান্ট মো. তৌকির ইসলামও প্রাণ হারান। দুর্ঘটনার পর বিভিন্ন হাসপাতালে চিকিৎসা নেন ৮০ জন। বার্ন ইনস্টিটিউটে ভর্তি হয়েছিলেন ৫৭ জন। দিয়াবাড়ির মাইলস্টোন স্কুল অ্যান্ড কলেজের কাছেই তারারটেক মসজিদ এলাকায় পারিবারিক কবরস্থানে বোরহানকে দাফন করা হয়। সেখানে আরও কবর দেওয়া হয় একই ঘটনায় মারা যাওয়া শিক্ষাপ্রতিষ্ঠানটির চতুর্থ শ্রেণির শিক্ষার্থী মাহিদ হাসান আরিয়ান ও তৃতীয় শ্রেণির ওমাইর নূর আসফিকে। এই তিন শিশুই নিকটাত্মীয়। বীথি আক্তার বলেন,

বোরহানের ছোটো ভাই হজরত বেলাল উদ্দিন বিজয় শিক্ষাপ্রতিষ্ঠানটির একই ক্যাম্পাসে প্লে গ্রুপে পড়তো। বড়ো ছেলে বোরহানের স্মৃতি তাড়া করে। তাই ছোটো ছেলেকে অন্য স্কুলে ভর্তি করা হয়েছে। স্কুলটির ষষ্ঠ শ্রেণির শিক্ষার্থী ছিল তাহিয়া আশরাফ নাজিয়া। আরিয়ান আশরাফ নাফি ছিল তৃতীয় শ্রেণির শিক্ষার্থী। এ ঘটনায় নাজিয়া মারা যায় ২২ জুলাই, নাফি ২৩ জুলাই। তারা ছিল আপন ভাই-বোন। বাবা আশরাফুল ইসলাম জানান, নাজিয়ার শরীরের ৯০ শতাংশ দগ্ধ হয়েছিল। নাফির শরীরের প্রায় পুরোটাই পুড়ে গিয়েছিল। সপ্তম শ্রেণির ছাত্র নাভিদ নাওয়াজ দীপ্ত অগ্নিদগ্ধ হয়ে বার্ন ইনস্টিটিউটে ৯৭ দিন চিকিৎসাধীন ছিল। ভর্তির পর তাকে ১০ দিন লাইফ সাপোর্টে রাখা হয়েছিল। পরে নিবিড় পরিচর্যা কেন্দ্র (আইসিইউ), হাই ডিপেন্ডেন্সি ইউনিট (এইচডিইউ) ও কেবিনে চিকিৎসাধীন ছিল সে। চিকিৎসাকালে তার শরীরে ৩৬ বার অস্ত্রোপচার করা হয়। স্কিন গ্রাফটিং (শরীরের একটি অংশ থেকে ত্বক কেটে নিয়ে ক্ষতিগ্রস্ত অংশে প্রতিস্থাপন) করা হয় আটবার। গত বছরের ২৭ অক্টোবর সে বাড়ি ফেরে। তবে তাকে এখনো নিয়মিত হাসপাতালে যেতে হয়। রুপি বড়ুয়া রয়া পড়ত পঞ্চম শ্রেণিতে। তাকে বার্ন ইনস্টিটিউটে তিন মাস ভর্তি থাকতে হয়েছিল। দগ্ধ হওয়ায় তার হাতের আঙুল একটার সঙ্গে আরেকটা প্রায় লেগে আছে। সে এখন মাইলস্টোনেই ষষ্ঠ শ্রেণিতে পড়ছে। তবে সে স্কুলে যেতে পারে না। বাসায় প্রাইভেট শিক্ষক এসে পড়ান। রুপি বড়ুয়া ঘটনার দিন স্কুলে যেতে চাইছিল না। তার মা-বাবা তাকে জোর করে স্কুলে পাঠিয়েছিলেন। তাই ঘটনার পর থেকে মা-বাবার ওপর ভীষণ অভিমান তার। শারীরিক চিকিৎসার পাশাপাশি মানসিক চিকিৎসা নিতে হচ্ছে রুপি বড়ুয়াকে। তার বড়ো বোন একা বড়ুয়া প্রথম আলোকে বলেন, "এ দুর্ঘটনায় আমাদের পুরো পরিবার শেষ হয়ে গেছে। বোনের পাশে থাকতে হচ্ছে বলে অনার্স শেষ করার পর আমি আর পড়াশোনা, চাকরি কিছুই করতে পারছি না। বোন একা বাথরুমেও যেতে পারে না। দুর্ঘটনার সময় মেজ বোন এইচএসসি পরীক্ষা দিচ্ছিল। ও এখন পর্যন্ত কোথাও ভর্তি হওয়ার সুযোগ পায়নি। বোনের চিকিৎসায় খরচ তো আছেই। এসবের দায় নেবে কে?"

## তদন্ত, প্রতিবেদন, রিট

দুর্ঘটনার পর গত বছরের ২৭ জুলাই ৯ সদস্যের একটি তদন্ত কমিশন গঠন করে তৎকালীন অন্তবর্তী সরকার। কমিশনকে যুদ্ধবিমান বিধ্বস্ত হওয়ার পরিপ্রেক্ষিত, কারণ, দায়দায়িত্ব, ক্ষয়ক্ষতি নিরূপণ এবং ঘটনাসংশ্লিষ্ট অপরাপর বিষয় চিহ্নিত করতে বলা হয়েছিল। ঘটনার তিন মাস পর কমিশন গত বছরের ৫ নভেম্বর তৎকালীন অন্তবর্তী সরকারের প্রধান উপদেষ্টা অধ্যাপক মুহাম্মদ ইউনূসের কাছে তদন্ত প্রতিবেদন জমা দেয়। পরে রাজধানীর ফরেন সার্ভিস অ্যাকাডেমিতে সংবাদ সম্মেলন করে তদন্ত প্রতিবেদনের কিছু তথ্য ও কিছু সুপারিশ তুলে ধরেন তৎকালীন প্রধান উপদেষ্টার প্রেস সচিব শফিকুল আলম। সংবাদ সম্মেলনে তিনি জানিয়েছিলেন, তদন্ত কমিশন ১৫০ জনের সঙ্গে কথা বলেছে। ১৬৮টি তথ্য উদ্‌ঘাটন করেছে। ৩৩টি সুপারিশ করেছে। তদন্ত প্রতিবেদনের বরাত দিয়ে সংবাদ সম্মেলনে জানানো হয়, দুর্ঘটনার মূল কারণ পাইলটের উড্ডয়ন ত্রুটি। মাইলস্টোন স্কুলের ভবনটি রাজউকের বিল্ডিং কোড অনুযায়ী অনুমোদিত হয়নি। বিল্ডিং কোড অনুযায়ী ওই ভবনে ন্যূনতম তিনটি সিঁড়ি থাকার কথা ছিল। কিন্তু ছিল মাত্র একটি। তিনটি থাকলে হতাহত আরো কমতো। কমিটির প্রধান সুপারিশ ছিল জননিরাপত্তার স্বার্থে বিমানবাহিনীর সব প্রাথমিক প্রশিক্ষণ ঢাকার বাইরে পরিচালনা করা। তদন্ত প্রতিবেদন গণমাধ্যমে প্রকাশ এবং শিক্ষাপ্রতিষ্ঠানটির উত্তরা ক্যাম্পাসের ভবন নির্মাণের ক্ষেত্রে জাতীয় বিল্ডিং কোড অনুসরণ না করে অনুমোদনের জন্য দায়ী ব্যক্তিদের বিরুদ্ধে পদক্ষেপ জানানোয় নিষ্ক্রিয়তা নিয়ে প্রশ্ন তুলে গত ফেব্রুয়ারিতে হাইকোর্টে একটি রিট হয়। নিহত আট ও আহত এক শিক্ষার্থীর অভিভাবক এবং বাংলাদেশ লিগ্যাল এইড অ্যান্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট) রিটটি করে। আদালতে রিটের পক্ষে শুনানি করেন আইনজীবী আমিরুল হক। গত ৮ মার্চ হাইকোর্ট রুল দেন। তদন্ত কমিশনের প্রতিবেদন গণমাধ্যমে প্রকাশ ও ভুক্তভোগীদের অনুলিপি দিতে নিষ্ক্রিয়তা কেন আইনগত কর্তৃত্ববহির্ভূত ঘোষণা করা হবে না, তা রুলে জানতে চান আদালত। দুর্ঘটনায় আহত ও নিহত ব্যক্তিদের পরিবারকে পর্যাপ্ত ক্ষতিপূরণ দিতে নিষ্ক্রিয়তা কেন আইনগত কর্তৃত্ব-বহির্ভূত ঘোষণা করা হবে না, সে বিষয়ে রুলে জানতে চাওয়া হয়। একই ঘটনায় আগে হাইকোর্টে আরেকটি রিট হয়। সুপ্রিম কোর্টের আইনজীবী মো. আনিসুর রহমান রায়হান ২০২৫ সালের ২২ জুলাই এ রিট করেন। রিটে রুলসহ কয়েকটি নির্দেশ দেন হাইকোর্ট। এ রিটে মামলায় ভুক্তভোগী পরিবারের ১১ জন সদস্য পক্ষভুক্ত হন।

কাফি আহমেদ তাইফ পড়তো পঞ্চম শ্রেণিতে। সে বার্ন ইনস্টিটিউটে ভর্তি ছিল ৭০ দিন। এখনো সে হাত মুঠ করতে পারে না। তার মুখ পুড়ে গিয়েছিল। কাফির বাবা মেরাজ আহমেদ এ রিট মামলার পক্ষভুক্তদের একজন। তিনি বলেন, হাসপাতালে ছেলের চিকিৎসা হয়েছে সরকারি খরচে। তবে এ ধরনের রোগীদের খাবার ও কিছু ঔষধ বাইরে থেকে কিনতে হয়। এতে কয়েক লাখ টাকা খরচ হয়ে গেছে। এখনো ফলোআপ লাগছে। ছেলে স্কুলে যাচ্ছে, বিনামূল্যে পড়ছে। তবে ছেলে মানসিকভাবে খুবই অসুস্থ। তার চেহারা কেন এমন হয়ে গেল, তা সে মানতে পারে না। আইনজীবী আমিরুল হক প্রথম আলোকে বলেন, এ ঘটনায় বর্তমানে দুটি মামলা (রিট) হাইকোর্টে শুনানির অপেক্ষায় আছে। গত বছরের ২৫ জুলাই বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (বিআইপি) 'মাইলস্টোন স্কুলে বিমান দুর্ঘটনা : জননিরাপত্তা ও উন্নয়ন নিয়ন্ত্রণে রাষ্ট্রের দায় ও করণীয়' শীর্ষক একটি অনুসন্ধান প্রতিবেদন প্রকাশ করে। প্রতিবেদনে বলা হয়, মাইলস্টোন স্কুল অ্যান্ড কলেজ কারিগরিভাবে বৈধ হলেও, এটি হজরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের অ্যাপ্রোচ

এরিয়ার (বিমান উড্ডয়ন ও অবতরণ অঞ্চল) মধ্যে পড়েছে। বিমানবন্দরের অ্যাপ্রোচ এরিয়ায় থাকা স্কুল, কলেজ, মাদ্রাসাসহ জনসমাগম হয়- এমন সব প্রতিষ্ঠান সরিয়ে নেওয়া উচিত।

## সুষ্ঠু বিচার দাবি

মাইলস্টোন স্কুল অ্যান্ড কলেজ শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের আওতাধীন একটি বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠান। মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ গত ৩ জুন এক চিঠিতে জানায়, অর্থ বিভাগ এ ঘটনায় নিহত ব্যক্তিদের প্রত্যেক পরিবারকে এককালীন ২০ লাখ টাকা এবং আহত ব্যক্তিদের পরিবারকে এককালীন ৫ লাখ টাকা ক্ষতিপূরণ দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে। আহত ও নিহত ব্যক্তিদের পরিবারকে এ তথ্য জানাতে স্কুল কর্তৃপক্ষকে তিনটি চিঠি দেওয়া হয়েছে। অভিভাবকদের বরাতে স্কুল কর্তৃপক্ষ জানায়, ঘোষিত অনুদানের পরিমাণ বাস্তব প্রয়োজনের তুলনায় অপ্রতুল। এটি পুনর্বিবেচনা করতে হবে। মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের ৩ জুনের চিঠিতে উল্লেখ করা হয়েছিল, অর্থ ছাড়করণের সর্বশেষ তারিখ ২০২৬ সালের ২৫ জুন। এ তারিখের মধ্যে বরাদ্দ করা অর্থ ছাড় করা না হলে তা সরকারি কোষাগারে স্বয়ংক্রিয়ভাবে ফেরত যাবে। পরে এই অর্থ আর ছাড় করার সুযোগ থাকবে না। মাইলস্টোন স্কুল অ্যান্ড কলেজের উপদেষ্টা কর্নেল (অব.) নুরন্নবী প্রথম আলোকে বলেন, দুর্ঘটনায় আহত শিক্ষার্থীদের মধ্যে কয়েকজন ছাড়া অন্যরা স্কুলে ফেরত এসেছে। যারা স্কুলে আসতে পারছে না, তাদের বাড়িতে শিক্ষক পাঠানো হচ্ছে। তারা সবাই বিনামূল্যে পড়ছে। ফিজিওথেরাপির জন্য একটি সেন্টার ঠিক করে দেওয়া হয়েছে। সেখানেও তারা বিনা মূল্যে সেবা পাচ্ছে। দুর্ঘটনায় নিহত শিক্ষাপ্রতিষ্ঠানটির তৃতীয় শ্রেণির শিক্ষার্থী ফাতেমা আক্তারের মামা সাংবাদিক লিওন মীর প্রথম আলোকে বলেন, “আহত ও নিহত ব্যক্তিদের পরিবারের পক্ষ থেকে ক্ষতিপূরণের এ অর্থ প্রত্যাখ্যান করা হয়েছে। আমরা ক্ষতিপূরণ চাই না। সন্তানের মৃত্যুর কোনো ক্ষতিপূরণ হয় না। আমরা ঘটনার সুষ্ঠু বিচার চাই। আইনি প্রক্রিয়ায় দায়ী প্রতিষ্ঠানগুলো জরিমানা দেবে, আমরা তা চাই।” (ডয়চে ভেলে ওয়েব পেজ: ২১.০৭.২০২৬ রনি)

## প্রতিশোধ নিতে চান ট্রাম্প, ফের হামলা ইরানে

ইরানের উপর আক্রমণ চালিয়ে যাচ্ছে আমেরিকা। এই নিয়ে পর পর দশ রাত চলল আক্রমণ। মার্কিন সেনাবাহিনীর সেন্ট্রাল কমান্ড বা সেন্টকম জানিয়েছে, “হরমুজ প্রণালিতে ইরান যে হামলা চালাচ্ছে, তার শক্তি ক্ষয় করতেই এই আক্রমণ।” ইরানের আধা সরকারী সংবাদমাধ্যম জানিয়েছে, দক্ষিণ উপকূলে বুশেয়র পারমাণবিক কেন্দ্রের কাছে আকাশসীমা প্রতিরক্ষা ব্যবস্থা চালু করা হয়েছে। হরমুজ প্রণালির উপর কার আধিপত্য থাকবে, তাই নিয়ে আমেরিকা এবং ইরানের মধ্যে সংঘাত চলছে। শুক্রবার, জর্ডানে ইরানের আক্রমণে দুইজন মার্কিন সেনার মৃত্যু হয়েছে। তৃতীয় মৃত ব্যক্তির পরিচয় জানা যায়নি। সোমবার মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প জানিয়েছেন, মার্কিন সেনা হত্যার দাম দিতে হবে ইরানকে। অন্যদিকে, ইরান জানিয়েছে, মঙ্গলবার কুয়েতে মার্কিন সামরিক ঘাঁটি ক্যাম্প আরিফজানে হামলা চালানো হয়েছে। ইরানের সরকারি সংবাদমাধ্যম জানিয়েছে, এই ঘাঁটিতে মিসাইল নিয়ন্ত্রণ ব্যবস্থার উপর আক্রমণ চালানো হয়েছে। মঙ্গলবারেই ওমানের কাছে হরমুজ প্রণালিতে একটি ট্যাংকারের উপর অজ্ঞাত কোনো একটি বস্তু নিক্ষিপ্ত হয়। যুক্তরাজ্যের ইউকে মেরিটাইম ট্রেড অপারেশনস এজেন্সি একথা জানিয়েছে। এর আগের দিনেও হরমুজে আরেকটি ট্যাংকারে আগুন লাগে। (ডয়চে ভেলে ওয়েব পেজ: ২১.০৭.২০২৬ রনি)

## অনশন চলবে জানালেন সোনম

সোমবার ককরোচ জনতা পার্টির পার্লামেন্ট অভিযান ঘিরে কার্যত রণক্ষেত্রের চেহারা নয়াদিল্লির একাধিক অঞ্চল। আন্দোলনকারীদের একাংশ পৌঁছে যায় সংসদ ভবনের সামনে। টিয়ার গ্যাস ছুঁড়ে এবং লাঠিচার্জ করে পুলিশ জনতাকে ছত্রভঙ্গ করে। এরই মধ্যে কেন্দ্রীয় মন্ত্রী জেপি নাড্ডার সঙ্গে দেখা করেন সিজেপির দুই নেতা। বৈঠকের পর তারা জানান, দাবি না মানা পর্যন্ত অবস্থান বিক্ষোভ চলবে। অন্যদিকে বিক্ষোভকারীদের পুলিশের লাঠিচার্জ এবং কাঁদানে গ্যাস ছোঁড়ার প্রতিবাদে সোনম ওয়াংচুকও অনশন চালিয়ে যাবেন বলে জানা গেছে। সোনমের স্ত্রী গীতাঞ্জলি সোনমের হাতে লেখা একটি নোট সংবাদমাধ্যমকে দেখিয়েছেন, যেখানে একথা বলা হয়েছে। অন্যদিকে, কেন্দ্রীয় মন্ত্রী জেপি নাড্ডা জানিয়েছেন, সিজেপির সঙ্গে সদর্থক আলোচনা হয়েছে। সিজেপির তরফে জানানো হয়েছে, মঙ্গলবারও অবস্থান বিক্ষোভ চলবে। সমর্থকদের শান্তি বজায় রাখার আহ্বান জানানো হয়েছে।
(ডয়চে ভেলে ওয়েব পেজ: ২১.০৭.২০২৬ রনি)

# জাগো নিউজ

## পারফরম্যান্সে সন্তুষ্ট না হলে নতুন মুখ আনতে পারেন প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী কারও পারফরম্যান্সে সন্তুষ্ট না হলে প্রয়োজনে দপ্তর পুনর্বণ্টন কিংবা উপদেষ্টা পরিষদে নতুন মুখ যুক্ত করতে পারেন বলে জানিয়েছেন প্রধানমন্ত্রীর তথ্য ও সম্প্রচার উপদেষ্টা জাহেদ উর রহমান। তবে, মন্ত্রিসভায় সম্ভাব্য রদবদল সরকারের ১৮০ দিনের আগে নাকি পরে হবে, সে বিষয়ে তিনি নির্দিষ্ট করে কিছু বলেননি। মঙ্গলবার (২১ জুলাই) সচিবালয়ে তথ্য অধিদপ্তরের সম্মেলন কক্ষে সরকারের বিভিন্ন কার্যক্রমের অগ্রগতি নিয়ে সংবাদ সম্মেলনে উপদেষ্টা এ কথা বলেন। সরকারের ১৮০ দিন সামনে রেখে মন্ত্রিসভায় রদবদল হতে পারে বলে এক ধরনের আলোচনা হচ্ছে। এটার বাস্তবতা কতটুকু? এ বিষয়ে উপদেষ্টা বলেন, আমিও জানি না, আমিও মিডিয়াতে দেখছি। এর বেশি কিছু না।

তবে একটা জিনিস গ্রসলি আমরা মনে করতে পারি, এটা শুধু ১৮০ দিনের কথা বলছি না। সেই পুরোনো কথা, যে একটা ফ্যাসিস্ট বা মাফিয়া রেজিম দেখাতে চায়, তিনি যা করেছেন, সঠিক করেছেন। আমি ভুল নিতে পারি না, আমি নিজে ভুল না, আমার সব ঠিক আছে। ফলে তারা তাদের সিদ্ধান্ত থেকে সরে আসেন না। তিনি বলেন, প্রধানমন্ত্রী একটা মন্ত্রিসভা তৈরি করেছেন, একটা উপদেষ্টা পরিষদ তৈরি করেছেন। এটুকু ওনার সঙ্গে কথা প্রসঙ্গে আমি যতটুকু বুঝি- ওনার যদি কখনও মনে হয় যে, কেউ ভালো পারফর্ম করতে পারছেন না, তার জায়গায় দপ্তর পুনর্বণ্টন অথবা নতুন কাউকে দেওয়া, এগুলো যদি প্রয়োজন মনে করেন, তিনি সেটা করবেন। কারণ, দিনের শেষে জনগণের কল্যাণ করা। উপদেষ্টা আরও বলেন, প্রধানমন্ত্রী হিসেবে ওনার কোনো চয়েস বা কোনো সিদ্ধান্ত আরো বেটার করার সুযোগ যদি থাকে, তিনি সেটা করবেন। তার সঙ্গে আমার ব্যক্তিগতভাবে কথা বলে মনে হয়েছে। এটা এখন ১৮০ দিনের পরপর হবে, না তার চেয়েও একটু সময় লাগবে, সেটা আমি নিশ্চিতভাবে বলতে পারছি না।
(জাগো নিউজ ওয়েব পেজ:২১.০৭.২০২৬ রিহাব)

## গ্যাস সরবরাহে বড়ো ঘাটতি, তিতাসের গ্রাহকদের দুর্ভোগ বাড়বে

কারিগরি ত্রুটির কারণে মহেশখালীতে অবস্থিত এলএনজি টার্মিনালগুলো থেকে রিগ্যাসিফায়েড এলএনজি (আরএলএনজি) সরবরাহ প্রায় ৪৫০ মিলিয়ন ঘনফুট (এমএমসিএফডি) কমে গেছে। এতে পরিস্থিতির উন্নতি না হওয়া পর্যন্ত তিতাস গ্যাসের অধিভুক্ত এলাকায় গ্যাসের তীব্র স্বল্পচাপ বিরাজ করবে। মঙ্গলবার (২১ জুলাই) এক বার্তায় এ তথ্য জানিয়েছে তিতাস গ্যাস ট্রান্সমিশন অ্যান্ড ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড। বিজ্ঞপ্তিতে বলা হয়, মহেশখালীর এলএনজি টার্মিনালসমূহে কারিগরি ত্রুটির কারণে আরএলএনজি সরবরাহ প্রায় ৪৫০ এমএমসিএফডি হ্রাস পেয়েছে। ফলে তিতাস গ্যাস অধিভুক্ত এলাকায় গ্যাসের সরবরাহে ঘাটতি দেখা দিয়েছে। এ অবস্থায় পরিস্থিতির উন্নতি না হওয়া পর্যন্ত আবাসিক, বাণিজ্যিক, শিল্প, সিএনজি ও অন্যান্য শ্রেণির গ্রাহকদের গ্যাসের তীব্র স্বল্পচাপের মুখে পড়তে হবে। সাময়িক এ অসুবিধার জন্য গ্রাহকদের কাছে আন্তরিকভাবে দুঃখ প্রকাশ করেছে তিতাস গ্যাস কর্তৃপক্ষ।
(জাগো নিউজ ওয়েব পেজ:২১.০৭.২০২৬ রিহাব)

## এইচএসসির রুটিন নিয়ে ভুয়া বিজ্ঞপ্তি, সতর্ক করলো আন্তঃশিক্ষা বোর্ড

সামাজিক যোগাযোগমাধ্যমে এইচএসসি ও সমমান পরীক্ষার সময়সূচি পরিবর্তনের নামে ছড়িয়ে পড়া বিজ্ঞপ্তিকে সম্পূর্ণ ভুয়া, ভিত্তিহীন ও উদ্দেশ্যপ্রণোদিত বলে জানিয়েছে বাংলাদেশ আন্তঃশিক্ষা বোর্ড পরীক্ষা নিয়ন্ত্রক কমিটি। একইসঙ্গে শিক্ষার্থী, অভিভাবক, শিক্ষকসহ সংশ্লিষ্ট সবাইকে এ ধরনের বিভ্রান্তিকর তথ্য বিশ্বাস বা শেয়ার না করার আহ্বান জানানো হয়েছে। মঙ্গলবার (২১ জুলাই) ঢাকা মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক এবং বাংলাদেশ আন্তঃশিক্ষা বোর্ড পরীক্ষা নিয়ন্ত্রক কমিটির আহ্বায়ক অধ্যাপক জেসমিন তাসলিমা বানুর সই করা এক জরুরি গণবিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। বিজ্ঞপ্তিতে বলা হয়, সামাজিক যোগাযোগমাধ্যমে আন্তঃশিক্ষা বোর্ড পরীক্ষা নিয়ন্ত্রক কমিটির নামে একটি ভুয়া বিজ্ঞপ্তি প্রচার করা হচ্ছে। সেখানে দাবি করা হয়েছে, আগামী ২৭ জুলাই ২০২৬ থেকে পূর্বনির্ধারিত সময়সূচি অনুযায়ী এইচএসসি ও সমমানের পরীক্ষা অনুষ্ঠিত হবে। তবে এ দাবির কোনো সত্যতা নেই।
(জাগো নিউজ ওয়েব পেজ:২১.০৭.২০২৬ রিহাব)

## মধ্যস্থতায় মামলা ৬২% কমেছে, এক বছরে বিচার বিভাগে আশার আলো দেখা যাবে

মামলাপূর্ব বাধ্যতামূলক মধ্যস্থতা (মিডিয়েশন) কার্যক্রমের ফলে পাইলট প্রকল্পের ২০ জেলায় বিভিন্ন ধরনের মামলার গড় হার ৬২ দশমিক ২ শতাংশ কমেছে বলে জানিয়েছেন আইনমন্ত্রী মো. আসাদুজ্জামান। তিনি বলেন, এই ধারা অব্যাহত থাকলে আগামী এক বছরের মধ্যে দেশের বিচার বিভাগে চলমান মামলার জট উল্লেখযোগ্যভাবে কমিয়ে আনা সম্ভব। মঙ্গলবার (২১ জুলাই) সচিবালয়ে ১০ জেলায় মামলাপূর্ব বাধ্যতামূলক মধ্যস্থতা কার্যক্রমের উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। মন্ত্রী বলেন, দেশে প্রায় সাড়ে ৪৫ লাখ মামলা বিচারাধীন, যা বিচার বিভাগের জন্য বড়ো বোঝা। মামলার এই প্রবাহ কমাতে প্রি-ট্রায়াল বা মামলা দায়েরের আগেই মধ্যস্থতা কার্যকর ভূমিকা রাখছে। তিনি বলেন, পাইলট প্রকল্পের আওতায় ২০২৫ সালের ফেব্রুয়ারি থেকে মে পর্যন্ত পারিবারিক আদালত আইনে ৩ হাজার ৫৫৭টি মামলা দায়ের হলেও ২০২৬ সালের একই সময়ে তা কমে ১ হাজার ৭৪৪টিতে নেমেছে, যা ৫১ শতাংশ হ্রাস। একই সময়ে বণ্টন সংক্রান্ত দেওয়ানি মামলা ২ হাজার ১টি থেকে কমে ৬৬১টিতে নেমেছে, যা প্রায় ৬৭ শতাংশ কমেছে। যৌতুক নিরোধ আইনের মামলাও ৫ হাজার ৬০৫টি থেকে কমে ১ হাজার ৮১০টিতে নেমেছে। তিনি আরও বলেন, স্টেট অ্যাকুইজিশন অ্যান্ড টেন্যান্সি আইনের প্রিমশন মামলা ১৭টি থেকে ২টিতে, নন-অ্যাগ্রিকালচারাল টেন্যান্সি আইনের মামলা ৩১টি থেকে ১৪টিতে এবং পিতা-মাতার ভরণ-পোষণ আইনের মামলা ৪৩টি থেকে ৩৫টিতে নেমে এসেছে। আইনমন্ত্রী বলেন, মামলা দায়েরের আগেই যদি বিরোধের নিষ্পত্তি করা যায়, তাহলে আদালতে নতুন মামলার চাপ কমবে। একইসঙ্গে আদালতেও যেসব মামলা আপোশযোগ্য, সেগুলো আইনজীবী বা জেলা লিগ্যাল এইডের মাধ্যমে মধ্যস্থতার জন্য পাঠানো উচিত। (জাগো নিউজ ওয়েব পেজ:২১.০৭.২০২৬ রিহাব)

## পাটগ্রাম সীমান্তে বিএসএফের খুঁটি স্থাপনের চেষ্টা, বিজিবির বাধায় পণ্ড

লালমনিরহাটের সীমান্ত এলাকায় ভারতীয় সীমান্তরক্ষী বাহিনী (বিএসএফ) ও ভারতীয় নাগরিকদের অবৈধভাবে খুঁটি স্থাপনের চেষ্টা ব্যর্থ করে দিয়েছে বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি)। বিজিবির তাৎক্ষণিক হস্তক্ষেপে বিএসএফ সদস্যরা কাজ বন্ধ করে পিছু হটে। মঙ্গলবার (২১ জুলাই) সকালে এক সংবাদ বিজ্ঞপ্তিতে বিষয়টি নিশ্চিত করেছেন ৬১ বিজিবি ব্যাটালিয়নের সহকারী পরিচালক করিমুল ইসলাম। বিজ্ঞপ্তিতে জানানো হয়, সোমবার বিকেলে তিস্তা ব্যাটালিয়নের (৬১ বিজিবি) অধীন পাটগ্রাম উপজেলার পঁয়ষট্টিবাড়ি বিওপির দায়িত্বপূর্ণ সীমান্ত এলাকায়, আন্তর্জাতিক মেইন পিলার ৮৪৫/১-এস ও ৮৪৫/২-এস-এর মধ্যবর্তী স্থানে এ ঘটনা ঘটে। বিজিবি ও স্থানীয় সূত্রে জানা যায়, সীমান্তের শূন্যরেখা থেকে প্রায় ১০০ মিটার ভারতের অভ্যন্তরে কুচবিহার জেলার মেখলিগঞ্জ থানার হাড়িকামাত গ্রামের পানিশালা এলাকায় ভারতীয় ৯৮ ব্যাটালিয়ন বিএসএফের পানিশালা-১ ক্যাম্পের সদস্যরা স্থানীয় ভারতীয় নাগরিকদের সহযোগিতায় পূর্বে স্থাপিত বাঁশের খুঁটি অপসারণ করেন। পরে সেখানে নতুন করে প্রায় ৩ থেকে ৪ ফুট উচ্চতার সিমেন্টের খুঁটি স্থাপনের কাজ শুরু করেন। বিষয়টি নজরে আসার সঙ্গে সঙ্গে বিজিবির টহল দল দ্রুত ঘটনাস্থলে পৌঁছে অবৈধভাবে সিমেন্টের খুঁটি স্থাপনের কাজে বাধা দেয়। বিজিবির দৃঢ় অবস্থানের মুখে বিএসএফ সদস্যরা কাজ বন্ধ করে ঘটনাস্থল থেকে সরে যায়। ঘটনার পর সীমান্ত এলাকায় নিরাপত্তা জোরদার করা হয়েছে বলে জানিয়েছে বিজিবি। ৬১ বিজিবি ব্যাটালিয়নের পক্ষ থেকে জানানো হয়েছে, সীমান্তে অতিরিক্ত টহল জোরদার করা হয়েছে এবং যে-কোনো ধরনের অনাকাঙ্ক্ষিত পরিস্থিতি মোকাবিলায় বিজিবি সর্বোচ্চ সতর্ক অবস্থানে রয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:২১.০৭.২০২৬ রিহাব)

## নারীর দক্ষতা উন্নয়নে বাংলাদেশের পাশে থাকবে ফ্রান্স

সমাজ কল্যাণমন্ত্রী অধ্যাপক ডা. এ জেড এম জাহিদ হোসেনের সঙ্গে বাংলাদেশে নিযুক্ত ফ্রান্সের রাষ্ট্রদূত জিন মার্ক পেয়ে চারলেট সৌজন্য সাক্ষাৎ করেছেন। মঙ্গলবার (২১ জুলাই) সচিবালয়ে মন্ত্রীর অফিস কক্ষে এ সাক্ষাৎ হয়। সাক্ষাৎকালে দু-দেশের মধ্যে পারস্পরিক সহযোগিতা জোরদারকরণ, নারীর ক্ষমতায়ন, নারী অধিকার রক্ষা, নারী ও শিশুদের টেকসই উন্নয়ন, বাল্যবিবাহ প্রতিরোধ, ফ্যামিলি কার্ড, এমসিবিপি, মিড-ডে মিল, সন্ত্রাসবাদ নির্মূলসহ বিভিন্ন দ্বিপাক্ষিক স্বার্থসংশ্লিষ্ট বিষয়ে ফলপ্রসূ আলোচনা হয়। মন্ত্রী বলেন, ফ্রান্স বাংলাদেশের একটি নির্ভরযোগ্য ও বন্ধুত্বপূর্ণ উন্নয়ন সহযোগী। বাংলাদেশের স্বাধীনতার পর থেকে বিভিন্ন সময়ে ফ্রান্স সরকারের উন্নয়ন সহযোগিতা ও সমর্থনের জন্য মন্ত্রী কৃতজ্ঞতা প্রকাশ করেন। সাক্ষাৎকালে মন্ত্রী বলেন, প্রধানমন্ত্রী তারেক রহমান জনগণের কাছে দেওয়া নির্বাচনি প্রতিশ্রুতি অনুযায়ী নারী অধিকারকে প্রাধান্য দিয়ে নারীদের নামে ফ্যামিলি কার্ড দিচ্ছেন, যা বর্তমান সরকারের নারী নীতিরই অংশ। মন্ত্রী আরও বলেন, নারী শিক্ষাকে স্নাতক পর্যন্ত সম্পূর্ণ বিনামূল্যে করায় দেশে নারী শিক্ষার হার বাড়ার পাশাপাশি কর্মক্ষেত্রে নারীদের অংশগ্রহণ বৃদ্ধি পেয়েছে। কর্মজীবী নারীরা যাতে তাদের সন্তানদের নিরাপদে রেখে কাজে যেতে পারেন, সেজন্য দিবাযত্ন কেন্দ্র সম্প্রসারণ করা হচ্ছে। প্রধানমন্ত্রী এরই মধ্যে কয়েকটি দিবা যত্নকেন্দ্র পরিদর্শনও করেছেন। সাক্ষাৎকালে ফ্রান্সের রাষ্ট্রদূত বাংলাদেশে নারী ক্ষমতায়ন, জেন্ডার সমতা অর্জন এবং দুঃস্থ শিশুদের সুরক্ষায় সরকারের নেওয়া বিভিন্ন যুগান্তকারী পদক্ষেপ ও সমাজকল্যাণমূলক কার্যক্রমের ভূয়সী প্রশংসা করেন। তিনি বিশেষ করে ফ্যামিলি কার্ড এবং প্রান্তিক নারীদের অর্থনৈতিকভাবে স্বাবলম্বী করার উদ্যোগসমূহ টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (এসডিজি) অর্জনে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে বলে মত প্রকাশ করেন।
(জাগো নিউজ ওয়েব পেজ:২১.০৭.২০২৬ রিহাব)

## ষড়যন্ত্র হচ্ছে, নেতা-কর্মীদের ঐক্যবদ্ধ থাকার আহ্বান রিজভীর

চারদিকের ষড়যন্ত্রে হতাশ না হয়ে দলের সব নেতা-কর্মীকে ঐক্যবদ্ধ থাকার আহ্বান জানিয়েছেন বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব ও প্রধানমন্ত্রীর রাজনৈতিক উপদেষ্টা অ্যাডভোকেট রুহুল কবির রিজভী। মঙ্গলবার (২১ জুলাই) রাজধানীর পল্টনে যুবদলের সাবেক সহসভাপতি মরহুম জাকির হোসেন নান্নুর রুহের মাগফেরাত কামনায় দোয়া মাহফিলে তিনি এ আহ্বান জানান। বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব বলেন, ষড়যন্ত্র চারদিক থেকে হচ্ছে। তাই কিছু না পাওয়ার হতাশা প্রকাশ না করে সব নেতা-কর্মীকে ঐক্যবদ্ধ থাকার আহ্বান জানাচ্ছি। রিজভী বলেন, আন্তর্জাতিক আর দেশীয় আশ্রয়ে ছিলেন শহিদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের খুনি মোজাফফর হোসেন। সে ৪৫ বছর কীভাবে এতদিন টিকে থাকলো, সেটাই প্রশ্ন। এ সময় বিএনপির যুগ্ম মহাসচিব অ্যাডভোকেট আব্দুস সালাম আজাদ, যুবদলের সাধারণ সম্পাদক নুরুল ইসলাম নয়ন এমপি, স্বেচ্ছাসেবক বিষয়ক সম্পাদক মীর সরফত আলী সপু প্রমুখ উপস্থিত ছিলেন।
(জাগো নিউজ ওয়েব পেজ:২১.০৭.২০২৬ রিহাব)

## বাংলাদেশ-দক্ষিণ কোরিয়া প্রতিরক্ষা সহযোগিতা সম্প্রসারণে জোর

প্রধানমন্ত্রীর প্রতিরক্ষা উপদেষ্টা ব্রিগেডিয়ার জেনারেল (অব.) ড. এ কে এম শামছুল ইসলামের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেছেন বাংলাদেশে নিযুক্ত দক্ষিণ কোরিয়ার রাষ্ট্রদূত কিম জি-জুন। মঙ্গলবার (২১ জুলাই) দুপুরে ঢাকা সেনানিবাসে সশস্ত্র বাহিনী বিভাগের প্রতিরক্ষা উপদেষ্টার কার্যালয়ে এ সাক্ষাৎ অনুষ্ঠিত হয়। আন্তঃবাহিনী জনসংযোগ পরিদপ্তর (আইএসপিআর) এক সংবাদ বিজ্ঞপ্তিতে এসব তথ্য জানিয়েছে। আইএসপিআর জানায়, বৈঠকে উভয়পক্ষ বাংলাদেশ ও দক্ষিণ কোরিয়ার দীর্ঘদিনের সৌহার্দ্যপূর্ণ দ্বিপক্ষীয় সম্পর্কের কথা স্মরণ করেন এবং প্রতিরক্ষা সহযোগিতা আরও সম্প্রসারণের বিভিন্ন দিক নিয়ে আলোচনা করেন। আলোচনায় বাংলাদেশ সশস্ত্র বাহিনীর আধুনিকায়ন ও সক্ষমতা বৃদ্ধিতে দক্ষিণ কোরিয়ার সম্ভাব্য সহযোগিতার ক্ষেত্রগুলো গুরুত্ব পায়। বিশেষ করে সামরিক সরঞ্জাম, প্রতিরক্ষা প্রযুক্তি

বিনিময়, নৌ-জাহাজ নির্মাণ (শিপবিল্ডিং), যৌথ প্রশিক্ষণ এবং উচ্চতর সামরিক শিক্ষায় সহযোগিতা বাড়ানোর বিষয়ে উভয়পক্ষ ইতিবাচক মনোভাব ব্যক্ত করেন। এছাড়া দুই দেশের বিদ্যমান প্রতিরক্ষা ও কূটনৈতিক সম্পর্ককে নতুন উচ্চতায় উন্নীত করার বিষয়েও মতবিনিময় হয়। বৈঠকে উভয়পক্ষ আশা প্রকাশ করেন, যৌথ উদ্যোগের মাধ্যমে আগামী দিনগুলোতে বাংলাদেশ ও দক্ষিণ কোরিয়ার মধ্যকার বন্ধুত্বপূর্ণ সম্পর্ক এবং প্রতিরক্ষা সহযোগিতা আরও সুদৃঢ় ও বিস্তৃত হবে। (জাগো নিউজ ওয়েব পেজ:২১.০৭.২০২৬ রিহাব)

## শিক্ষাপ্রতিষ্ঠানে নিয়োগে ডিসিদের ক্ষমতা বাতিল, ফিরলো আগের নিয়ম

বেসরকারি এমপিওভুক্ত শিক্ষাপ্রতিষ্ঠানে কর্মকর্তা-কর্মচারী নিয়োগের সুপারিশে জেলা প্রশাসকদের (ডিসি) দেওয়া ক্ষমতা বাতিল করেছে সরকার। এ বিষয়ে জারি করা আগের পরিপত্র বাতিল করে সংশোধিত নির্দেশনা জারি করা হয়েছে। শিক্ষা মন্ত্রণালয়ের নতুন পরিপত্র অনুযায়ী, এমপিওভুক্ত শিক্ষাপ্রতিষ্ঠানে কর্মকর্তা-কর্মচারী নিয়োগে ২০২৪ সালের নির্দেশনা আবারও কার্যকর হবে। এ নির্দেশনা অনুযায়ী, বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানে কর্মকর্তা-কর্মচারী নিয়োগের ক্ষমতা ফিরলো প্রতিষ্ঠান পরিচালনা ও ব্যবস্থাপনা কমিটির হাতে। এতে রাজনৈতিক প্রভাব ও দুর্নীতি বাড়বে বলে মনে করছেন শিক্ষা-সংশ্লিষ্টরা। মঙ্গলবার (২১ জুলাই) এ-সংক্রান্ত পরিপত্র জারি করে শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ। এতে সই করেছেন মন্ত্রণালয়ের বেসরকারি মাধ্যমিকের যুগ্মসচিব সাইয়েদ এ জেড এম মোরশেদ আলী। পরিপত্রে বলা হয়, এমপিওভুক্ত বেসরকারি নিম্নমাধ্যমিক বিদ্যালয়, মাধ্যমিক বিদ্যালয়, উচ্চমাধ্যমিক বিদ্যালয়, উচ্চমাধ্যমিক কলেজ ও স্নাতক (পাশ) কলেজে শিক্ষক ছাড়া অন্যান্য এমপিও পদে নিয়োগের সুপারিশ কার্যক্রম পরিচালনার নির্দেশনা সংশোধন করা হয়েছে। একইসঙ্গে এ বিষয়ে ২০২৫ সালের ২৮ সেপ্টেম্বর জারি করা পরিপত্র বাতিল করা হয়েছে। আরও বলা হয়, ২০২৪ সালের ১০ জানুয়ারি জারি করা নির্দেশমালার বিধান পুনর্বহাল করা হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:২১.০৭.২০২৬ রিহাব)

## দুর্যোগে মানুষের পাশে দাঁড়ানোই মানবতার সবচেয়ে বড়ো পরিচয় : জুবাইদা রহমান

জাতীয় যে-কোনো দুর্যোগে রাজনৈতিক বিভাজনের ঊর্ধ্বে উঠে মানবিক দায়িত্ব পালনের আহ্বান জানিয়েছেন প্রধানমন্ত্রীর সহধর্মিণী ও জিয়াউর রহমান ফাউন্ডেশনের ভাইস প্রেসিডেন্ট ডা. জুবাইদা রহমান। তিনি বলেছেন, দুর্যোগে ক্ষতিগ্রস্ত মানুষের পাশে দাঁড়ানোই মানবতার সবচেয়ে বড়ো পরিচয়। এ ধরনের সহযোগিতা সমাজে সহমর্মিতা ও পারস্পরিক সম্প্রীতির বন্ধন আরও শক্তিশালী করে। মঙ্গলবার (২১ জুলাই) জাতীয় বার্ন ও প্লাস্টিক সার্জারি ইনস্টিটিউটে আয়োজিত '২১ জুলাই মাইলস্টোন ট্র্যাজেডির শ্রদ্ধাঞ্জলি ও স্মরণসভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। ডা. জুবাইদা রহমান বলেন, দেশের যে-কোনো সংকট বা দুর্যোগে মানুষের কল্যাণকে সর্বোচ্চ গুরুত্ব দিতে হবে। যারা দুর্ঘটনা বা দুর্যোগে ক্ষতিগ্রস্ত হন, তাদের পাশে দাঁড়ানো শুধু সামাজিক নয়, নৈতিক দায়িত্বও। এ ধরনের মানবিক উদ্যোগই সমাজে ভালোবাসা, সহমর্মিতা ও একাত্মতার দৃষ্টান্ত স্থাপন করে। তিনি উত্তরার মাইলস্টোন স্কুল অ্যান্ড কলেজে বাংলাদেশ বিমানবাহিনীর প্রশিক্ষণ বিমান বিধ্বস্ত হওয়ার ঘটনায় নিহতদের আত্মার মাগফেরাত কামনা করেন এবং আহতদের দ্রুত সুস্থতা কামনা করেন। পাশাপাশি শোকাহত পরিবারের প্রতি গভীর সমবেদনা জানিয়ে তিনি বলেন, কঠিন শোককে শক্তিতে রূপান্তর করে সামনে এগিয়ে যাওয়ার যে মানসিক দৃঢ়তা তারা দেখিয়েছেন, তা সবার জন্য অনুকরণীয়। (জাগো নিউজ ওয়েব পেজ:২১.০৭.২০২৬ রিহাব)

## পরিমাপে কারচুপি, মহাখালীর তশোফা ফিলিং স্টেশনকে ৪ লাখ টাকা জরিমানা

পরিমাপে কারচুপি করে গ্রাহকদের জ্বালানি তেল কম দেওয়ায় রাজধানীর মহাখালীর তশোফা ফিলিং স্টেশনকে ৪ লাখ টাকা জরিমানা করেছে বাংলাদেশ স্ট্যান্ডার্ডস অ্যান্ড টেস্টিং ইনস্টিটিউশন (বিএসটিআই)। মঙ্গলবার (২১ জুলাই) বিএসটিআইয়ের ভ্রাম্যমাণ আদালত এই অভিযান পরিচালনা করেন। অভিযানে 'ওজন ও পরিমাপ মানদণ্ড আইন, ২০১৮' অনুযায়ী ফিলিং স্টেশনটিকে ৪ লাখ টাকা জরিমানা করার পাশাপাশি ত্রুটিপূর্ণ ডিসপেন্সিং ইউনিটসমূহ সিলগালা ও বন্ধ করে দেওয়া হয়। অভিযানকালে তশোফা ফিলিং স্টেশনের চারটি ডিসপেন্সিং ইউনিট যাচাই করা হয়। এ সময় একটি অকটেন ডিসপেন্সিং ইউনিটে প্রতি ১০ লিটারে ১২০ মিলিলিটার কম এবং ৩টি ডিজেল ডিসপেন্সিং ইউনিটে প্রতি ১০ লিটারে যথাক্রমে ২৩০ মি.লি. ২২০ মি.লি. ও ১৯০ মি.লি. জ্বালানি কম দেওয়ার প্রমাণ মেলে। পরে ভ্রাম্যমাণ আদালত ফিলিং স্টেশনটিকে চার লাখ টাকা জরিমানা ও চারটি ডিসপেন্সিং ইউনিট বন্ধ করে দেন। অভিযানে নেতৃত্ব দেন বিএসটিআইয়ের নির্বাহী ম্যাজিস্ট্রেট লুৎফুন্নেসা খানম। এ সময় প্রসিকিউটর হিসেবে দায়িত্ব পালন করেন বিএসটিআইয়ের পরীক্ষক (মেট্রোলজি) আহসান হাবীব খান। (জাগো নিউজ ওয়েব পেজ:২১.০৭.২০২৬ রিহাব)

## প্রবাসী কার্ডধারীদের জন্য বিমান টিকিটসহ বিশেষ সুবিধা যুক্ত করা হবে

প্রবাসী কার্ডধারীদের জন্য বিমান টিকিট, লাউঞ্জসহ বিশেষ সুবিধা অন্তর্ভুক্ত করা হবে বলে জানিয়েছেন বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন মন্ত্রী আফরোজা খানম। মঙ্গলবার (২১জুলাই) বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন মন্ত্রণালয়ের সম্মেলনকক্ষে প্রবাসী কার্ড বিতরণে বিমানবন্দর সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের করণীয় সম্পর্কে অবহিতকরণ সভায় সভাপতির বক্তব্যকালে তিনি এ কথা বলেন। এসময় প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রী আরিফুল হক চৌধুরী, বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন প্রতিমন্ত্রী এম রশিদুজ্জামান মিল্লাত এবং প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান

প্রতিমন্ত্রী মো. নুরুল হক উপস্থিত ছিলেন। মন্ত্রী আফরোজা খানম বলেন, প্রবাসী ভাইদের সব ধরনের সুযোগ-সুবিধা নিশ্চিতে আমরা উদ্যোগ গ্রহণ করেছি। বিমান বাংলাদেশ এয়ারলাইন্স টিকিট ও বলাকা লাউঞ্জ ব্যবহারে বিশেষ ডিসকাউন্ট দেওয়ার নীতিগত সিদ্ধান্ত নেওয়া হয়েছে। আমরা এরই মধ্যেই হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে যাত্রী সাধারণের সুবিধার্থে শাটল বাস সার্ভিস চালু করেছি। প্রবাসীদের জন্য হয়রানিমুক্ত বিমান সেবা নিশ্চিতে আমরা বদ্ধপরিকর। প্রতিমন্ত্রী এম রশিদুজ্জামান মিল্লাত বলেন, বাংলাদেশ পর্যটন করপোরেশনের হোটেল-মোটেলগুলোতেও আমরা প্রবাসীদের জন্য বিশেষ ছাড় দেওয়ার বিষয়ে ভাবছি। এছাড়া বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন মন্ত্রণালয়ের পক্ষ থেকে প্রবাসীদের জন্য প্রায়োরিটি চেক-ইন ও বোর্ডিং সুবিধা দেওয়ার ব্যবস্থাও গ্রহণ করা হবে। এসব সুবিধা মিলবে বর্তমান সরকারের প্রবাসী কার্ডের মাধ্যমে। সভার শুরুতে বর্তমান সরকারের নির্বাচনি ইশতেহারের অন্তর্ভুক্ত প্রবাসী কার্ড বাস্তবায়নে বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটনমন্ত্রী ও প্রতিমন্ত্রীর কাছে বিভিন্ন সহযোগিতার ক্ষেত্রসমূহ উপস্থাপন করেন প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থানমন্ত্রী আরিফুল হক চৌধুরী। সভায় বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন মন্ত্রণালয় এবং প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় ও অধীনস্থ সংস্থার ঊর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন। (জাগো নিউজ ওয়েব পেজ:২১.০৭.২০২৬ রিহাব)

## বিমানবাহিনী সদর দপ্তরে বিদায়ি নৌপ্রধানকে গার্ড অব অনার

বিমানবাহিনী প্রধান এয়ার চিফ মার্শাল হাসান মাহমুদ খানের সঙ্গে বিদায়ি সৌজন্য সাক্ষাৎ করেছেন বিদায়ি নৌবাহিনী প্রধান এডমিরাল এম নাজমুল হাসান। মঙ্গলবার (২১ জুলাই) বিমানবাহিনী সদর দপ্তরে এই সাক্ষাৎ হয়। সাক্ষাৎকালে দুই বাহিনীর প্রধান পারস্পরিক কুশল বিনিময়ের পাশাপাশি বাহিনীদ্বয়ের স্বার্থসংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ে মতবিনিময় করেন। এসময় বিমানবাহিনী প্রধান বিদায়ি নৌবাহিনী প্রধানের সুস্বাস্থ্য, দীর্ঘায়ু এবং ভবিষ্যৎ জীবনের সাফল্য কামনা করেন। বিমানবাহিনী সদর দপ্তরে পৌঁছালে নৌবাহিনী প্রধানকে বিমানবাহিনীর পক্ষ থেকে আনুষ্ঠানিক গার্ড অব অনার দেওয়া হয়। তিনি গার্ড অব অনার পরিদর্শন করেন এবং সালাম গ্রহণ করেন। পরে বিদায়ি নৌবাহিনী প্রধান বিমানবাহিনী সদর দপ্তর প্রাঙ্গণে একটি গাছের চারা রোপণ করেন। এসময় বিমানবাহিনী প্রধান, বিমান সদর দপ্তরের প্রিন্সিপাল স্টাফ অফিসারসহ ঊর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন। পারস্পরিক শ্রদ্ধা, আন্তরিকতা ও সৌহার্দ্যপূর্ণ পরিবেশে অনুষ্ঠিত এ সাক্ষাৎ বাংলাদেশ বিমানবাহিনী ও বাংলাদেশ নৌবাহিনীর মধ্যকার বিদ্যমান আন্তঃবাহিনী সহযোগিতা, আস্থা ও পেশাদার সম্পর্কের প্রতিফলন। (জাগো নিউজ ওয়েব পেজ:২১.০৭.২০২৬ রিহাব)

## প্রবাসী কার্ডধারীদের জন্য ভূমিসেবা সহজ করার নির্দেশ ভূমিমন্ত্রীর

প্রবাসী কার্ডধারীদের জন্য ভূমিসেবা সহজ ও দ্রুততর করার প্রয়োজনীয় ব্যবস্থা নিতে মন্ত্রণালয়ের সংশ্লিষ্টদের নির্দেশ দিয়েছেন ভূমিমন্ত্রী মিজানুর রহমান মিনু। মঙ্গলবার (২১ জুলাই) নিজ মন্ত্রণালয়ের অফিস কক্ষে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রী আরিফুল হক চৌধুরীর সঙ্গে আলোচনার সময় তিনি এ নির্দেশনা দেন। এসময় প্রবাসী কল্যাণমন্ত্রী প্রবাসী কার্ডধারীদের জন্য ভূমি অফিসে প্রায়োরিটি সার্ভিস চালু, ভূমি উন্নয়ন কর (খাজনা) প্রবাসী ডেবিট কার্ডের মাধ্যমে পরিশোধের সুবিধা, নামজারি, মিউটেশন ও অন্যান্য ভূমিসেবা স্বল্প সময়ে সম্পন্ন করা, ভূমি অফিসে প্রবাসী কর্নার বা সহায়তা ডেস্ক স্থাপন এবং পাওয়ার অব অ্যাটর্নি দলিল সম্পাদনে অগ্রাধিকার প্রদানে ভূমিমন্ত্রীকে সহযোগিতা করার অনুরোধ জানান। ভূমিমন্ত্রী বলেন, সরকার নির্বাচনি অঙ্গীকার বাস্তবায়নের অংশ হিসেবে প্রবাসীদের সামাজিক মর্যাদা নিশ্চিত করতে এবং বিভিন্ন সেবা প্রদানের লক্ষ্যে প্রবাসী কার্ড চালু করছে। ভূমি মন্ত্রণালয় অগ্রাধিকার ভিত্তিতে উল্লেখিত সব সেবা যথাযথভাবে সম্পন্ন করতে সব রকমের সহযোগিতা করবে মর্মে প্রবাসী কল্যাণমন্ত্রীকে প্রতিশ্রুতি দেন তিনি। এছাড়া, প্রবাসী কার্ডধারীদের জন্য ভূমিসেবা সহজ করতে মন্ত্রণালয় থেকে একটি ফোকাল পয়েন্ট করার জন্য সংশ্লিষ্টদের নির্দেশ দেন ভূমিমন্ত্রী। এসময় প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী নুরুল হক নুর এবং সচিব মোখতার আহমেদ ছাড়াও উভয় মন্ত্রণালয়ের ঊর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন। (জাগো নিউজ ওয়েব পেজ:২১.০৭.২০২৬ রিহাব)

## সবুজবাগে ৯৯ বোতল ভারতীয় মদ উদ্ধার, গ্রেফতার ১

রাজধানীর সবুজবাগ এলাকায় গোপন সংবাদের ভিত্তিতে বিশেষ অভিযান চালিয়ে বিপুল পরিমাণ ভারতীয় নিষিদ্ধ মদ উদ্ধার করেছে পুলিশ। মঙ্গলবার (২১ জুলাই) ঢাকা মেট্রোপলিটন পুলিশের (ডিএমপি) উপ-পুলিশ কমিশনার (মতিঝিল বিভাগ) মোহাম্মদ হারুন অর রশিদ এ তথ্য জানান। হারুন অর রশিদ বলেন, ২০ জুলাই রাজধানীর সবুজবাগ থানার নন্দীপাড়া দক্ষিণগাঁও এলাকার একটি টিনশেড বাড়িতে অভিযান পরিচালনা করে পুলিশ। অভিযানে ঘটনাস্থল থেকে বিভিন্ন ব্র্যান্ডের ৯৯ বোতল ভারতীয় তৈরি নিষিদ্ধ মদ উদ্ধার করা হয়। উদ্ধার করা মদের আনুমানিক বাজারমূল্য ২ লাখ ৯৭ হাজার ৫০০ টাকা। তিনি বলেন, অভিযান চলাকালে ঘটনাস্থল থেকে একজন ব্যক্তিকে গ্রেফতার করা হয়। এ ঘটনায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে সবুজবাগ থানায় মামলা করা হয়েছে। উদ্ধার করা আলামত জব্দ করা হয়েছে এবং ঘটনার বিষয়ে আইনানুগ কার্যক্রম চলমান রয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:২১.০৭.২০২৬ রিহাব)

## ঝিনাইদহে বীরশ্রেষ্ঠ হামিদুর রহমানের ভাস্কর্য সরকার স্থানান্তর করছে

ঝিনাইদহে বীরশ্রেষ্ঠ হামিদুর রহমানের ভাস্কর্য সরকার স্থানান্তর করছে বলে জানিয়েছেন প্রধানমন্ত্রীর তথ্য ও সম্প্রচার উপদেষ্টা ডা. জাহেদ উর রহমান। মঙ্গলবার (২১ জুলাই) সচিবালয়ে তথ্য অধিদপ্তরের (পিআইডি) সম্মেলন কক্ষে সরকারের বিভিন্ন কার্যক্রমের অগ্রগতি নিয়ে সংবাদ সম্মেলনে প্রশ্নের জবাবে উপদেষ্টা এ কথা বলেন। ঝিনাইদহে বীরশ্রেষ্ঠ হামিদুর রহমানের ভাস্কর্য ভাঙা হচ্ছে কিন্তু সরকারের পক্ষ থেকে কোনো ব্যবস্থা নেওয়া হয়নি- এ ব্যাপারে আপনাদের বক্তব্য কী? জানতে চাইলে তথ্য উপদেষ্টা বলেন, “এ ব্যাপারে আমি ব্যক্তিগতভাবে খোঁজ-খবর নিয়েছি। জেলা প্রশাসনের কাছ থেকে প্রাপ্ত তথ্য বা সবকিছু মিলে প্রথম কথাটা হচ্ছে, এই ভাস্কর্যটা কিন্তু কমপ্লিট হয়নি। এটার (কাজ) ২০১৯-২০ সালের দিকে শুরু হয়েছিল, এটা হয়নি।” তিনি বলেন, “এ ভাস্কর্য নিয়ে দুটো অভিযোগ পাওয়া গেছে, আমি প্রশাসনের কাছ থেকে যেটা জানলাম। একটা হচ্ছে, এখানে হামিদুর রহমানের যে আবক্ষ মূর্তি আছে, তার যে ফেস- সেটার সঙ্গে মেলেনি। আর দ্বিতীয় হচ্ছে, এটা যে ইন্টারসেকশনে আছে, এটা গাড়ি চলাচলের ক্ষেত্রে মারাত্মক অবস্ট্রাকশন (প্রতিবন্ধকতা) তৈরি করছে। এটা অনেক উঁচু বেদিতে তৈরি হয়েছে। এটার কারণে অ্যাক্সিডেন্ট হচ্ছে, এরকম একটা অভিযোগ ভ্যালিডলি আছে। আমি এটা ব্যক্তিগতভাবে খোঁজ নিয়েছি। কারণ আমিও প্রাথমিকভাবে শকড হয়েছি যে, এটা কেন হবে।” (জাগো নিউজ ওয়েব পেজ:২১.০৭.২০২৬ রিহাব)

## কোরিয়ার বিশ্ববিদ্যালয়ে ৩০০ বাংলাদেশি শিক্ষার্থীর ১৮ কোটি টাকা আটকা

দক্ষিণ কোরিয়ার শিনগিয়ংজু ইউনিভার্সিটিতে উচ্চশিক্ষার জন্য আবেদন করা তিন শতাধিক বাংলাদেশি শিক্ষার্থীর টিউশন ফি'র প্রায় ১৮ কোটি ৬০ লাখ টাকা ফেরত না পাওয়ার অভিযোগ উঠেছে। পাঁচ মাসেরও বেশি সময় ধরে টাকা ফেরত না পেয়ে চরম আর্থিক ও মানসিক সংকটে পড়েছেন বলে দাবি করেছেন তারা। ভুক্তভোগী শিক্ষার্থীরা জানান, বিশ্ববিদ্যালয় এবং তাদের বাংলাদেশি সহযোগী প্রতিষ্ঠানের মাধ্যমে সম্পূর্ণ বৈধ প্রক্রিয়ায় তারা ভর্তি কার্যক্রম সম্পন্ন করেন। এসময় জনপ্রতি প্রায় ছয় লাখ ২০ হাজার টাকা করে টিউশন ফি নেওয়া হয়। প্রায় ৩০০ শিক্ষার্থীর কাছ থেকে এভাবে মোট প্রায় ১৮ কোটি ৬০ লাখ টাকা আদায় করা হয়। শিক্ষার্থীদের দাবি, ভিসা-সংক্রান্ত জটিলতার কারণে তাদের দক্ষিণ কোরিয়ায় যাওয়া সম্ভব হয়নি। পরবর্তীতে বিশ্ববিদ্যালয়ের ঘোষিত রিফান্ড নীতিমালা অনুযায়ী টাকা ফেরত পাওয়ার কথা থাকলেও, পাঁচমাসের বেশি সময় পার হলেও তারা কোনো অর্থ ফেরত পাননি। এমনকি বর্তমানে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কিংবা সংশ্লিষ্ট প্রতিনিধিদের সঙ্গেও কার্যকর যোগাযোগ করা যাচ্ছে না বলে অভিযোগ করেন তারা। টাকা ফেরত পেতে ভুক্তভোগী শিক্ষার্থীরা ‘ক্ষতিগ্রস্ত শিক্ষার্থী ফোরাম’ নামে একটি প্ল্যাটফর্ম গড়ে তুলেছেন। এ ফোরামের সমন্বয়ক নাদের আহমেদ রিমন বলেন, অধিকাংশ শিক্ষার্থী মধ্যবিত্ত ও নিম্নমধ্যবিত্ত পরিবারের। বিদেশে উচ্চশিক্ষার স্বপ্নপূরণে অনেকে ঋণ নিয়েছেন, আবার কেউ জমি বিক্রি বা পরিবারের সঞ্চয় ভেঙে এ অর্থ দিয়েছেন। দীর্ঘদিন ধরে টাকা আটকে থাকায় তারা চরম আর্থিক সংকটের পাশাপাশি মানসিক চাপের মধ্যে রয়েছেন। তিনি বলেন, আমাদের দিক থেকে যত প্রচেষ্টা তা করেছি। এখন সরকারের সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করছি আমরা। এজন্য দ্রুত টাকা ফেরতে ব্যবস্থা নিতে বুধবার (২২ জুলাই) শান্তিপূর্ণ কর্মসূচি পালন করবো আমরা। কর্মসূচির মাধ্যমে সরকারি হস্তক্ষেপ চাইবো। তবে শিক্ষার্থীদের এ অভিযোগের বিষয়ে শিনগিয়ংজু ইউনিভার্সিটি বা তাদের বাংলাদেশি সহযোগী প্রতিষ্ঠানের কোনো বক্তব্য জানা যায়নি। বিষয়টি নিয়ে পররাষ্ট্র মন্ত্রণালয় অবগত থাকলেও কোনো ব্যবস্থা নেওয়া যায়নি বলে জানিয়েছে মন্ত্রণালয়ের একটি সূত্র। (জাগো নিউজ ওয়েব পেজ:২১.০৭.২০২৬ রিহাব)

## কমিশন বাড়ানোর দাবিতে ২৩ আগস্ট থেকে সিএনজি স্টেশন বন্ধ রাখার ঘোষণা

কমপ্রেসড ন্যাচারাল গ্যাস (সিএনজি) বিক্রিতে কমিশন বাড়ানোসহ চার দফা দাবি বাস্তবায়নে আলটিমেটাম দিয়েছে বাংলাদেশ সিএনজি ফিলিং স্টেশন অ্যান্ড কনভার্শন ওয়ার্কশপ ওনার্স অ্যাসোসিয়েশন। দাবি পূরণ না হলে আগামী ৩০ জুলাই দেশব্যাপী প্রতীকী ধর্মঘট এবং ২৩ আগস্ট থেকে অনির্দিষ্টকালের জন্য সব সিএনজি ফিলিং স্টেশন বন্ধ রাখার ঘোষণা দিয়েছে সংগঠনটি। মঙ্গলবার (২১ জুলাই) রাজধানীর বিজয়নগরে আয়োজিত এক সংবাদ সম্মেলনে এ কর্মসূচি ঘোষণা করা হয়। কর্মসূচি বাস্তবায়নের জন্য গঠিত স্টিয়ারিং কমিটির আহ্বায়ক আমিরুজ্জামান চৌধুরী লিখিত বক্তব্য পাঠ করেন। এ সময় সংগঠনের সভাপতি মনোরঞ্জন ভক্ত, মহাসচিব ফারহান নূরসহ কেন্দ্রীয় নেতারা উপস্থিত ছিলেন। সংবাদ সম্মেলনে নেতারা বলেন, ২০১৫ সালের ১ সেপ্টেম্বর থেকে প্রতি ঘনমিটার সিএনজি বিক্রিতে কমিশন ৮ টাকায় স্থির রয়েছে। অথচ গত প্রায় ১১ বছরে বিদ্যুৎ ও গ্যাসের দাম একাধিকবার বেড়েছে। একইসঙ্গে মূল্যস্ফীতি, শ্রমিকের মজুরি, ব্যাংক গ্যারান্টি কমিশন, ঋণের সুদ, ডলারের বিনিময় হার এবং স্টেশন পরিচালনার অন্যান্য ব্যয় কয়েকগুণ বেড়েছে। ফলে অধিকাংশ স্টেশন লোকসানে পরিচালিত হচ্ছে। সংগঠনের চার দফা দাবির মধ্যে রয়েছে- প্রতি ঘনমিটার সিএনজি বিক্রিতে কমিশন ৮ টাকা থেকে বাড়িয়ে অন্তত ১৩ টাকা ৯৬ পয়সা নির্ধারণ, ভবিষ্যতে জ্বালানির মূল্য বৃদ্ধি পেলে স্বয়ংক্রিয়ভাবে কমিশন সমন্বয়ের ব্যবস্থা চালু করা, গ্যাসের মূল্য বৃদ্ধির কারণে পুরোনো গ্রাহকদের কাছ থেকে অতিরিক্ত জামানত নেওয়ার প্রথা বাতিল এবং সড়ক ও জনপথ বিভাগের ভূমি ইজারাসহ বিভিন্ন সরকারি সংস্থার লাইসেন্স ও নবায়ন ফি যৌক্তিক পর্যায়ে নামিয়ে আনা।(জাগো নিউজ ওয়েব পেজ: ২১.০৭.২০২৬ রুবাইয়া)

## স্থানীয় সরকার নির্বাচনে কারা অংশ নিতে পারবেন না, জানালো ইসি

এমপিওভুক্ত শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষক, দ্বৈত নাগরিক, ঋণখেলাপি এবং খেলাপি ঋণের জামিনদাররা স্থানীয় সরকার নির্বাচনে প্রার্থী হতে পারবেন না বলে জানিয়েছে নির্বাচন কমিশন (ইসি)। মঙ্গলবার (২১ জুলাই) রাজধানীর আগারগাঁওয়ে নির্বাচন ভবনে প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) এ এম এম নাসির উদ্দীনের সভাপতিত্বে কমিশনের একটি বৈঠকে এ সিদ্ধান্ত হয়। ইসির জনসংযোগ শাখার সহকারী পরিচালক আশাদুল হক এ তথ্য জানিয়েছেন। আসাদুল হক জানান, বৈঠকে নির্বাচন কমিশনার আবদুর রহমানেল মাসুদ, আনোয়ারুল ইসলাম সরকার, বেগম তাহমিদা আহমেদ ও আবুল ফজল মো. সানাউল্লাহসহ সংশ্লিষ্ট কর্মকর্তারা উপস্থিত ছিলেন। তিনি আরও জানান, বৈঠকে সিটি করপোরেশন, পৌরসভা, উপজেলা পরিষদ, জেলা পরিষদ এবং ইউনিয়ন পরিষদ নির্বাচন সংক্রান্ত আইন সংশোধনের বিভিন্ন প্রস্তাব পর্যালোচনা করা হয়। নির্বাচন কমিশন আগামী অক্টোবর থেকে স্থানীয় সরকার নির্বাচন শুরু করার লক্ষ্যে প্রয়োজনীয় আইনি কাঠামো চূড়ান্ত করছে। পরিকল্পনা অনুযায়ী, প্রথম ধাপে ইউনিয়ন পরিষদ ও পৌরসভা নির্বাচন অনুষ্ঠিত হতে পারে। (জাগো নিউজ ওয়েব পেজ: ২১.০৭.২০২৬ রুবাইয়া)

## রাষ্ট্রপতির সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করলেন বিদায়ি নৌবাহিনী প্রধান

বিদায়ি নৌবাহিনী প্রধান এডমিরাল এম নাজমুল হাসান রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিনের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেছেন। মঙ্গলবার (২১ জুলাই) বঙ্গভবনে অনুষ্ঠিত এ সাক্ষাতে দেশের সার্বভৌমত্ব রক্ষা, সামুদ্রিক নিরাপত্তা এবং বাংলাদেশ নৌবাহিনীর আধুনিকায়ন ও সক্ষমতা বৃদ্ধিসহ বিভিন্ন বিষয়ে আলোচনা হয়। সাক্ষাৎকালে রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন বিদায়ি নৌবাহিনী প্রধানের কর্মজীবনের বিভিন্ন সাফল্যের প্রশংসা করেন। তিনি নৌবাহিনীর আধুনিকায়ন, সক্ষমতা বৃদ্ধি এবং বাহিনীকে আরও যুগোপযোগী করে গড়ে তুলতে এডমিরাল এম নাজমুল হাসানের সফল নেতৃত্ব ও দূরদর্শী পরিকল্পনার প্রশংসা করেন। এসময় বিদায়ি নৌবাহিনী প্রধান দায়িত্ব পালনকালে সার্বিক সহযোগিতা ও দিক-নির্দেশনার জন্য রাষ্ট্রপতির প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন। (জাগো নিউজ ওয়েব পেজ: ২১.০৭.২০২৬ রুবাইয়া)

## সংসদে 'সংখ্যাগরিষ্ঠের ক্ষমতার একচ্ছত্র অপব্যবহার' হচ্ছে : টিআইবি

ত্রয়োদশ জাতীয় সংসদে আইন প্রণয়ন এবং সংসদীয় স্থায়ী কমিটি গঠনের ক্ষেত্রে কার্যপ্রণালি বিধি ও প্রচলিত সংসদীয় চর্চা লঙ্ঘন করে সরকারি দল সংখ্যাগরিষ্ঠতার একচ্ছত্র ক্ষমতার অপব্যবহারের দৃষ্টান্ত স্থাপন করেছে বলে অভিযোগ করেছে ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ (টিআইবি)। একইসঙ্গে সংসদীয় কমিটিগুলোর ক্ষমতা ও কার্যকারিতা বৃদ্ধির লক্ষ্যে সংশ্লিষ্ট অংশীজনদের সম্পৃক্ত করে নতুন আইন প্রণয়নের দাবি জানিয়েছে সংস্থাটি। মঙ্গলবার (২১ জুলাই) এক বিবৃতিতে এসব অভিযোগ ও দাবি তুলে ধরে টিআইবি। বিবৃতিতে টিআইবির নির্বাহী পরিচালক ড. ইফতেখারুজ্জামান বলেন, কার্যপ্রণালি বিধির ৭৭ বিধি অনুযায়ী কোনো মন্ত্রী বিল উত্থাপনের পর সেটি স্থায়ী কমিটি বা বাছাই কমিটিতে পাঠানো কিংবা জনমত যাচাইয়ের জন্য প্রচারের আহ্বান জানাতে পারেন। তবে প্রচলিত সংসদীয় প্রথা অনুযায়ী অধিকাংশ বিল স্থায়ী কমিটিতে পাঠানো হলেও 'ইনভেস্ট বাংলাদেশ আইন, ২০২৬'-এর ক্ষেত্রে এর কোনোটিই করা হয়নি। বিরোধী দলের পক্ষ থেকে বিলটি জনমত যাচাই বা বাছাই কমিটিতে পাঠানোর প্রস্তাবও আমলে নেওয়া হয়নি এবং সংশোধনী প্রস্তাব দেওয়ার সুযোগও দেওয়া হয়নি। তিনি বলেন, সংসদ সদস্যদের কাছে বিলের অনুলিপি সরবরাহ না হওয়া পর্যন্ত সংশ্লিষ্ট মন্ত্রী বিলটি সম্পর্কে কোনো প্রস্তাব করতে পারেন না। বিল উত্থাপনের অন্তত তিনদিন আগে সংসদ সদস্যদের কাছে অনুলিপি দেওয়ার প্রচলিত রেওয়াজ থাকলেও, এই বিলের কপি উত্থাপনের ঠিক আগমুহূর্তে বিতরণ করা হয়। এতে সংসদ সদস্যরা বিলটি যাচাইয়ের কোনো বাস্তবসম্মত সুযোগ পাননি এবং কার্যপ্রণালি বিধি লঙ্ঘন করে একতরফাভাবে আইনটি পাস করা হয়েছে বলে অভিযোগ করেন তিনি।
(জাগো নিউজ ওয়েব পেজ: ২১.০৭.২০২৬ রুবাইয়া)

## ক্লাস-পরীক্ষায় ফেরার ঘোষণা দিলেন শেকৃবির ভেটেরিনারি শিক্ষার্থীরা

ক্লাস-পরীক্ষায় ফেরার ঘোষণা দিয়েছেন শের-ই-বাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের (শেকৃবি) অ্যানিম্যাল সায়েন্স অ্যান্ড ভেটেরিনারি মেডিসিন (এএসভিএম) অনুষদের শিক্ষার্থীরা। একটি দাবিতে দৃশ্যমান অগ্রগতি এবং বাকি দাবিগুলো বাস্তবায়নের আশ্বাসের পরিপ্রেক্ষিতে ১৪ দিনের আলটিমেটাম দিয়ে ক্লাসে ফেরার ঘোষণা দেন শিক্ষার্থীরা। মঙ্গলবার (২১ জুলাই) বিশ্ববিদ্যালয়ের এম মহবুবউজ্জামান ভবনের নিচে এ কথা জানান আন্দোলনরত শিক্ষার্থীরা। এর আগে, তারা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আব্দুল লতিফের কাছে একটি স্মারকলিপি দেন। সেই স্মারকলিপিতেও তারা একই কথা জানান। স্মারকলিপিতে শিক্ষার্থীরা জানান, ৪৭তম বিসিএসের ফলাফল-সংক্রান্ত জটিলতা নিরসন করে পুনঃফলাফল প্রকাশে কার্যকর ভূমিকা রাখায় তারা বিশ্ববিদ্যালয় প্রশাসনের প্রতি কৃতজ্ঞ। তবে আন্দোলনের অন্যান্য দাবিগুলো বাস্তবায়নে প্রশাসনের কাছে চার দফা দাবি উত্থাপন করেছেন তারা। দাবিগুলোর মধ্যে রয়েছে ইন্টার্ন শিক্ষার্থীদের টিএ (TA) সংক্রান্ত আনুষ্ঠানিক লিখিত অনুমোদন, ইন্টার্নশিপ ভাতা বৃদ্ধির লক্ষ্যে ডিন কাউন্সিলে আলোচনা ও বিশ্ববিদ্যালয়ের মাধ্যমে ইউজিসিতে প্রস্তাব পাঠানো, ৫১তম বিসিএস থেকে এএসভিএমের জন্য পৃথক লিখিত কোড ও সিলেবাস প্রণয়ন এবং বিএলআরআইসহ বিভিন্ন সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানের নিয়োগবিধিতে কম্বাইন্ড ডিগ্রি অন্তর্ভুক্তির বিষয়েও সংশ্লিষ্ট কমিটিগুলোকে কাজ করতে হবে, মন্ত্রণালয়-সংশ্লিষ্ট দাবিগুলোর বিষয়ে ১৪ কার্যদিবসের মধ্যে দৃশ্যমান ও লিখিত অগ্রগতি নিশ্চিত করা এবং পিএসসি ও মন্ত্রণালয়-সংক্রান্ত পূর্বে গঠিত দুটি কমিটিকে কার্যকর করে নিয়মিত অগ্রগতির তথ্য শিক্ষার্থীদের জানানো।

(জাগো নিউজ ওয়েব পেজ: ২১.০৭.২০২৬ রুবাইয়া)

## চালু হলো 'হ্যালো ডিসি' অ্যাপ, এক ক্লিকেই মিলবে জেলা প্রশাসনের সেবা

নাগরিক সেবা আরও সহজ, দ্রুত ও প্রযুক্তিনির্ভর করতে 'হ্যালো ডিসি' নামের একটি মোবাইল অ্যাপ চালু করেছে ঢাকা জেলা প্রশাসন। নতুন এ প্ল্যাটফর্মের মাধ্যমে জেলা প্রশাসকের সঙ্গে সাক্ষাতের সময় নেওয়া থেকে শুরু করে ভূমি, লাইসেন্স, এনজিও, জনঅভিযোগসহ বিভিন্ন সেবা ও আবেদনের অগ্রগতি ঘরে বসেই জানা যাবে। মঙ্গলবার (২১ জুলাই) ঢাকা জেলা প্রশাসকের কার্যালয়ের সম্মেলন কক্ষে আয়োজিত অনুষ্ঠানে আনুষ্ঠানিকভাবে 'হ্যালো ডিসি' অ্যাপের উদ্বোধন করা হয়। জেলা প্রশাসক ফরিদা খানমের উদ্যোগে চালু হওয়া এ অ্যাপের মাধ্যমে নাগরিকদের জন্য জেলা প্রশাসনের বিভিন্ন সেবা একটি প্ল্যাটফর্মে নিয়ে আসা হয়েছে। প্রাথমিকভাবে hellodc.bd ওয়েবসাইট থেকে অ্যাপটি ডাউনলোড করা যাবে। এছাড়া গুগল প্লে স্টোরের রিভিউ প্রক্রিয়া শেষ হলে প্লে স্টোর ও অ্যাপ স্টোরেও এটি পাওয়া যাবে। ঢাকা জেলা প্রশাসনের অফিসিয়াল ফেসবুক পেজ থেকেও অ্যাপটি ডাউনলোডের সুযোগ থাকবে। পাশাপাশি সকাল ৯টা থেকে বিকেল ৪টা পর্যন্ত ০১৯৬১৬০৬০৬০ নম্বরে সরাসরি ফোন করেও প্রয়োজনীয় সেবা ও তথ্য পাওয়া যাবে। জেলা প্রশাসন জানিয়েছে, 'হ্যালো ডিসি' অ্যাপের মাধ্যমে ভূমি-সংক্রান্ত সেবা, আইনশৃঙ্খলা, ত্রাণ, সামাজিক নিরাপত্তা কর্মসূচি, লাইসেন্স, জনঅভিযোগ, বিভিন্ন আবেদন ও পরামর্শ অনলাইনে জমা দেওয়া যাবে।
(জাগো নিউজ ওয়েব পেজ: ২১.০৭.২০২৬ রুবাইয়া)

## বেনজীরকে ফেরাতে দুবাইয়ে ফের নথি পাঠানোর প্রস্তুতি দুদকের

দুর্নীতির মামলায় অভিযুক্ত পুলিশের সাবেক মহাপরিদর্শক (আইজিপি) বেনজীর আহমেদকে দেশে ফিরিয়ে আনার প্রক্রিয়ায় দুবাই পুলিশের করা একাধিক প্রশ্নের জবাব প্রস্তুত করছে দুর্নীতি দমন কমিশন (দুদক)। সংস্থাটি জানিয়েছে, প্রয়োজনীয় ব্যাখ্যা ও মামলার নথিপত্র দু-একদিনের মধ্যেই দুবাই কর্তৃপক্ষের কাছে পাঠানো হবে। মঙ্গলবার (২১ জুলাই) দুদকের মুখপাত্র ও উপ-পরিচালক আকতারুল ইসলাম জাগো নিউজকে এসব তথ্য জানান। গত ১২ জুন সংযুক্ত আরব আমিরাতে বেনজীরের গ্রেফতার হওয়ার তথ্য দেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ। ১৬ জুন পুলিশের সাবেক মহাপরিদর্শক বেনজীর আহমদকে দেশে ফিরিয়ে আনতে প্রয়োজনীয় নথিপত্র জাতীয় কেন্দ্রীয় ব্যুরোর (এনসিবি) মাধ্যমে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে পাঠায় দুদক। এসব নথির মধ্যে বেনজীরের বিরুদ্ধে দায়ের হওয়া মামলার কাগজপত্র, গ্রেফতারি পরোয়ানা, আদালতের আদেশ ও তদন্ত-সংক্রান্ত নথি রয়েছে। আজ আকতারুল ইসলাম বলেন, দুবাই পুলিশের চাওয়া ব্যাখ্যার পাশাপাশি বেনজীর আহমেদের বিরুদ্ধে দায়ের হওয়া অবৈধ সম্পদ অর্জনের মামলার নথিসহ প্রয়োজনীয় অন্যান্য কাগজপত্র পাঠানোর প্রস্তুতি চলছে। (জাগো নিউজ ওয়েব পেজ: ২১.০৭.২০২৬ রুবাইয়া)

## জিয়াউলের 'সাদা স্বর্ণ' যাচাই করবে দুদক

আদালতের আদেশে রাজধানীর অদূরে পূর্বাচলে বরখাস্ত মেজর জেনারেল জিয়াউল আহসানের 'জলসিঁড়ি' আবাসিক প্রকল্পের 'জয়িতা' ভবনের ৯ তলা বাড়ির ৮ ও ৯ তলার ডুপ্লেক্স ফ্ল্যাট তল্লাশি করেছে দুর্নীতি দমন কমিশন (দুদক)। এসময় সেখানে দামি আসবাবপত্র, পোশাকসহ নানান ধরনের মূল্যবান সামগ্রী পাওয়া গেছে। এরই মধ্যে সেসব মালামালের তালিকা তৈরির কাজ শুরু করেছে দুদক। এসব সম্পদের মধ্যে একাধিক 'সাদা স্বর্ণের' গহনা পেয়েছেন দুদক কর্মকর্তারা। তবে এসব সম্পদের তালিকা তৈরির কাজ এখনো শেষ হয়নি এবং সোনা ও হোয়াইট গোল্ড হিসেবে পাওয়া সামগ্রীগুলো আসল কি না, তা-ও যাচাইয়ের পরই এ বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্তে পৌঁছাবে সংস্থাটি। দুদক সূত্র জানায়, আপাতত মূল্যবান এসব স্বর্ণালংকারের স্থান হয়েছে বাংলাদেশ ব্যাংকের ভল্টে। জ্ঞাত আয়-বহির্ভূত সম্পদ অর্জনের মামলায় আদালতের আদেশে বাড়িটি জব্দ করা হয়েছিল। গত বছরের ২৪ এপ্রিল ন্যাশনাল টেলি-কমিউনিকেশন মনিটরিং সেন্টারের (এনটিএমসি) সাবেক মহাপরিচালক মেজর জেনারেল (বরখাস্ত) জিয়াউল আহসানের ১৮ কোটি টাকার জমি, বাড়ি ও ফ্ল্যাট ক্রোক এবং ৯টি ব্যাংক হিসাব অবরুদ্ধ করার নির্দেশ দেন আদালত। দুদকের আবেদনের পরিপ্রেক্ষিতে ঢাকা মহানগর দায়রা জজ ও সিনিয়র বিশেষ জজ আদালতের বিচারক জাকির হোসেন এ নির্দেশ দেন। জ্ঞাত আয়-বহির্ভূত সম্পদ অর্জন ও অর্থপাচারের অভিযোগে ২০২৫ সালের ২৩ জানুয়ারি জিয়াউল আহসানের বিরুদ্ধে মামলা করে দুদক। আওয়ামী লীগ সরকার পতনের পর তাকে চাকরি থেকে বরখাস্ত করা হয়। (জাগো নিউজ ওয়েব পেজ: ২১.০৭.২০২৬ রুবাইয়া)

# রেডিও টুডে

## যুক্তরাজ্যের নতুন প্রধানমন্ত্রীকে তারেক রহমানের অভিনন্দন

প্রধানমন্ত্রী তারেক রহমান যুক্তরাজ্যের নবনিযুক্ত প্রধানমন্ত্রী অ্যান্ডি বার্নহ্যামকে অভিনন্দন জানিয়েছেন। প্রধানমন্ত্রীর প্রেস সচিব সালেহ শিবলী আজ রাতে বাসসকে বলেন, "প্রধানমন্ত্রী তারেক রহমান আজ যুক্তরাজ্যের নবনিযুক্ত প্রধানমন্ত্রীকে অভিনন্দন বার্তা পাঠিয়েছেন।" অভিনন্দন বার্তায় তারেক রহমান অ্যান্ডি বার্নহ্যামের নেতৃত্বে যুক্তরাজ্যের শান্তি, সমৃদ্ধি ও গণতান্ত্রিক অগ্রগতি কামনা করেন। এছাড়া, যুক্তরাজ্যের প্রধানমন্ত্রী হিসেবে নির্বাচিত হওয়া ও দায়িত্ব গ্রহণ উপলক্ষ্যে তিনি বাংলাদেশ সরকার, দেশের জনগণ এবং নিজের পক্ষ থেকে লেবার পার্টির নেতাকে আন্তরিক শুভেচ্ছা জানান। তারেক রহমান বলেন, অ্যান্ডি বার্নহ্যামের প্রধানমন্ত্রী নির্বাচিত তার নেতৃত্বের প্রতি তার দল এবং

যুক্তরাজ্যের জনগণের আস্থারই প্রতিফলন। তিনি আশা প্রকাশ করেন, নতুন প্রধানমন্ত্রীর নেতৃত্বে যুক্তরাজ্য বিশ্বে শান্তি প্রতিষ্ঠা, টেকসই উন্নয়ন, গণতান্ত্রিক সুশাসন এবং বিভিন্ন বৈশ্বিক চ্যালেঞ্জ মোকাবিলায় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। বার্তায় তারেক রহমান বাংলাদেশ ও যুক্তরাজ্যের দীর্ঘদিনের ঐতিহাসিক এবং বহুমাত্রিক সম্পর্কের কথা উল্লেখ করে বলেন, "গণতান্ত্রিক মূল্যবোধ, পারস্পরিক শ্রদ্ধাবোধ, কমনওয়েলথের নীতি এবং জনগণের সঙ্গে জনগণের ঘনিষ্ঠ সম্পর্কের ভিত্তিতে এই অংশীদারিত্ব গড়ে উঠেছে।" তিনি বলেন, "বাণিজ্য, বিনিয়োগ, উন্নয়ন সহযোগিতা, জলবায়ু পরিবর্তন মোকাবিলা, শিক্ষা, নিরাপত্তা, অভিবাসন এবং সাংস্কৃতিক বিনিময়সহ বিভিন্ন ক্ষেত্রে দুই দেশের সম্পর্ক ক্রমাগত সম্প্রসারিত হচ্ছে।" প্রধানমন্ত্রী বলেন, যুক্তরাজ্যে বসবাসরত বাংলাদেশি প্রবাসীরা দুই দেশের মধ্যে বন্ধুত্বের গুরুত্বপূর্ণ সেতুবন্ধ হিসেবে কাজ করছেন এবং উভয় দেশের অর্থনীতি ও সাংস্কৃতিক বৈচিত্র্যে উল্লেখযোগ্য অবদান রাখছেন। অভিনন্দন বার্তায় তারেক রহমান বাংলাদেশ ও যুক্তরাজ্যের মধ্যকার কৌশলগত অংশীদারিত্ব আরও জোরদারে অ্যান্ডি বার্নহ্যামের সঙ্গে ঘনিষ্ঠভাবে কাজ করার আগ্রহ প্রকাশ করেন। একইসঙ্গে তিনি সুবিধাজনক সময়ে বাংলাদেশ সফরের জন্য যুক্তরাজ্যের নতুন প্রধানমন্ত্রীকে আমন্ত্রণ জানান। প্রধানমন্ত্রী তারেক রহমান অ্যান্ডি বার্নহ্যামের সুস্বাস্থ্য, ব্যক্তিগত কল্যাণ এবং প্রধানমন্ত্রী হিসেবে সফল দায়িত্ব পালনের পাশাপাশি যুক্তরাজ্যের জনগণের শান্তি, অগ্রগতি ও সমৃদ্ধি কামনা করেন। অ্যান্ডি বার্নহ্যাম আজ (সোমবার) আনুষ্ঠানিকভাবে যুক্তরাজ্যের নতুন প্রধানমন্ত্রী হিসেবে দায়িত্ব গ্রহণ করেন।(রেডিও টুডে ওয়েব পেজ: ২১.০৭.২০২৬ এলিনা)

## বিদ্যুৎস্পৃষ্ট হয়ে মা-মেয়েসহ তিনজনের মৃত্যু

চাঁপাইনবাবগঞ্জের সদর উপজেলায় বিদ্যুৎস্পৃষ্ট হয়ে একই পরিবারের শিশুসহ তিনজনের মর্মান্তিক মৃত্যু হয়েছে। মঙ্গলবার (২১ জুলাই) সকালে উপজেলার বারঘোরিয়া-বাদুরতলা এলাকায় এ দুর্ঘটনা ঘটে। নিহতরা হলেন- বাদুরতলা এলাকার বাসিন্দা মোহাম্মদ ভিখুর স্ত্রী হাসিনা বেগম, তার ভাতিজি (ভাইয়ের মেয়ে) আশা খাতুন এবং আশার ছোটো মেয়ে মিম। সদর মডেল থানার ওসি একরামুল হোসাইন ও বারঘোরিয়া ইউপি চেয়ারম্যান হারুনুর রশীদ এ তথ্য নিশ্চিত করেছেন। ওসি একরামুল হোসাইন  জানান, সকালে বাড়িতে একটি লোহার মই বৃষ্টিতে ভিজে বিদ্যুতায়িত হয়ে ছিল। ওই মই দিয়ে ওঠার সময় আশা খাতুন ও তার মেয়ে মিম বিদ্যুস্পৃষ্ট হয়। তাকে বাঁচাতে এগিয়ে গেলে হাসিনা বেগমও বিদ্যুৎস্পৃষ্ট হয়ে ঘটনাস্থলেই মারা যান। ওসি বলেন, খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে গিয়ে তিনজনের মরদেহ উদ্ধার করছে। এ ব্যাপারে আইনগত ব্যবস্থা নেওয়া হবে।(রেডিও টুডে ওয়েব পেজ: ২১.০৭.২০২৬ এলিনা)

## জিয়া হত্যা মামলার আসামি মোজাফফরকে ট্রাইব্যুনালে হাজির করার নির্দেশ

শহিদ রাষ্ট্রপতি ও বিএনপির প্রতিষ্ঠাতা জিয়াউর রহমান হত্যা মামলার আসামি সাবেক সেনা কর্মকর্তা মোজাফফর হোসেন চৌধুরীর সঙ্গে বিগত আওয়ামী লীগ সরকারের অত্যন্ত ঘনিষ্ঠ যোগাযোগ ছিল এবং তৎকালীন সময়ে সংঘটিত বিভিন্ন মানবতাবিরোধী অপরাধের সঙ্গে তার প্রত্যক্ষ সম্পৃক্ততা ছিল বলে জানিয়েছে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল। মানবতাবিরোধী অপরাধের মামলায় গ্রেফতার দেখানোর জন্য তাকে আগামী ২৩ জুলাই (বৃহস্পতিবার) ট্রাইব্যুনালে হাজির করার নির্দেশ দেওয়া হয়েছে। মঙ্গলবার (২১ জুলাই) প্রসিকিউশনের আবেদনের শুনানি শেষে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল-২ এর চেয়ারম্যান বিচারপতি নজরুল ইসলাম চৌধুরীর নেতৃত্বাধীন তিন সদস্যের বিচারিক প্যানেল এই হাজিরার নির্দেশ দেন। ট্রাইব্যুনালে প্রসিকিউশনের পক্ষে শুনানি পরিচালনা করেন চিফ প্রসিকিউটর মো. আমিনুল ইসলাম। শুনানি শেষে দুপুরে ট্রাইব্যুনাল প্রাঙ্গণে আয়োজিত প্রেস ব্রিফিংয়ে চিফ প্রসিকিউটর জানান, শহিদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান হত্যা মামলায় গ্রেফতার হয়ে বর্তমানে মিলিটারি পুলিশের হেফাজতে রয়েছেন মোজাফফর হোসেন। ১/১১ থেকে শুরু করে গত পাঁচ আগস্ট পর্যন্ত সময়ে দেশে সংঘটিত বিভিন্ন মানবতাবিরোধী অপরাধে তার সম্পৃক্ততা পাওয়ায় আমরা ট্রাইব্যুনালে তার বিরুদ্ধে প্রোডাকশন ওয়ারেন্ট জারির আবেদন করি। শুনানি শেষে আদালত আগামী ২৩ জুলাই তাকে হাজির করার নির্দেশ দিয়েছেন। আইনজীবী মো. আমিনুল ইসলাম জানান, মোজাফফর হোসেন 'জন্ডো' (বা ঝন্ডু) ছদ্মনাম ব্যবহার করে দীর্ঘদিন ধরে বাংলাদেশে যোগাযোগ রক্ষা করে আসছিলেন। প্রসিকিউশন থেকে জানা যায়, সাবেক সেনা কর্মকর্তা মাসুদ উদ্দিন চৌধুরী ও তার ব্যক্তিগত সহকারীর সঙ্গে 'ঝন্ডু' ছদ্মনামে মোজাফফরের গত ১৬ বছর ধরে একাধিকবার গোপন কথোপকথন হয়েছে। এমনকি গত জুলাই-আগস্ট অভ্যুত্থানের সময় যখন সারাদেশে মানবতাবিরোধী অপরাধ সংঘটিত হচ্ছিল, তখনও তাদের মধ্যে নিয়মিত যোগাযোগ ছিল। এই অপরাধমূলক যোগাযোগ ও ঘটনার পেছনের তথ্য উদ্‌ঘাটনে মোজাফফর হোসেন এবং মাসুদ উদ্দিন চৌধুরী উভয়কেই মুখোমুখি নিয়ে জিজ্ঞাসাবাদ করা হবে বলে ট্রাইব্যুনাল সূত্র নিশ্চিত করেছে। প্রাথমিকভাবে তাকে ট্রাইব্যুনালের মিস কেসে গ্রেফতার দেখানো হবে এবং বিস্তারিত তদন্তসাপেক্ষে পরবর্তীতে সুনির্দিষ্ট কোন কোন মামলায় তার সম্পৃক্ততা রয়েছে, তা নির্ধারণ করা হবে। এদিকে, ব্রিফিংয়ে চিফ প্রসিকিউটর আরও জানান, ট্রাইব্যুনালের আবেদনের পরিপ্রেক্ষিতে ডিজিএফআই-এর 'আইনঘর' বা গোপন আস্তানা, র‍্যাব এবং গোয়েন্দা পুলিশের সংশ্লিষ্ট গোপন বন্দিশালাগুলো সরেজমিনে পরিদর্শনে যাওয়ার সিদ্ধান্ত নিয়েছেন আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল-১ এর তিন বিচারক। অন্যদিকে, জুলাই গণ-অভ্যুত্থান চলাকালে রাজধানীর উত্তরায় মীর মুগ্ধসহ ১১ জন নিহতের ঘটনায় দায়ের হওয়া মামলার অভিযোগ গঠনের ওপর প্রসিকিউশনের শুনানি মঙ্গলবার সম্পন্ন হয়েছে। আদালত জানিয়েছেন, এ মামলায় আসামিপক্ষের পরবর্তী শুনানি অনুষ্ঠিত হবে আগামী বৃহস্পতিবার (২৩ জুলাই)।

(রেডিও টুডে ওয়েব পেজ: ২১.০৭.২০২৬ এলিনা)

## গুম ও বিচার-বহির্ভূত খুনকে প্রশ্রয় দেবে না সরকার : প্রধানমন্ত্রীর তথ্য উপদেষ্টা

সরকার গুম, বিচার বহির্ভূত খুনকে প্রশ্রয় দেবে না বলে জানিয়েছেন প্রধানমন্ত্রীর তথ্য উপদেষ্টা জাহেদ উর রহমান। তিনি বলেছেন, ভুল তথ্য, অপতথ্য ও ফেক ভিডিও ছড়িয়ে দেশের বহু মানুষকে হেয় করা হচ্ছে। এটি রোধ করতে সরকার বদ্ধপরিকর। মঙ্গলবার (২১ জুলাই) সকালে সচিবালয়ে সরকারের বিভিন্ন কার্যক্রমের অগ্রগতি ও সমসাময়িক বিষয় নিয়ে আয়োজিত সাপ্তাহিক প্রেস ব্রিফিংয়ে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এসব কথা বলেন। আইন-শৃঙ্খলা পরিস্থিতি ভালো আছে জানিয়ে ডা. জাহেদ উর রহমান বলেন, দেশের আইন-শৃঙ্খলা পরিস্থিতি দক্ষতার সঙ্গে নিয়ন্ত্রণ করছে স্বরাষ্ট্র মন্ত্রণালয়। সরকারের কাজকর্ম নিয়ে সমালোচনা করলে সমস্যা নেই। কিন্তু আইন লঙ্ঘন করে কোনো কিছু করা যাবে না। অনলাইনে অপতথ্য ও সাইবার বুলিংয়ে জড়িতদের কোনো ছাড় দেওয়া হবে না জানিয়ে তিনি বলেন, অনলাইনে সামাজিক যোগাযোগ মাধ্যমে মিথ্যা, গুজব এবং নারীদের নিয়ে সাইবার বুলিং রোধে আইনজীবীদের নিয়ে একটা প্যানেল গঠন করেছে সরকার। এ প্যানেল নাগরিকদের আইনি সুরক্ষা দেবে। তথ্য উপদেষ্টা জানান, আগামী আগস্ট মাস থেকে প্রবাসী বাংলাদেশিদের জন্য পরীক্ষামূলকভাবে ‘প্রবাসী কার্ড’ কর্মসূচি উদ্বোধন করা হবে। প্রথম পর্যায়ে রাষ্ট্রায়ত্ত জনতা ব্যাংকের মাধ্যমে ডুয়েল-কারেন্সি প্রবাসী ডেবিট কার্ড ইস্যু করা হবে। মাইলস্টোনে বিমান দুর্ঘটনায় ক্ষতিগ্রস্তদের এখনো ক্ষতিপূরণ দিতে না পারাটা সরকারের ব্যর্থতা বলে উল্লেখ করে ডা. জাহেদ উর রহমান জানান, বিষয়টি স্বীকার করে নিচ্ছি। কিন্তু ক্ষতিগ্রস্ত পরিবারগুলো অবশ্যই ক্ষতিপূরণ পাবেন। তিনি আরও জানান, যান চলাচলের সুবিধার্থে বীরশ্রেষ্ঠ হামিদুর রহমানের ভাস্কর্য সরিয়ে নেওয়া হচ্ছে। নতুন জায়গায় নতুন করে এই ভাস্কর্য তৈরি করা হবে।(রেডিও টুডে ওয়েব পেজ: ২১.০৭.২০২৬ এলিনা)

## সব শিক্ষাপ্রতিষ্ঠানে ৫ জরুরি নির্দেশনা দিয়েছে আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় কমিটি

প্রাইম মিনিস্টার্স গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট-২০২৬ উপলক্ষ্যে দেশের সব নিম্নমাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাপ্রতিষ্ঠানের প্রধানকে পাঁচ দফা নির্দেশনা দিয়েছে বাংলাদেশ আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় কমিটি। শিক্ষাপ্রতিষ্ঠানভিত্তিক ছাত্র ও ছাত্রী ফুটবল দল গঠন, নিয়মিত অনুশীলন এবং টুর্নামেন্টের প্রস্তুতি নিশ্চিত করতে এসব নির্দেশনা দেওয়া হয়েছে। সোমবার (২০ জুলাই) আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় কমিটির সভাপতি ও ঢাকা মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক সৈয়দ আক্তারুজ্জামান স্বাক্ষরিত এক চিঠিতে এ নির্দেশনা জারি করা হয়। চিঠিতে বলা হয়েছে, আগামী ৯ আগস্ট চট্টগ্রাম স্টেডিয়ামে প্রধানমন্ত্রী তারেক রহমান ‘প্রাইম মিনিস্টার্স গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট-২০২৬’-এর উদ্বোধন করবেন। চিঠিতে আরও বলা হয়েছে, একই দিন ও একই সময়ে সারা দেশে টুর্নামেন্টের খেলা শুরু হবে। এতে দেশের নিম্নমাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পর্যায়ের সব শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষার্থীরা অংশগ্রহণের সুযোগ পাবে। শিক্ষাপ্রতিষ্ঠান প্রধানদের জন্য দেওয়া পাঁচ নির্দেশনা হলো-

১. শিক্ষার্থীদের মধ্য থেকে যোগ্যতার ভিত্তিতে একটি ছাত্র ও একটি ছাত্রী ফুটবল দল গঠন করতে হবে।

২. অভিজ্ঞ শিক্ষক বা প্রশিক্ষকের তত্ত্বাবধানে নিয়মিত অনুশীলনের ব্যবস্থা করতে হবে।

৩. দক্ষ খেলোয়াড় বাছাই ও শিক্ষার্থীদের খেলাধুলায় আগ্রহ বাড়াতে শ্রেণিভিত্তিক আন্তঃশ্রেণি ফুটবল প্রতিযোগিতার আয়োজন করতে হবে।

৪. খেলাধুলার মাধ্যমে শৃঙ্খলা, নেতৃত্ব, দলগত চেতনা ও সুস্থ জীবনধারা গড়ে তুলতে প্রয়োজনীয় উদ্যোগ নিতে হবে।

৫. টুর্নামেন্ট-সংক্রান্ত পরবর্তী নির্দেশনা অনুসরণ করে প্রয়োজনীয় সব প্রস্তুতি সম্পন্ন করতে হবে।

এ ছাড়া টুর্নামেন্ট সফলভাবে বাস্তবায়নে স্থানীয় প্রশাসন, জনপ্রতিনিধি, ক্রীড়ানুরাগী, রাজনৈতিক ব্যক্তিত্ব ও শিক্ষানুরাগীদের সম্পৃক্ত করে প্রয়োজনীয় সহযোগিতা নিশ্চিত করার আহ্বান জানিয়েছে আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় কমিটি।
(রেডিও টুডে ওয়েব পেজ: ২১.০৭.২০২৬ এলিনা)

## নতুন কুঁড়ি স্পোর্টর্স ২০২৫-২৬; জাতীয় পর্যায়ের প্রতিযোগিতার উদ্বোধন

ব্যাপক উৎসাহ-উদ্দীপনার মধ্যদিয়ে শুরু হয়েছে প্রতিভা অন্বেষণমূলক মেগা ইভেন্ট ‘নতুন কুঁড়ি স্পোর্টর্স ২০২৫-২৬’-এর জাতীয় পর্যায়ের প্রতিযোগিতা। মিরপুরের সৈয়দ নজরুল ইসলাম সুইমিং কমপ্লেক্সে উৎসবমুখর পরিবেশে সাঁতার প্রতিযোগিতার মধ্যদিয়ে আজ আনুষ্ঠানিকভাবে এই জাতীয় পর্বের উদ্বোধন করেন যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী মো. আমিনুল হক। উদ্বোধনী অনুষ্ঠানে যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রীর সঙ্গে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সচিব মো. মাহবুব-উল-আলম। এছাড়াও অতিরিক্ত সচিব আমেনা বেগম, অতিরিক্ত সচিব মাহফুজুল আলম খান ও সুইমিং ফেডারেশনের সাধারণ সম্পাদক সৈয়দ আমিনুল হক দেওয়ান সজল উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে ক্রীড়া প্রতিমন্ত্রী মো. আমিনুল হক বলেন, মাননীয় প্রধানমন্ত্রী তারেক রহমানের সার্বিক নির্দেশনা ও তত্ত্বাবধানে গত ২ মে সিলেট থেকে ‘নতুন কুঁড়ি স্পোর্টর্স’ কার্যক্রমের আনুষ্ঠানিক উদ্বোধন করা হয়েছিল। উপজেলা ও জেলা পর্যায় পেরিয়ে সফলভাবে বিভাগীয় ধাপ শেষ করে এখন জাতীয় পর্যায়ের চূড়ান্ত খেলাগুলো অনুষ্ঠিত হচ্ছে। খেলার মাধ্যমে দল-মত নির্বিশেষে পুরো জাতিকে এক সুতোয় গাঁথা যায় উল্লেখ করে তিনি বলেন, দেশের জার্সিতে মাঠে নামলে সবাই কেবল বাংলাদেশি পরিচয়ে পরিচিত হন। সাম্প্রতিক বিশ্বকাপ ফুটবলের উন্মাদনার কথা স্মরণ করে তিনি জানান, এই উদ্দীপনাকে কাজে লাগিয়ে দেশের ফুটবলসহ অন্যান্য খেলাগুলোকে আরও এগিয়ে নিতে হবে। প্রতিমন্ত্রী জানান,

বর্তমানে ৮টি ইভেন্ট দিয়ে খেলা শুরু হলেও এতে নতুন করে ভলিবল ও টেবিল টেনিস যুক্ত হয়ে মোট ইভেন্টের সংখ্যা দাঁড়াচ্ছে ১০টিতে। প্রথম আসর শেষ হওয়ার আগেই পহেলা জুলাই থেকে দ্বিতীয় আসরের অনলাইন রেজিস্ট্রেশন শুরু হয়েছে। আগামী সেপ্টেম্বর মাসের প্রথম সপ্তাহে নতুন কোনো বিভাগীয় শহর থেকে মাননীয় প্রধানমন্ত্রীর সম্মতি সাপেক্ষে দ্বিতীয় আসরের আনুষ্ঠানিক উদ্বোধন করা হবে। এছাড়া দেশের ৪,৫৮৯টি ইউনিয়ন ও ৫০৩টি উপজেলা পর্যায় থেকে দল গঠন করে এই প্রতিযোগিতা বছরব্যাপী চালু রাখার পরিকল্পনা রয়েছে।
(রেডিও টুডে ওয়েব পেজ:২১.০৭.২০২৬ আসাদ)

## এলএনজি টার্মিনালে 'ত্রুটি', তীব্র গ্যাস সংকটের আশঙ্কা

মহেশখালীর এলএনজি টার্মিনালগুলোতে কারিগরি ত্রুটির কারণে দৈনিক প্রায় ৪৫ কোটি ঘনফুট গ্যাস সরবরাহ কমে গেছে। পরিস্থিতি উন্নতি না হওয়া পর্যন্ত তিতাস গ্যাসের আওতাধীন এলাকার গ্রাহককে গ্যাসের স্বল্পচাপের জটিলতায় ভুগতে হবে। মঙ্গলবার তিতাস গ্যাস ট্রান্সমিসন অ্যান্ড ডিস্ট্রিবিউশন পিএলসির এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। এতে বলা হয়, মহেশখালীতে থাকা এলএনজি টার্মিনালগুলোতে কারিগরি ত্রুটির কারণে আরএলএনজি সরবরাহ প্রায় ৪৫০ এমএমসিএফডি কমেছে। তবে কোন টার্মিনালে কী ধরনের ত্রুটি দেখা দিয়েছে, কখন থেকে সরবরাহ কমেছে এবং পরিস্থিতি স্বাভাবিক হতে কত সময় লাগতে পারে, সে বিষয়ে কিছু জানায়নি তিতাস। বরাবরের মতই গ্রাহকদের সাময়িক অসুবিধার জন্য গৎবাঁধা ভাষায় 'দুঃখ প্রকাশ' করেছে গ্যাস বিতরণকারী এ কোম্পানি। এর আগে, সোমবার আরেক বিজ্ঞপ্তিতে তিতাস জানিয়েছিল, সরবরাহের ঘাটতির কারণে তাদের আওতাধীন বেশ কিছু এলাকায় শিল্প, বাণিজ্যিক, সিএনজি ও আবাসিক গ্রাহকেরা গ্যাসের 'মারাত্মক স্বল্পচাপের' মুখে পড়েছেন। সোমবারের বিজ্ঞপ্তিতে সরবরাহ ঘাটতির কারণ, ক্ষতিগ্রস্ত এলাকার নাম কিংবা পরিস্থিতি স্বাভাবিক হওয়ার সম্ভাব্য সময় জানানো হয়নি। মঙ্গলবারের বিজ্ঞপ্তিতে মহেশখালীর এলএনজি টার্মিনালগুলোর কারিগরি ত্রুটিকে সংকটের কারণ হিসেবে তুলে ধরা হয়েছে। (রেডিও টুডে ওয়েব পেজ:২১.০৭.২০২৬ আসাদ)

## তনু হত্যা মামলায় আরও দুই সন্দেহভাজনের ডিএনএ পরীক্ষার নির্দেশ

দেশজুড়ে আলোচিত সোহাগী জাহান তনু হত্যা মামলার তদন্তে আরও দুই সন্দেহভাজন ব্যক্তির ডিএনএ পরীক্ষা করার নির্দেশ দিয়েছেন আদালত। তাদের একজন সাবেক সেনাসদস্য, অন্যজন বেসামরিক ব্যক্তি। তনুর পোশাক থেকে পাওয়া ডিএনএ প্রোফাইলের সঙ্গে তাদের নমুনা মিলিয়ে দেখতেই এ নির্দেশ দেওয়া হয়েছে। মামলার তদন্তকারী কর্মকর্তা, পুলিশ ব্যুরো অব ইনভেস্টিগেশনের ঢাকা ইউনিটের পরিদর্শক মো. তারিকুল ইসলাম মঙ্গলবার বিকেলে বিষয়টি নিশ্চিত করেন। পিবিআই ও আদালত সূত্রে জানা গেছে, তনুর পরনের জব্দ করা পোশাকের ডিএনএ বিশ্লেষণে একাধিক পুরুষের পূর্ণাঙ্গ ডিএনএ প্রোফাইল পাওয়া যায়। ওই প্রোফাইলের সঙ্গে মিলিয়ে দেখার জন্য দুই সন্দেহভাজনের রক্তের নমুনা সংগ্রহ করে ডিএনএ পরীক্ষা করার আবেদন করে পিবিআই। এর পরিপ্রেক্ষিতে গত ১৬ জুলাই কুমিল্লার সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট মমিনুল হক আবেদনটি মঞ্জুর করেন। মঙ্গলবার বিষয়টি গণমাধ্যমকে জানানো হয়। ডিএনএ পরীক্ষার অনুমতি পাওয়া দুই ব্যক্তি হলেন- কুমিল্লা সেনানিবাসের সাবেক সৈনিক মো. জাহিদুল ইসলাম এবং কুমিল্লার সদর দক্ষিণ উপজেলার বাসিন্দা ফয়সাল আহমেদ ওরফে রাব্বী। তবে রাব্বীকে কী কারণে সন্দেহভাজন হিসেবে বিবেচনা করা হয়েছে, সে বিষয়ে তদন্তের স্বার্থে বিস্তারিত জানাতে অপারগতা প্রকাশ করেছে পিবিআই। আদালতের পরিদর্শক সাদেকুর রহমান বলেন, তনুর পোশাক থেকে পাওয়া ডিএনএর সঙ্গে সন্দেহভাজনদের ডিএনএ মিলিয়ে দেখা গেলে হত্যাকাণ্ডে জড়িত ব্যক্তিদের শনাক্ত করা সম্ভব হতে পারে। এ কারণেই আদালত তাদের ডিএনএ পরীক্ষার অনুমতি দিয়েছেন। (রেডিও টুডে ওয়েব পেজ:২১.০৭.২০২৬ আসাদ)

## নতুন করে নয় জেলায় বন্যার আশঙ্কা দেখা দিয়েছে

আগামী ২৪ থেকে ৪৮ ঘণ্টায় দেশের ৯ জেলায় বন্যার শঙ্কার কথা জানিয়েছে বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র। এ ছাড়াকিছু এলাকার নিম্নাঞ্চল প্লাবিত হতে পারে বলা হয়েছে। মঙ্গলবার বন্যা সতর্কবার্তায় এসব তথ্য জানিয়েছে সংস্থাটি। এতে বলা হয়েছে, আগামী ২৪-৪৮ ঘণ্টায় তিস্তা, ধরলা, দুধকুমার, সুরমা-কুশিয়ারা, সারিগোয়াইন, যাদুকাটা নদীর পানি বিপৎসীমার ওপর দিয়ে প্রবাহিত হতে পারে। এ কারণে লালমনিরহাট, নীলফামারী, রংপুর, গাইবান্ধা, কুড়িগ্রাম, সিলেট ও সুনামগঞ্জ জেলায় বন্যার ঝুঁকি রয়েছে। এ ছাড়া সোমেশ্বরী অববাহিকাভুক্ত নেত্রকোনা এবং আত্রাই অববাহিকাভুক্ত নওগাঁ জেলায় বন্যার শঙ্কা রয়েছে। বন্যা তথ্য কেন্দ্র জানিয়েছে, আগামী ৭২ ঘণ্টায় নিম্নাঞ্চল প্লাবিত হওয়ার ঝুঁকি রয়েছে। সংস্থাটির তথ্য অনুযায়ী, কুড়িগ্রাম, গাইবান্ধা, জামালপুর, বগুড়া, সিরাজগঞ্জ, টাঙ্গাইল, নওগাঁ, নাটোর, সিরাজগঞ্জ, বান্দরবান, কক্সবাজার ও চট্টগ্রাম জেলার নিম্নাঞ্চল প্লাবিত হতে পারে। বন্যা তথ্য কেন্দ্রের পর্যবেক্ষণাধীন স্টেশনসমূহের মধ্যে তিনটি নদীর চারটি স্টেশনের পানি বিপৎসীমার ওপরে রয়েছে। সেগুলো হলো কুশিয়ারা নদী ফেঞ্চুগঞ্জ ও মারকুলি, সুরমা নদী ছাতক ও সোমেশ্বরী নদী কলমাকান্দা স্টেশন। আবহাওয়া সংস্থাসমূহের তথ্য অনুযায়ী, আগামী ৪৮ থেকে ৭২ ঘণ্টায় দেশের অভ্যন্তরে চট্টগ্রাম, খুলনা ও বরিশাল বিভাগে ভারী বৃষ্টিপাতের পূর্বাভাস রয়েছে। (রেডিও টুডে ওয়েব পেজ:২১.০৭.২০২৬ আসাদ)

## শহিদ জিয়ার রাজনীতিক হয়ে ওঠার পেছনে অন্যতম কারিগর ছিলেন যাদু মিয়া : তথ্য ও সম্প্রচার মন্ত্রী

তথ্য ও সম্প্রচার মন্ত্রী জহির উদ্দিন স্বপন বলেছেন, শহিদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানকে সামরিক কর্মকর্তা থেকে জননন্দিত রাজনৈতিক নেতায় রূপান্তর এবং দেশে বাংলাদেশি জাতীয়তাবাদের দর্শনের ভিত্তিমূল গঠনে মশিউর রহমান যাদু মিয়ার রাজনৈতিক অবদান ছিল অনস্বীকার্য। আজ মঙ্গলবার সন্ধ্যায় জাতীয় প্রেস ক্লাবের জহুর হোসেন চৌধুরী মিলনায়তনে মশিউর রহমান যাদু মিয়ার ১০২তম জন্মবার্ষিকী উপলক্ষ্যে এক আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। জননেতা মশিউর রহমান যাদু মিয়া স্মৃতি জাতীয় কমিটি এই আলোচনা সভার আয়োজন করে। রাজনৈতিক পটপরিবর্তনের ধারাবাহিকতা তুলে ধরে তথ্যমন্ত্রী বলেন, ১৯৭৫ পরবর্তী সময়ে দেশে যে রাজনৈতিক শূন্যতা ও সংকট তৈরি হয়েছিল, তখন প্রায় সব রাজনৈতিক ধারাই এক ধরনের কিংকর্তব্যবিমূঢ়তার মুখে পড়েছিল। জমিদারি প্রথা বিলুপ্তির সঙ্গে শের-ই-বাংলার কৃষক প্রজা পার্টি যেমন কার্যকারিতা হারায়, তেমনি স্বাধীনতার পর মুসলিম লীগের রাজনীতিও অপ্রাসঙ্গিক হয়ে পড়ে। জামায়াতে ইসলামীর প্রসঙ্গ টেনে তিনি বলেন, ৭১-এর স্বাধীনতা যুদ্ধে জামায়াতে ইসলামের মতো রাজনৈতিক দল পবিত্র ইসলাম এবং কোরআনের নামে যে সংগঠিত দর্শন এবং ইসলামের সংমিশ্রণ তৈরি করেছিল, স্বাধীনতা যুদ্ধে তাদের যুদ্ধবিরোধী ও দেশবিরোধী ভূমিকার কারণে বাংলাদেশে তারা দীর্ঘদিন নিষিদ্ধ থাকতে বাধ্য ছিল। সেই সময় জাসদের প্রতিক্রিয়াধর্মী উত্থান কিংবা মস্কোপন্থি-চীনপন্থি রাজনীতি যখন দিশেহারা, ঠিক সেই সময়ে সমসাময়িক দুঃশাসনের বিরুদ্ধে সোচ্চার হয়ে ভবিষ্যতের রাজনৈতিক পথরেখা তৈরি করার একক দূরদর্শিতা দেখিয়েছিলেন কেবল যাদু মিয়া। জহির উদ্দিন স্বপন বলেন, শহিদ প্রেসিডেন্ট জিয়াউর রহমানকে বাদ দিয়ে যাদু মিয়ার রাজনৈতিক মূল্যায়ন অসম্পূর্ণ। সামরিক বাহিনীর মনোজগত থেকে একজন সেনা কর্মকর্তাকে অত্যন্ত স্বাভাবিক ও নিখুঁত প্রক্রিয়ার মধ্যদিয়ে রাজনীতিক হিসেবে গড়ে তোলার কঠিন দায়িত্বটি যাদু মিয়াই কাঁধে তুলে নিয়েছিলেন। শহিদ জিয়ার রাজনীতিবিদ হয়ে ওঠা, তার চিন্তা, দর্শন এবং জনপ্রিয় রাজনৈতিক দল হিসেবে বিএনপির প্রতিষ্ঠার নেপথ্যে যাদু মিয়ার অনন্য প্রজ্ঞা কাজ করেছিল। মন্ত্রী আরও বলেন, "যাদু মিয়ার সেই সময়কার দূরদর্শী সিদ্ধান্তের কারণেই বাংলাদেশে জাতীয়তাবাদী রাজনীতির ধারাক্রম রচিত হয়েছে। একইসঙ্গে সেদিন সামরিক কর্মকর্তা থেকে জিয়াউর রহমানকে রাজনৈতিক নেতায় রূপান্তরের সূচনা করেছিলেন বলেই পরবর্তীতে দেশনেত্রী বেগম খালেদা জিয়া ও বর্তমানে প্রধানমন্ত্রী তারেক রহমানের নির্বাচিত সরকার দেশ পরিচালনার পথ পেয়েছে। ভবিষ্যৎ রাজনীতির গতিপথ নির্ধারণে যাদু মিয়ার রাজনৈতিক দর্শন আজও প্রাসঙ্গিক।" বিশিষ্ট ছড়াকার আবু সালেহ-এর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান আলোচক হিসেবে বক্তব্য রাখেন বিশিষ্ট শিক্ষাবিদ ড. মাহবুব উল্লাহ। স্মারক বক্তব্য উপস্থাপন করেন অধ্যাপক ড. ক্যাপ্টেন এম. রেজাউল করিম চৌধুরী। অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন বিএনপির ভাইস চেয়ারম্যান বরকত উল্লাহ বুলু এমপি, বিএনপির ভাইস চেয়ারম্যান শামসুজ্জামান দুদু, সাবেক মন্ত্রী ও জ্যেষ্ঠ সাংবাদিক সৈয়দ দিদার বখত, জ্যেষ্ঠ সাংবাদিক গাজীউল হাসান খান এবং মোস্তফা কামাল মজুমদার। অনুষ্ঠানে ধন্যবাদ জ্ঞাপন করেন রাজনৈতিক বিশ্লেষক রিটা রহমান। বক্তারা মশিউর রহমান যাদু মিয়ার রাজনৈতিক জীবনের নানা দিক তুলে ধরে তার স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করেন।

(রেডিও টুডে ওয়েব পেজ:২১.০৭.২০২৬ আসাদ)

## স্কুলমুখী করতে সাড়ে তিন লাখ শিশুকে স্কুল ড্রেস দেবে সরকার : শিক্ষামন্ত্রী

শিক্ষামন্ত্রী ড. আ ন ম এহছানুল হক মিলন জানিয়েছেন, প্রাথমিক শিক্ষার্থীদের স্কুলমুখী করতে সাড়ে তিন লাখ শিশুকে স্কুল ড্রেস দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে সরকার। একটি পাইলট প্রকল্পের আওতায় এই বিশেষ উদ্যোগ বাস্তবায়ন করা হবে। মঙ্গলবার বিকালে রাজধানীর মিরপুরে প্রাথমিক শিক্ষা সংশ্লিষ্ট কর্মকর্তাদের সঙ্গে মতবিনিময় সভায় তিনি এ কথা বলেন। শিক্ষামন্ত্রী বলেন, দেশের শিক্ষার্থীরা ডিভাইসে আসক্ত হয়ে পড়ছে, খেলাধুলার মাধ্যমে এর সমাধান হতে পারে। সেই সঙ্গে শিক্ষকদেরও ক্লাসে নজরদারি বাড়ানো উচিত। তিনি বলেন, যে-সব শিক্ষক সময়মতো স্কুলে যান না, পাঠদানে মনোযোগ নেই, তাদের বিরুদ্ধে কঠোর প্রশাসনিক ব্যবস্থা নেয়া হবে। এসময় উপজেলা শিক্ষা অফিসারদের স্কুলে মনিটরিং বাড়ানোর নির্দেশ দেন তিনি। এছাড়া আগামী ৯ আগস্ট থেকে সারা দেশে প্রাইম মিনিস্টার্স গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট শুরু হচ্ছে বলেও জানান শিক্ষামন্ত্রী। (রেডিও টুডে ওয়েব পেজ:২১.০৭.২০২৬ আসাদ)

## বিমান ২০৩১ সালের মধ্যে এয়ারবাসের ১০ উড়োজাহাজ কিনবে : বিমান প্রতিমন্ত্রী

সরকারের মিশ্র-বহর কৌশলের অংশ হিসেবে রাষ্ট্রীয় মালিকানাধীন বিমান বাংলাদেশ এয়ারলাইন্স ইউরোপের শীর্ষ উড়োজাহাজ প্রস্তুতকারক প্রতিষ্ঠান জায়ান্ট 'এয়ারবাস' থেকে ১০টি উড়োজাহাজ কিনবে। আজ বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন প্রতিমন্ত্রী এম রশিদুজ্জামান মিল্লাত বিষয়টি নিশ্চিত করেছেন । মিল্লাত বাসস'কে বলেন, "আমরা ৩১ আগস্টের মধ্যে এয়ারবাসের সঙ্গে চুক্তি স্বাক্ষর করব।" তিনি জানান, ২০৩১ সাল থেকে এসব উড়োজাহাজ বিমানের বহরে যুক্ত হতে শুরু করবে বলে আশা করা হচ্ছে। প্রতিমন্ত্রী বলেন, দাম এবং অন্যান্য শর্তাবলীসহ কেনাকাটার বিস্তারিত তথ্য চুক্তি স্বাক্ষরের পর প্রকাশ করা হবে। তিনি জানান, বাংলাদেশের জাতীয় ও বাণিজ্যিক স্বার্থকে সর্বোচ্চ অগ্রাধিকারে রেখেই সরকার এই চুক্তির জন্য আলোচনা চালিয়ে যাচ্ছে। বাংলাদেশের অ্যাভিয়েশন খাতের অন্যতম আলোচিত উড়োজাহাজ সংগ্রহ প্রক্রিয়ায় এই সিদ্ধান্তকে একটি গুরুত্বপূর্ণ মোড় হিসেবে দেখা হচ্ছে। এর কিছুদিন আগেই যুক্তরাষ্ট্রভিত্তিক উড়োজাহাজ প্রস্তুতকারক প্রতিষ্ঠান 'বোয়িং' থেকে ১৪টি উড়োজাহাজ কেনার সিদ্ধান্ত নিয়েছিল বিমান। বোয়িংয়ের চুক্তির আওতায় আনুমানিক ৩.৭ বিলিয়ন ডলার ব্যয়ে আটটি বোয়িং ৭৮৭-১০

ড্রিমলাইনার, দুটি বোয়িং ৭৮৭-৯ ড্রিমলাইনার এবং চারটি বোয়িং ৭৩৭ ম্যাক্স ৮ উড়োজাহাজ অন্তর্ভুক্ত রয়েছে। (রেডিও টুডে ওয়েব পেজ:২১.০৭.২০২৬ আসাদ)

**বিদায়ি অর্থবছরে দেশে সবচেয়ে বেশি রেমিট্যান্স এসেছে সৌদি আরব থেকে**

দেশে বিদায়ি অর্থবছরের ১১ মাসে সবচেয়ে বেশি রেমিট্যান্স এসেছে সৌদি আরব থেকে। এই সময়ে সর্বোচ্চ ৫২৭ কোটি ৯৭ লাখ ডলার এসেছে মধ্যপ্রাচ্যের এই দেশটি থেকে, যা মোট রেমিট্যান্স আয়ের ১৬ শতাংশ। বাংলাদেশ ব্যাংকের হালনাগাদ প্রতিবেদনে দেখা যায়, গত অর্থবছরের ১১ মাসে বিশ্বের বিভিন্ন দেশ থেকে প্রবাসীরা মোট ৩ হাজার ২৭৭ কোটি মার্কিন ডলারের রেমিট্যান্স পাঠিয়েছেন। দেশে পৃথিবীর শীর্ষ পাঁচটি দেশ থেকেই এসেছে ২ হাজার ২৫ কোটি ডলার বা প্রায় ৬২ শতাংশ রেমিট্যান্স। দেশগুলো হচ্ছে সৌদি আরব, যুক্তরাজ্য, সংযুক্ত আরব আমিরাত, মালয়েশিয়া ও যুক্তরাষ্ট্র। মূলত এসব দেশে বিপুলসংখ্যক বাংলাদেশি কর্মী ও প্রবাসী অবস্থান করায় এসব দেশ থেকে প্রবাস আয়ের বড়ো অংশ এসেছে। দ্বিতীয় সর্বোচ্চ রেমিট্যান্স ৪৬৮ কোটি ৫৮ লাখ ডলার এসেছে যুক্তরাজ্য থেকে। সংযুক্ত আরব আমিরাত থেকে ৪২৭ কোটি ৮২ লাখ ডলার, মালয়েশিয়া থেকে এসেছে ৩২২ কোটি এবং যুক্তরাষ্ট্র থেকে ২৭৮ কোটি ৯৬ লাখ ডলার রেমিট্যান্স এসেছে। (রেডিও টুডে ওয়েব পেজ:২১.০৭.২০২৬ আসাদ)

# BBC

**US LAUNCHES FRESH STRIKES ON IRAN, AS TRUMP WARNS OF RETALIATION**

The US military says it launched another round of strikes against Iran to "further degrade" its capabilities to attack ships in the Strait of Hormuz. The strikes - the 10th consecutive night of attacks - come after US President Donald Trump vowed to punish Iran for the deaths of US soldiers. In response, Iran said it struck two oil tankers in the waterway, as well as US military assets in Bahrain, Kuwait and Jordan, state news agency IRNA reported. President Masoud Pezeshkian said Iran was now fighting a "full-scale war" with the US. Trump earlier said Iran had been hit "very hard" the previous night "in honour" of three US soldiers killed recently - two in Jordan and one in Iraq. (BBC News Web Page: 21/07/26, FARUK)

**LEBANESE ARMY TROOPS DEPLOYING IN 'PILOT ZONE' ISRAELI WITHDRAWAL**

Lebanon's army says its troops have begun deploying to a "pilot zone" in the south of the country following the withdrawal of Israeli forces under a US-brokered agreement reached last month. A statement from the army command said units had entered the village of Zawtar al-Gharbiyeh in Nabatieh district on Tuesday morning. On Monday night, Israel's military confirmed the start of the pilot zone plan, which should see Israeli troops pulling out of a small part of the territory occupied during their conflict with Hezbollah as well as the disarmament of the Iran-backed group. It comes ahead of a meeting in Washington between US President Donald Trump and his Lebanese counterpart, Joseph Aoun. Aoun is expected to urge Trump to put pressure on Israel to withdraw from the rest of southern Lebanon and to provide support to the Lebanese army to take full control of areas where Hezbollah hold away. (BBC News Web Page: 21/07/26, FARUK)

**INDIA'S 'COCKROACH' PROTEST CONTINUES A DAY AFTER POLICE CRACKDOWN**

Thousands have gathered again in the Indian capital Delhi a day after a police crackdown on supporters of India's Cockroach Janta Party (CJP), a youth-led movement seeking education reforms and resignation of Education Minister Dharmendra Pradhan. Tens of thousands of young men and women had turned up for Monday's protest and tried to march on parliament, defying a police ban. Central Delhi witnessed overwhelming violence, with at least 60 protesters wounded when police used batons and tear gas on them. Policemen also tore down the stage and makeshift tents at the main protest venue. Police said 118 of their personnel were also injured and 70 protesters have been detained. Police and Prime Minister Narendra Modi's government have not commented on the use of sticks and tear gas against protesters. Opposition parties have condemned the violence.
(BBC News Web Page: 21/07/26, FARUK)

**RUSSIAN WARSHIP CARRIED OUT FIRING EXERCISE OFF PLYMOUTH COAST**

A Russian warship, shadowed by a Royal Navy vessel, carried out a live-fire artillery exercise just 46 miles south of Plymouth on Monday. The Royal Navy monitored the exercise and is continuing to "track the vessel's activity closely", a Ministry of Defence (MoD) spokesperson said. The Russian frigate, Neustrashimy (English: Dauntless), was also being monitored by a French military aircraft which made radio contact with the warship asking it to clarify its intentions, the BBC has been told. The BBC was told that, prior to opening fire, the Russian warship had informed the Royal Navy Offshore Patrol Vessel, HMS Tyne, of its

intention to conduct gunnery activity. The Russian warship requested that HMS Tyne reposition to a safer distance, which it did. The Russian live-fire exercise took place in international waters and lasted for 30 minutes. (BBC News Web Page: 21/07/26, FARUK)

**BBC REVEALS OFFICIAL REPORT INTO DEADLY MILITARY JET CRASH AT SCHOOL IN BANGLADESH**

The BBC has revealed the results of an official report into why a Bangladesh Air Force training plane crashed into a packed school. The investigation say the pilot flew at an angle that could stall the jet's engine, but that there may have been a bird strike just before he changed altitude. It highlights possible gaps in his supervision and training experience. At least 36 people - most of them children - were killed when the aircraft hit Milestone School and College in July 2025. (BBC News Web Page: 21/07/26, FARUK)

**AT LEAST 20 DEAD AND MORE THAN 100 MISSING IN AFGHAN FLOODS**

Flash floods caused by torrential rain in eastern Afghanistan on Monday have killed at least 20 people and left more than 100 missing, the Taliban government said. Parun, the capital of Nuristan province, suffered the brunt of the damage, with the city's mayor among those missing. More than 80 residents have also been wounded. Taliban officials say they expect "severe financial and human losses". Footage posted on social media shows homes, shops and municipal buildings severely destroyed. Afghanistan is among the nations most vulnerable to the extreme impact of climate change and natural disasters, including storms and droughts. It is also one of the poorest nations in the world, having been ravaged by decades of war which culminated in the withdrawal of a US-led coalition and the Taliban retaking control in 2021. The recent flood "completely destroyed the municipality" of Parun, Ashiqullah Safi, who leads local NGO Shpoul, told AFP news agency.
(BBC News Web Page: 21/07/26, FARUK)

**ASEAN DIPLOMATS VOICE 'SERIOUS CONCERN' OVER IRAN WAR AND ENERGY CRISIS**

Southeast Asian nations are "deeply concerned" about the impact of blockades of key maritime trade routes in the Middle East, their top diplomats have said. Foreign Ministers from the Association of Southeast Asian Nations (ASEAN) and their key partners met in the Philippines on Tuesday against a backdrop of instability due to the global impact on trade and energy supplies caused by the US-Israel war on Iran and the closure of the Strait of Hormuz, as well as territorial disputes with Beijing in the South China Sea. Southeast Asian countries have a combined gross domestic product (GDP) of $3.8 trillion but are highly exposed to supply limitations caused by the blockade of the Strait of Hormuz, as they are heavily dependent on Gulf countries for their oil imports. At the ongoing ASEAN summit in Manila, heads of state and top diplomats from the region are seeking to agree on an oil-sharing mechanism to mitigate the impact of the war on Iran.
(BBC News Web Page: 21/07/26, FARUK)

**INDIA TUNNEL COLLAPSE AT A HYDROPOWER PROJECT KILLS 10 AS 17 REMAIN MISSING**

At least 20 people have died and 17 others remain missing after a suspected gas explosion triggered the collapse of a tunnel under construction at a hydropower project in India's northeastern state of Sikkim, officials said. The blast ripped through the tunnel on Monday at Samardung village, near the border with Bhutan and Tibet in the Himalayas, officials said. Multiple workers were carrying out construction projects on the 500-megawatt project for the state-owned National Hydroelectric Power Corporation (NHPC) on the Teesta River. Survivors told authorities they heard a loud explosion before debris came crashing through the tunnel, trapping dozens inside. NHPC said in a statement that a sudden burst of gas suspected to be methane trapped or embedded in rocks in the tunnel caused the blast.
(BBC News Web Page: 21/07/26, FARUK)

**:: THE END ::**